পারস্য উপসাগর (উপরেরটি পাম দ্বীপ)

সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে পারস্য উপসাগরের বুকে পাম গাছ আকৃতির তিনটি দ্বীপ (পাম জুমেইরা, পাম জেবেল আলী এবং পাম দেইরা) তৈরি করেছে। দ্বীপ তিনটি একত্রে পাম আইল্যান্ড নামে পরিচিত।

## MCQ Solution

১. কোনটি পারস্য উপসাগরীয় রাষ্ট্র? [illegible]
ক) সৌদি আরব খ) তুরস্ক
গ) জর্ডান ঘ) ইসরায়েল উত্তর: ক

২. কুয়েত কোন সাগরের তীরে অবস্থিত? [illegible]
ক) ভূমধ্যসাগর
খ) আরব মহাসাগর
গ) পারস্য উপসাগর
ঘ) আরব সাগর উত্তর: গ

৩. 'বন্দর আব্বাস' কোন দেশের সমুদ্র বন্দর? [illegible]
ক) মিশর খ) ইরান
গ) জর্ডান ঘ) ইরাক উত্তর: খ

৪. আবাদান বন্দর কোন দেশে? [illegible]
ক) ইরাকে খ) ইরানে
গ) কুয়েতে ঘ) ফিলিস্তিনে উত্তর: খ

৫. Palm Island কোথায় তৈরি করা হয়েছে? [illegible]
ক) দুবাই খ) নিউইয়র্ক
গ) সিঙ্গাপুর ঘ) মুম্বাই উত্তর: ক

## হরমুজ প্রণালি ও বাব এল মান্দেব প্রণালি







| প্রণালি | সংযুক্ত করেছে | পৃথক করেছে |
|---|---|---|
| হরমুজ | পারস্য উপসাগর + ওমান উপসাগর | সংযুক্ত আরব আমিরাত - ইরান |
| বাব-এল-মানদেব [আরবি শব্দ] | এডেন উপসাগর / আরব সাগর + লোহিত সাগর | এশিয়া (ইয়েমেন) - আফ্রিকা (জিবুতি ও ইরিত্রিয়া) |

পারস্য উপসাগরের আবু মুসা দ্বীপ নিয়ে ইরান ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে বিরোধ রয়েছে।

Scanned with CamScanner






বঙ্গোপসাগরের তীরবর্তী রাষ্ট্রসমূহ বাংলাদেশ, ভারত, মিয়ানমার, শ্রীলঙ্কা এবং ইন্দোনেশিয়া।

**বঙ্গোপসাগর** (Bay of Bengal) ভারত মহাসাগরের উত্তর দিকের প্রশস্ত অংশবিশেষ। এটি পৃথিবীর বৃহত্তম উপসাগর (Bay)। আয়তন বাইশ লক্ষ বর্গ কিলোমিটার। গড় গভীরতা ২,৬০০ মিটার বা ৮৫০০ ফুট। বঙ্গোপসাগরের একটি গভীর গিরিখাত (Canyon) গঙ্গাখাত (Swatch of no ground)। বঙ্গপাখা (Bengal Fan) বঙ্গোপসাগরের তলদেশে অবস্থিত বিশ্বের দীর্ঘতম অবসামুদ্রিক উপবদ্বীপ। বঙ্গোপসাগরে ৯০° পূর্ব দ্রাঘিমা রেখার সমান্তরালে একটি নিমজ্জিত পর্বতশ্রেণি Ninety East Ridge।

## MCQ Solution

১. **The waterway separating India and Sri Lanka is -** [Dhaka Bank MTO: 03]

*Or,*

**কোন প্রণালি ভারত ও শ্রীলংকাকে পৃথক করেছে?** [বাউবি বিএড : ২৩]

ⓚ হরমুজ প্রণালি ⓚ পক প্রণালি
ⓖ জিব্রাল্টার প্রণালি ⓖ মালাক্কা প্রণালি **উত্তর: খ**

২. **পক প্রণালি কোন কোন দেশের মধ্যে অবস্থিত?** [BPSC (পুলিশ হাসপাতাল) এর সিনিয়র স্টাফ নার্স : ২৪]

ⓚ ভারত ও পাকিস্তান ⓚ ভারত ও বাংলাদেশ
ⓖ নেপাল ও বাংলাদেশ ⓖ ভারত ও শ্রীলঙ্কা **উত্তর: ঘ**

৩. **পক প্রণালি সংযুক্ত করেছে?** [রাবি (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান): ০৭-০৮]

ⓚ আটলান্টিক ভূমধ্যসাগর
ⓚ বঙ্গোপসাগর - জাভা সাগর
ⓖ ভারত মহাসাগর-জাভা সাগর
ⓖ ভারত মহাসাগর-আরব সাগর **উত্তর: ঘ**

৪. **মান্নার দ্বীপ কোথায় অবস্থিত?** [ইবি (বি ইউনিট): ১১-১২]

ⓚ ফিলিপাইনে ⓚ শ্রীলঙ্কায়
ⓖ অস্ট্রেলিয়ায় ⓖ ইন্দোনেশিয়ায় **উত্তর: খ**

৫. **বঙ্গোপসাগর হলো বিশ্বের বৃহত্তম –** [BADC উপসহকারী প্রকৌশলী: ২২]

ⓚ মহাসাগর ⓚ সাগর
ⓖ উপসাগর ⓖ কোনোটিই নয় **উত্তর: গ**

৬. **বঙ্গোপসাগর গড় গভীরতা কত ফুট?** [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪]

ⓚ ২,৬০০ ⓚ ৮,৫০০
ⓖ ৩,৬৭০ ⓖ ৫,৫৩০ **উত্তর: খ**

৭. **'সোয়াচ অব নো গ্রাউন্ড' (Swatch of no ground) কী?** [৪৩তম বিসিএস]

ⓚ একটি দেশের নাম ⓚ সাবমেরিন ক্যানিয়ন
ⓖ ম্যানগ্রোভ বন ⓖ একটি দ্বীপ **উত্তর: খ**

৮. **সোয়াচ অব নো গ্রাউন্ড বলতে কী বুঝায়?** [১৭তম বিসিএস]

ⓚ একটি খেলার মাঠ ⓚ একটি প্লাবন ভূমির নাম
ⓖ বঙ্গোপসাগরের একটি খাদের নাম
ⓖ বঙ্গোপসাগরের একটি দ্বীপের নাম **উত্তর: গ**

Scanned with CamScanner

৯. **'সোয়াচ অব নো গ্রাউন্ড' কোথায় অবস্থিত?** [৩৫তম বিসিএস]
ⓚ যমুনা নদীতে ⓑ মেঘনার মোহনায়
ⓖ বঙ্গোপসাগরে ⓓ সন্দ্বীপ চ্যানেল **উত্তর: গ**

১০. **বেঙ্গল ফ্যান কি?** [বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ মন্ত্রণালয়ে কম্পিউটার অপারেটর : ২৩]
**উত্তর:** বঙ্গোপসাগরের তলদেশে অবস্থিত বিশ্বের দীর্ঘতম অবসামুদ্রিক উপবদ্বীপ।

১১. **'বেঙ্গল ফ্যান' ভূমিরূপটি কোথায় অবস্থিত?** [৪১তম বিসিএস]
ⓚ মধুপুর গড়ে ⓑ টারশিয়ারি পাহাড়ে
ⓖ হাওর অঞ্চলে ⓓ বঙ্গোপসাগরে **উত্তর: ঘ**

১২. **'Ninety East Ridge' বাংলাদেশের কোন অংশের সাথে সম্পর্কিত?** [সিজিএ - এর জুনিয়র অডিটর: ২২]
ⓚ মধুপুর-বরেন্দ্র অঞ্চল ⓑ জয়ন্তিকা পাহাড়
ⓖ বঙ্গোপসাগর ⓓ তিন বিঘা করিডোর **উত্তর: গ**

১৩. **আকিয়াব সমুদ্র বন্দর কোথায়?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার: ০০]
ⓚ আলজেরিয়ায় ⓑ বার্মায়
ⓖ ভারতে ⓓ সুদানে **উত্তর: খ**

## আন্দামান সাগর




আন্দামান সাগরের তীরবর্তী রাষ্ট্রসমূহ: মিয়ানমার, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ (ভারত)

## মালাক্কা ও সুন্দা প্রণালি




| প্রণালি | সংযুক্ত করেছে | পৃথক করেছে |
|---|---|---|
| মালাক্কা | আন্দামান সাগর (ভারত মহাসাগরের অংশ) ও দক্ষিণ চীন সাগর (প্রশান্ত মহাসাগরের অংশ) | ইন্দোনেশিয়া (সুমাত্রা) ও মালয়েশিয়া |
| সুন্দা | জাভা সাগর + ভারত মহাসাগর | সুমাত্রা - জাভা |

Scanned with CamScanner

## MCQ Solution

১. Which country has a shoreline on the Andaman seas?/ আন্দামান সাগরের উপকূলবর্তী রাষ্ট্র কোনটি? [Eastern Bank Officer: 15]

ⓐ Tango ⓑ Tibet
ⓒ Thailand ⓓ Tasmania **Ans. c**

২. The Sunda Strait connects- [JU (F Unit): 18-19]

ⓐ Mediterranean Sea
ⓑ Java sea & Indian ocean
ⓒ Adriatic Sea & Ionian Sea
ⓓ Gulf of Mexico & Caribbean Sea **Ans. b**

৩. মালয়েশিয়া ও সুমাত্রাকে পৃথক করেছে কোন প্রণালি?

ⓚ পক প্রণালি ⓛ জিব্রাল্টার প্রণালি
ⓖ মালাক্কা প্রণালি ⓘ ডোভার প্রণালি **উত্তর: গ**

৪. মালাক্কা প্রণালির অবস্থান-

ⓚ পশ্চিম এশিয়ায় ⓛ দক্ষিণ এশিয়ায়
ⓖ পূর্ব এশিয়ায় ⓘ দক্ষিণ-পূর্ব এশিয়ায় **উত্তর: ঘ**

৫. Malacca Strait কোথায় অবস্থিত?

ⓚ ভারত মহাসাগর ⓛ প্রশান্ত মহাসাগর
ⓖ আটলান্টিক মহাসাগর ⓘ কোনোটিই নয় **উত্তর: ক**

৬. কোন প্রণালি ভারত মহাসাগরকে দক্ষিণ চীন সাগরের সাথে সংযুক্ত করেছে?

ⓚ বেরিং ⓛ পক
ⓖ সুশিমা ⓘ মালাক্কা **উত্তর: ঘ**

৭. বঙ্গোপসাগর ও জাভা সাগরকে সংযুক্ত করেছে-

ⓚ বেরিং প্রণালি ⓛ সুন্দা প্রণালি
ⓖ মালাক্কা প্রণালি ⓘ মেসিনা প্রণালি **উত্তর: খ**

৮. সুমাত্রা দ্বীপ কোন মহাসাগরে অবস্থিত?
**উত্তর: ভারত মহাসাগর।**

৯. 'স্যানকাকু দ্বীপ' কোন সাগরে অবস্থিত?

ⓚ দক্ষিণ চীন সাগর ⓛ জাভা সাগর
ⓖ জাপান সাগর ⓘ পূর্ব চীন সাগর **উত্তর: ঘ**

১০. 'পেনাং' কোন দেশের সমুদ্র বন্দর?

ⓚ মিয়ানমার ⓛ মালয়েশিয়া
ⓖ থাইল্যান্ড ⓘ ইন্দোনেশিয়া **উত্তর: খ**

### বেরিং প্রণালি




| প্রণালি | সংযুক্ত করেছে | পৃথক করেছে |
|---|---|---|
| বেরিং | বেরিং সাগর + উত্তর মহাসাগর | যুক্তরাষ্ট্র (আলাস্কা) - রাশিয়া |
| | | উত্তর আমেরিকা - এশিয়া |

## MCQ Solution

১. 'বেরিং প্রণালি' কোন দুটো মহাদেশকে পৃথক করেছে? [১১তম বিসিএস/ IBBL এর ফিল্ড অফিসার : ২৪]
ⓚ আফ্রিকা ও ইউরোপ
ⓚ এশিয়া ও ইউরোপ
ⓖ উত্তর আমেরিকা ও এশিয়া
ⓖ আফ্রিকা ও দক্ষিণ আমেরিকা
উত্তর: গ

২. The American state that is nearest to Russia is- [Petrobangla Assistant Manager : 24]
ⓐ Washington ⓑ Hawaii
ⓒ Alaska ⓓ New York
Ans. c

৩. এর মধ্যে কোন দেশ যুক্তরাষ্ট্রের সব থেকে কাছে? [শ্রম অধিদপ্তরে শ্রম কর্মকর্তা: ০৩]
ⓚ গ্রিনল্যান্ড ⓚ রাশিয়া
ⓖ গুয়েতেমালা ⓖ ভেনিজুয়েলা
উত্তর: খ

৪. Which country is there between Russia and Canada? [EXIM Bank Officer: 09]
ⓐ Greenland ⓑ Iceland
ⓒ USA ⓓ Japan
Ans. c

৫. 'ভ্যাঙ্কুভার' কোন দেশের সমুদ্র বন্দর? [স্বরাষ্ট্র মন্ত্রণালয় কারা তত্ত্বাবধায়ক:০৫]
ⓚ জার্মানি ⓚ কানাডা
ⓖ স্পেন ⓖ রাশিয়া
উত্তর: খ

## হ্রদ (Lake/Inland Sea)




কাস্পিয়ান সাগর লবণাক্ত পানির হ্রদ। আয়তনে এটি বিশ্বের বৃহত্তম হ্রদ। এশিয়া ও ইউরোপের মাঝে অবস্থিত। কাস্পিয়ান সাগরের তীরবর্তী রাষ্ট্রসমূহ আজারবাইজান, রাশিয়া, কাজাখস্তান, তুর্কিমেনিস্তান, ইরান।




গ্রেট লেকস হলো- সুপিরিয়র, হুরন, মিসিগান, অন্টারিও এবং ইরি। যুক্তরাষ্ট্র ও কানাডায় অবস্থিত এই ৫টি লেকসকে একত্রে গ্রেট লেকস বলে। সুপিরিয়র বিশ্বের বৃহত্তম সুপেয় পানির হ্রদ।

Scanned with CamScanner




মৃত সাগর (Dead sea)

মৃত সাগর (Dead Sea) জর্ডান-ইসরায়েল সীমান্তে অবস্থিত। সমুদ্র পৃষ্ঠ থেকে ৪২০ মিটার নিচে এটি পৃথিবীর নিম্নতম স্থলভূমি। লবণাক্ততার মাত্রা অত্যধিক হওয়ায় একে 'লবণ সাগর'ও বলা হয়। এই সমুদ্রে সব দ্রব্য ভেসে থাকে - মানুষ অনায়াসে গা ভাসিয়ে থাকতে পারে।

বৈকাল বিশ্বের গভীরতম হ্রদ। হ্রদটি রাশিয়ায় (সাইবেরিয়া) অবস্থিত।

টিটিকাকা দক্ষিণ আমেরিকা মহাদেশের বৃহত্তম হ্রদ। এটি পেরু-বলিভিয়া সীমান্তে অবস্থিত।

লেক জেনেভা সুইজারল্যান্ড এবং ফ্রান্সের বিভাজন রেখা হিসেবে চিহ্নিত।

## MCQ Solution

১. **Which of the following is the largest lake in the world?** [SBL Trainee Asst. Officer: 13]

*Or,*

**বিশ্বের বৃহত্তম হ্রদ কোনটি?** [PGCB এর জুনিয়র হিসাব সহকারী: ২৪]

ⓚ কাস্পিয়ান সাগর ⓚ সুপিরিয়ার হ্রদ
ⓖ ভিক্টোরিয়া হ্রদ ⓖ বৈকাল হ্রদ **উত্তর: ক**

২. **Which of the following is an inland sea?/ নিচের কোনটি ভূ-বেষ্টিত সাগর?** [SBL Trainee Asst. Officer: 16]

ⓐ Caribbean Sea ⓑ Caspian Sea
ⓒ Red Sea ⓓ Yellow Sea **Ans. b**

৩. **পৃথিবীর বৃহত্তম লবণাক্ত হ্রদের নাম কী?** [হাবি (জি ইউনিট): ১১-১২]

ⓚ কাস্পিয়ান ⓚ বৈকাল
ⓖ পীত সাগর ⓖ মান্নার উপসাগর **উত্তর: ক**

৪. **পৃথিবীর বৃহত্তম হ্রদ 'কাস্পিয়ান সাগর' কোন মহাদেশে অবস্থিত?** [BEZA'র হিসাব সহকারী : ২৪]

ⓚ আফ্রিকা ⓚ উত্তর আমেরিকা
ⓖ এশিয়া ⓖ অস্ট্রেলিয়া **উত্তর: গ**

৫. **সুপিরিয়র, মিসিগান, হুরন, ইরি, অন্টারিও - এই পাঁচটি হ্রদকে একত্রে কি বলে?** [থানা সমাজসেবা অফিসার: ৯৯]

ⓚ ফাইভ লেকস ⓚ গ্রেট লেকস
ⓖ স্লাভ লেকস ⓖ ইউনিপেগ **উত্তর: খ**

৬. **Which is the deepest lake in the world?** [Security Printing Press Assistant Director : 23]

*Or,*

**পৃথিবীর গভীরতম হ্রদ কোনটি?** [BCIC সহকারী প্রশাসনিক কর্মকর্তা : ২৫/ BEPZA উপ-সহকারী প্রকৌশলী: ২৪]

ⓚ কাস্পিয়ান ⓚ বৈকাল
ⓖ মানস সরোবর ⓖ ডেড সী **উত্তর: খ**

৭. **'ডেড সী' (Dead Sea) কী? -** [জাতীয় নিরাপত্তা সংস্থার সহকারী পরিচালক (গবেষণা কর্মকর্তা): ২১]

ⓚ একটি নদী ⓚ একটি সাগর
ⓖ একটি হ্রদ ⓖ মৃত সাগর **উত্তর: গ**

৮. **'মৃত সাগর' অবস্থিত যে দেশে -** [ঢাবি (ঘ ইউনিট): ১৪-১৫]

ⓚ ইরান ⓚ জর্ডান
ⓖ সিরিয়া ⓖ ইসরায়েল **উত্তর: খ,ঘ**

৯. **Dead Sea কোথায় অবস্থিত?** [রপ্তানি উন্নয়ন ব্যুরো নির্বাহী সহকারী: ২৩]

ⓚ Egypt এবং Jordan এর মধ্যে
ⓚ Israil এবং Jordan এর মধ্যে
ⓖ Iraq এবং Jordan এর মধ্যে
ⓖ Iraq এবং Turkey এর মধ্যে **উত্তর: খ**

১০. **Which of the following sea is also called Salt Sea?/ কোন সাগরকে 'লবণ সাগর' বলা হয়?** [Trust Bank Ltd. Asst. Executive Officer : 10]

ⓐ Persian Gulf
ⓑ Bay of Bengal
ⓒ Caspian Sea
ⓓ Dead Sea **Ans. d**

১১. **পৃথিবীর কোন সাগরে মানুষ অনায়াসে গা ভাসিয়ে থাকতে পারে?** [সরকারী মাধ্যমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক: ৯৭]

ⓚ বাল্টিক ⓚ লোহিত
ⓖ মৃত ⓖ আড্রিয়াটিক **উত্তর: গ**

১২. **টিটিকাকা কি?** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (অফিসার) : ১৫]

ⓚ পাখি ⓚ গাছ
ⓖ শহর ⓖ হ্রদ **উত্তর: ঘ**

১৩. **Which two countries share the location of the European lake "Lake Geneva"?** [Uttara Bank PLC Probationary Officer : 24]

ⓐ Switzerland and Germany
ⓑ Switzerland and Italy
ⓒ Switzerland and France
ⓓ Switzerland and Austria **Ans. c**

Scanned with CamScanner

# নদনদী

যে নদী সবচেয়ে বেশিপথ অতিক্রম করে, সে দীর্ঘতম নদী (Longest river)। পৃথিবীর দীর্ঘতম নদী নীল নদ। বৃহত্তম নদী (Largest river) বিচার করা হয় যে নদীতে প্রতি সেকেন্ডে সবচেয়ে বেশি পরিমাণ পানি প্রবাহিত হয় তাকে। পৃথিবীর বৃহত্তম নদী হচ্ছে আমাজন (২০৯০০০ ঘনমিটার পানি প্রতি সেকেন্ডে প্রবাহিত হয়)।

## নীল নদ (Nile)

নীল নদ এর দৈর্ঘ্য ৬৬৯০ কি.মি.। এটি আফ্রিকার লেক ভিক্টোরিয়া থেকে উৎপত্তি লাভ করে ১১টি দেশ (রুয়ান্ডা, বুরুন্ডি, উগান্ডা, তাঞ্জানিয়া, কেনিয়া, গণতান্ত্রিক কঙ্গো, ইথিওপিয়া, ইরিত্রিয়া, দক্ষিণ সুদান, সুদান এবং মিশর) এর মধ্যে দিয়ে দক্ষিণ থেকে উত্তর দিকে প্রবাহিত হয়ে ভূমধ্যসাগরে পতিত হয়েছে। ভিক্টোরিয়া হ্রদ কেনিয়া-তাঞ্জানিয়া-উগান্ডা ত্রিদেশীয় সীমান্তে অবস্থিত আফ্রিকা মহাদেশের বৃহত্তম হ্রদ। বন্যা নিয়ন্ত্রণ এবং খরার মৌসুমে সেচ সুবিধা বাড়াতে মিশরে নীল নদের ওপর নির্মিত হয়েছে 'আসওয়ান বাঁধ'।




## আমাজন নদী (Amazon River)

আমাজন বিশ্বের প্রশস্ততম নদী। বিশ্বের দ্বিতীয় দীর্ঘতম নদী। আমাজন নদী আন্দিজ পর্বতমালা থেকে উৎপন্ন হয়ে ৬৩৮৭ কি.মি. পাড়ি দিয়ে দক্ষিণ আমেরিকার ৬টি দেশ (পেরু, বলিভিয়া, ভেনিজুয়েলা, কলম্বিয়া, ইকুয়েডর এবং ব্রাজিল) বিধৌত হয়ে আটলান্টিক মহাসাগরে গিয়ে পড়েছে। মজার বিষয়, আমাজন নদীতে কোনো সেতু নেই।



## ইয়াংসিকিয়াং (Yangtze)
ইয়াংসিকিয়াং এশিয়ার দীর্ঘতম নদী। দৈর্ঘ্য ৬৩৮০ কিমি। এটি চীনের তিব্বতের মালভূমি থেকে উৎপন্ন হয়ে পূর্ব চীন সাগরে পতিত হয়েছে।

## মিসিসিপি - মিসৌরি (Mississippi - Missouri)
মিসিসিপি-মিসৌরি যুক্তরাষ্ট্র তথা উত্তর আমেরিকার দীর্ঘতম নদী। মিসিসিপির প্রধান উপনদী মিসৌরি। মিসিসিপি-মিসৌরির একত্রে দৈর্ঘ্য ৬২৭৫ কি.মি. (মতান্তরে ৮০৯৫ কি.মি.)। মিসৌরি-মিসিসিপির সাথে যুক্তরাষ্ট্রের সেন্ট লুইসে মিলিত হয়েছে। যুক্তরাষ্ট্রের নিউ অরলিন্স, মেম্ফিস প্রভৃতি গুরুত্বপূর্ণ শহর মিসিসিপি নদীর তীরে অবস্থিত।

*বিশ্বের প্রধান শহর যে নদীর তীরে অবস্থিত*

| শহর | নদী |
|---|---|
| নিউইয়র্ক | হাডসন |
| কুইবেক | সেন্ট লরেন্স |
| লন্ডন | টেমস |
| বার্লিন | স্প্রি |
| প্যারিস | সিন |
| রোম | টিবের |
| ওয়ারস | ভিশ্চুলা |
| মস্কো | মস্কোভা |
| কায়রো | নীলনদ |
| দিল্লি | যমুনা |
| ইয়াঙ্গুন | ইরাবতি |
| টোকিও | সুমিদা |

## হোয়াংহো (Yellow River)
হোয়াংহো এশিয়ার দ্বিতীয় দীর্ঘতম নদী। এর অন্য নাম পীত বা হলুদ নদী। এটি কুনলুন পর্বত থেকে উৎপন্ন হয়ে বোহাই সাগরে পতিত হয়েছে। প্রাচীন চীনে প্রায় হোয়াংহো নদী ছাপিয়ে উঠে সবকিছু বন্যায় ভাসিয়ে দিত বলে এই নদীর নাম ছিল 'চীনের দুঃখ'।

## কঙ্গো নদী (Congo River)
পৃথিবীর গভীরতম নদী। আফ্রিকা মহাদেশের দ্বিতীয় দীর্ঘতম নদী। এটি পূর্বে *জায়ার নদী* নামে পরিচিত ছিল।

## আমুদারিয়া (Amu Darya)
আমুদারিয়া পামীর মালভূমি থেকে উৎপন্ন হয়ে আরল হ্রদে পতিত হয়েছে।

## মারি নদী (Murray River)
মারি অস্ট্রেলিয়ার দীর্ঘতম নদী। এটি অস্ট্রেলীয় আল্পসে উৎপত্তি লাভ করে এনকাউন্টার উপসাগরের কাছে ভারত মহাসাগরে পতিত হয়েছে। মারামবিজি এবং ডালিং মারির দুই প্রধান উপনদী। ডালিং নদীর উৎপত্তিস্থল থেকে মারি নদীর মোহনা পর্যন্ত জলপথের দৈর্ঘ্য ৩৭৫০ কিমি, যা অস্ট্রেলিয়ার দীর্ঘতম জলপথ।

## ভলগা (Volga)
ভলগা ইউরোপের দীর্ঘতম নদী। ভলদাই পাহাড় থেকে উৎপন্ন হয়ে মধ্য রাশিয়ার মধ্য দিয়ে প্রবাহিত হয়ে কাস্পিয়ান সাগরে পতিত হয়েছে।

## টাইগ্রিস (Tigris) ও ইউফ্রেটিস (Euphrates)
টাইগ্রিস (আরবি নাম দাজলা) ও ইউফ্রেটিস (আরবি নাম ফোরাত) উভয় নদী তুরস্কের পর্বতমালায় (আর্মেনিয়ার উচ্চভূমি হতে) উৎপত্তি লাভ করে সিরিয়া এবং ইরাকের ভিতর দিয়ে প্রবাহিত হয়েছে। টাইগ্রিস নদীর দৈর্ঘ্য ১৮৫০ কি.মি. (১১৫০ মাইল)। ইউফ্রেটিস নদীর দৈর্ঘ্য ২৮০০ কিলোমিটার (১৭৪০ মাইল)। দক্ষিণ ইরাকের বসরার নিকট নদী দুইটি পরস্পরের সাথে মিলিত হয়েছে এবং 'শাত-ইল-আরব' নামে পারস্য উপসাগরে পড়েছে। ইরাকের বাগদাদ, মসুল শহর টাইগ্রিস নদীর তীরে অবস্থিত। ইরাকের ফালুজা, কারবালা, কুফা প্রভৃতি নগরী ইউফ্রেটিস নদীর তীরে অবস্থিত।



টাইগ্রিস ও ইউফ্রেটিস নদী

## সিন্ধু নদ (Indus River)
সিন্ধু নদ তিব্বতের মালভূমি থেকে উৎপন্ন হয়ে ভারত ও পাকিস্তানের মধ্য দিয়ে আরব সাগরে পড়েছে। এই নদের নামানুসারে ভারতের নাম 'ইন্ডিয়া' হয়েছে। শতদ্রু (শতলজ), বিপাশা, ইরাবতী (রাভী), চন্দ্রভাগা, বিতস্তা (ঝিলাম) প্রভৃতি সিন্ধুর প্রধান উপনদী। পাকিস্তানের করাচী সিন্ধু নদের তীরে এবং লাহোর নগরী রাভী নদীর তীরে অবস্থিত।

Scanned with CamScanner

## দানিউব (Danube)

দানিউব ইউরোপের দ্বিতীয় দীর্ঘতম নদী। এটি ইউরোপ মহাদেশের অন্যতম প্রধান পরিবহন পথ। ইউরোপের প্রধান নদীগুলোর মধ্যে কেবল দানিউবই পশ্চিম-পূর্বে প্রবাহিত হয়। জার্মানির ব্ল্যাক ফরেস্ট পর্বতশ্রেণি থেকে উৎপত্তি লাভ করে ২৮৫০ কি.মি. পূর্ব দিকে প্রবাহিত হয়ে রুমানিয়ার উপকূলে কৃষ্ণসাগরে পতিত হয়েছে।




দানিয়ুব নদী তীরবর্তী ইউরোপের ৪টি দেশের রাজধানী

## অরেঞ্জ নদী (Orange River)

দক্ষিণ আফ্রিকার দীর্ঘতম নদী। দৈর্ঘ্য ২,৪৩২ কি.মি।

## জর্ডান নদী (Jordan River)

জর্ডান নদী মধ্যপ্রাচ্যের একটি নদী। সিরিয়ার মালভূমি (গোলান মালভূমি) থেকে উৎপন্ন হয়ে মৃত সাগরে (Dead Sea) পতিত হয়েছে। মৃত সাগরের ৯৫% পানি আসে জর্ডান নদী থেকে। জর্ডান নদীর প্রবাহ সিরিয়া, লেবানন, ফিলিস্তিনের পশ্চিম তীর (West Bank), ইসরায়েল এবং জর্ডানসহ ৫টি দেশের ভিতর দিয়ে। খ্রিষ্টান এবং ইহুদী ধর্মাবলম্বীদের কাছে অত্যন্ত পবিত্র এ নদীতে দূষণের মাত্রা আশঙ্কাজনকভাবে বেড়েই চলেছে। জর্ডান নদীতে মাছ হয় না।

**নদীবিহীন দেশ**

বাহামা, বাহরাইন, কমোরোস, কিরিবাতি, কুয়েত, মালদ্বীপ, মাল্টা, মার্শাল দ্বীপপুঞ্জ, মোনাকো, নাউরু, ওমান, কাতার, সৌদি আরব, টুভ্যালু, সংযুক্ত আরব আমিরাত, ভ্যাটিকান সিটি, ইয়েমেন।

## MCQ Solution

১. **পৃথিবীর (তথা আফ্রিকার) দীর্ঘতম নদী (longest river)** -[পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন মাঠ কর্মকর্তা : ২৫]
ⓚ কঙ্গো ⓚ নীলনদ
ⓖ নাইজার ⓖ আমাজান উত্তর: খ

২. **পৃথিবীর বৃহত্তম নদী (largest river) কোনটি?** [কর্মসংস্থান ব্যাংক ডাটা এন্ট্রি অপারেটর: ১৮]
ⓐ Nile ⓑ Mississippi
ⓒ Amazon ⓓ Padma Ans. c

৩. **The river which carries maximum quantity of water into the sea?** [IFIC Bank Ltd Probationary Officer: 11] *Or,*
**বিশ্বের সবচেয়ে বেশি পানি প্রবাহিত হয় কোন নদী দিয়ে?** [চবি (ছ ইউনিট): ০৮-০৯]
ⓐ Amazon ⓑ Nile
ⓒ Ganges ⓓ Indus Ans. a

৪. **নীল নদের উৎপত্তি হয়েছে-** [খুবি (বি ইউনিট): ১৯-২০]
ⓚ ভিক্টোরিয়া হ্রদ ⓚ ককেসাস পর্বতমালা থেকে
ⓖ পামির মালভূমি থেকে ককেসাস পর্বতমালা থেকে
ⓖ ইথিওপিয়া পর্বতমালা থেকে উত্তর: ক

৫. **নীলনদের দৈর্ঘ্য কত?** [সমাজকল্যাণ মন্ত্রণালয় এর অফিস সহকারী : ২৫]
উত্তর : ৬৬৯০ কি.মি।

৬. **পৃথিবীর দীর্ঘতম নদী 'নীলনদ' কয়টি দেশের মধ্যে দিয়ে প্রবাহিত হয়েছে?** [ইউনিয়ন ব্যাংক প্রবেশনারী অফিসার: ২১]
ⓚ ৭টি ⓚ ৮টি
ⓖ ৯টি ⓖ ১১টি উত্তর: ঘ

৭. **নীল নদ কোন মহাদেশ দিয়ে প্রবাহিত?** [কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর সিপাহী: ২২]
ⓚ দক্ষিণ আমেরিকা ⓚ উত্তর আমেরিকা
ⓖ এশিয়া ⓖ আফ্রিকা উত্তর: ঘ

৮. **নীল নদ কোন দু'টি দেশের মধ্য দিয়ে প্রবাহিত?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-জুনিয়র অডিটর: ১৪]
ⓚ মিশর-লিবিয়া ⓚ মিশর-সুদান
ⓖ লিবিয়া-মরক্কো ⓖ মিশর-ঘানা উত্তর: খ

৯. **নীল নদ প্রবাহিত -** [রাবি (ক ইউনিট): ১৩-১৪]
ⓚ উত্তর থেকে দক্ষিণে ⓚ দক্ষিণ থেকে উত্তরে
ⓖ পূর্ব থেকে পশ্চিমে ⓖ পশ্চিম থেকে পূর্বে উত্তর: খ

Scanned with CamScanner

১০. নীলনদ কোন সাগরে পতিত হয়েছে? [জেলা প্রশাসকের কার্যালয়, (পাবনা) এর হিসাব সহকারী : ২৪]
ক লোহিত সাগরে খ ভূমধ্যসাগরে
গ এডেন উপসাগরে ঘ আরবসাগরে উত্তর: খ

১১. আফ্রিকার বৃহত্তম হ্রদ কোনটি? [থানা শিক্ষা অফিসার: ৯৬]
ক তাঙ্গানিয়া খ রুডলফ
গ আলবার্টন ঘ ভিক্টোরিয়া উত্তর: ঘ

১২. নিম্নে উল্লিখিত কোন হ্রদটি তাঞ্জানিয়া ও উগান্ডার মধ্যে আন্তর্জাতিক সীমানা হিসেবে বিবেচিত? [ঢাবি (ঘ ইউনিট): ১০-১১]
ক চাদ খ মালওয়ি
গ ভিক্টোরিয়া ঘ জামবেজি উত্তর: গ

১৩. আসওয়ান বাঁধ অবস্থিত - [ঢাবি (বি ইউনিট): ০৩-০৪]
ক তুরস্কে খ মিশরে
গ ইরানে ঘ পাকিস্তানে উত্তর: খ

১৪. পৃথিবীর দ্বিতীয় দীর্ঘতম নদী-- [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পিডিপি) : ১১]
ক নীল খ মিসিসিপি
গ আমাজন ঘ সেন্ট লরেন্স উত্তর: গ

১৫. পৃথিবীর প্রশস্ততম নদী কোনটি? [মাউশি অধিদপ্তর উচ্চমান সহকারী: ২১]
ক আমাজন খ মেঘনা
গ মিসিসিপি ঘ নীলনদ উত্তর: ক

১৬. আমাজান নদী কোন মহাদেশে অবস্থিত? [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]
ক আফ্রিকা খ উত্তর আমেরিকা
গ দক্ষিণ আমেরিকা ঘ এশিয়া উত্তর: গ

১৭. দক্ষিণ আমেরিকার দীর্ঘতম নদী কোনটি? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ): ০৯]
ক আমাজান খ মারে ডার্লিং
গ নীলনদ ঘ ভলগা উত্তর: ক

১৮. What is the name of the river that does not cross by any bridge? [NRBC Bank PLC Trainee Assistant Officers : 24]
ⓐ Yangtze ⓑ Amazon
ⓒ Nile ⓓ Mwogo Ans. b

১৯. সবচেয়ে বড় নদী 'মিসিসিপি' কোন মহাদেশে অবস্থিত? [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক: ০০]
ক আফ্রিকা খ এশিয়া
গ আমেরিকা ঘ ইউরোপ উত্তর: গ

২০. মিসিসিপি-মিসৌরি নদীর একত্রে দৈর্ঘ্য প্রায়- [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা): ১১]
ক ৯৫০৮ কি.মি. খ ৫০৯৮ কি.মি.
গ ৬০৯৫ কি.মি. ঘ ৮০৯৫ কি.মি. উত্তর: ঘ

২১. Which of the following cities is located on the bank of the Mississippi? [JU (F Unit): 18-19]
ⓐ Ottawa ⓑ Quebec
ⓒ New Orleans ⓓ California Ans. c

২২. এশিয়ার দীর্ঘতম নদী কোনটি? [২০তম বিসিএস]
ক হোয়াংহো খ ইয়াংসিকিয়াং
গ গঙ্গা ঘ সিন্ধু উত্তর: খ

২৩. The longest river in Asia, Yangtze, is located in - [Combined 5 Banks Officer (Cash): 22]
ⓐ China ⓑ India
ⓒ Thailand ⓓ Japan Ans. a

২৪. হোয়াংহো নদী কোথায় অবস্থিত- [ডেন্টাল কলেজ: ০৩-০৪]
ক জাপান খ চীন
গ ভিয়েতনাম ঘ কোরিয়া উত্তর: খ

২৫. হোয়াংহো নদীর উৎপত্তি স্থল কোথায়? [২৮তম বিসিএস]
ক হিমালয় খ কুনলুন পর্বত
গ ব্ল্যাক ফরেস্ট ঘ আল্পস উত্তর: খ

২৬. চীনের দুঃখ বলে পরিচিত- [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় অফিস সহকারী: ২২]
ক মেনাম নদী খ হোয়াংহো নদী
গ ইয়াংসিকিয়াং নদী ঘ মেকং নদী উত্তর: খ

২৭. Which of the following is the deepest river in the world? [Premier Bank Ltd. TJO (Cash): 21]
ⓐ Volga ⓑ Nile
ⓒ Congo ⓓ Amazon Ans. c

২৮. আমুদরিয়া নদীর উৎপত্তিস্থল কোনটি? [থানা শিক্ষা অফিসার: ৯৬]
ক ইউরাল পর্বত খ পামীর মালভূমি
গ হিন্দুকুশ পর্বত ঘ তিয়েনশান পর্বত উত্তর: খ

২৯. 'মারে ডার্লিং' কোন দেশের নদী? [দুর্নীতি দমন ব্যুরো সহকারী পরিদর্শক:০৪]
ক অস্ট্রেলিয়া খ আফ্রিকা
গ ইরান ঘ ইরাক উত্তর: ক

৩০. ইউরোপের দীর্ঘতম নদী - [পানি সম্পদ মন্ত্রণালয়ে অফিস সহায়ক : ২২]
ক দানিয়ুব খ রাইন
গ ভলগা ঘ টেমস উত্তর: গ

৩১. ভলগা নদী কোন দেশে অবস্থিত? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট: ১৫]
ক যুক্তরাষ্ট্র খ চীন
গ রাশিয়া ঘ জার্মানি উত্তর: গ

৩২. 'ভলগা নদী' - কোন সাগরে পতিত হয়েছে? [BPSC এর সিনিয়র স্টাফ নার্স : ২৩]
ক কাস্পিয়ান সাগর খ কৃষ্ণ সাগরে
গ বাল্টিক সাগরে ঘ আরব সাগরে উত্তর: ক

৩৩. টাইগ্রিস নদীর অপর নাম কী? [BREB এর মিটার রিডার: ২৩]
ক নাইল খ দানিয়ুব
গ দজলা ঘ সিন্ধু উত্তর: গ

৩৪. টাইগ্রিস নদী কোথায় অবস্থিত? [রাবি (ভূগোল ও পরিবেশ) : ০৫-০৬]
ক মিশর খ আফগানিস্তান
গ সৌদি আরব ঘ ইরাক উত্তর: ঘ

৩৫. টাইগ্রিস নদী পতিত হয়েছে- [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক: ০৪]
ক পারস্য উপসাগরে খ মেক্সিকো উপসাগর
গ ভারত মহাসাগর ঘ কাস্পিয়ান সাগর উত্তর: ক

Scanned with CamScanner

৩৬. ইউফ্রেটিস নদীর অন্য নাম কী? [BRDB উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ২২]
ⓚ ফোরাত ⓛ নীল নদ
ⓜ দজলা ⓝ টাইগ্রিস উত্তর: ক

৩৭. Basra lies in- [Southeast Bank Ltd. Officer: 09]
ⓐ Japan ⓑ China
ⓒ Iraq ⓓ Iran Ans. c

৩৮. শাত-ইল আরব হলো- [১০ম বিজেএস: ১৬]
ⓚ ইরাবতি ও সালুইন নদীর মিলিত প্রবাহ
ⓛ টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর মিলিত প্রবাহ
ⓜ আমুদরিয়া ও শিরদরিয়া নদীর মিলিত প্রবাহ
ⓝ তারিম নদী ও হেলমন্দ নদীর মিলিত প্রবাহ উত্তর: খ

৩৯. Baghdad stands on the river- [IBBL Assistant Officer: 05]
ⓐ Euphrates ⓑ Shatt al-Arab
ⓒ Nile ⓓ Tigris Ans. d

৪০. The city 'Mosul' is in which country? [Bank Asia Ltd. Trainee Officer: 16]
ⓐ Syria ⓑ Iraq
ⓒ Iran ⓓ Turkey Ans. b

৪১. কারবালা কোথায় অবস্থিত? [IBBL কিউ অফিসার: ২২]
ⓚ ইরাক ⓛ ইরান
ⓜ মিশর ⓝ কাতার উত্তর: ক

৪২. কারবালা কোন নদীর তীরে অবস্থিত? [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪]
ⓚ টাইগ্রিস ⓛ নীলনদ
ⓜ ইউফ্রেটিস ⓝ সিন্ধু উত্তর: গ

৪৩. 'ফালুজা' শহরটি কোন দেশে অবস্থিত? [বাংলাদেশ রেলওয়ে সহকারী প্রকৌশলী (পূর্ব): ২০]
ⓚ ইরান ⓛ সিরিয়া
ⓜ ইরাক ⓝ লিবিয়া উত্তর: গ

৪৪. কুফা কোন নদীর তীরে অবস্থিত? [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ⓚ ইউফ্রেটিস ⓛ টাইগ্রিস
ⓜ গোয়াডাল কুইভার ⓝ ভলগা উত্তর: ক

৪৫. কোন নদীটি সরাসরি আরব সাগরে পতিত হয়েছে? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৬]
ⓚ যমুনা ⓛ সিন্ধু
ⓜ ঝিলাম ⓝ ভাগিরথি উত্তর: খ

৪৬. 'দানিউব' নদী কোন মহাদেশে অবস্থিত? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের রাজনৈতিক কর্মকর্তা: ২২]
ⓚ ইউরোপ ⓛ এশিয়া
ⓜ আফ্রিকা ⓝ অস্ট্রেলিয়া উত্তর: ক

৪৭. ব্ল্যাক ফরেস্ট (Black Forest) কোন দেশে অবস্থিত? [কৃষি ব্যাংক অফিসার (ক্যাশ) এর অফিস সহায়ক: ২৩]
ⓚ জার্মানিতে ⓛ যুক্তরাষ্ট্র
ⓜ ইংল্যান্ড ⓝ আমেরিকা উত্তর: ক

৪৮. কোন নদীর তীরে ৪টি দেশের রাজধানী শহর অবস্থিত? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২১]
ⓚ দানিয়ুব ⓛ আমাজন
ⓜ টেমস ⓝ ভলগা উত্তর: ক

৪৯. The Orange River flows in- [Security Printing Press Assistant Director : 23]
ⓐ Indonesia ⓑ Egypt
ⓒ South Africa ⓓ Mexico Ans. c

৫০. পশ্চিম তীর (West Bank) কোন নদীর পশ্চিম তীরে অবস্থিত? [ঢাবি (ঘ ইউনিট): ০৭-০৮]
ⓚ নীল ⓛ ফোরাত
ⓜ জর্ডান ⓝ সিন্ধু উত্তর: গ

৫১. পৃথিবীর কোন নদীতে মাছ হয় না? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (পুনঃ): ...]
ⓚ আমাজান ⓛ জর্ডান
ⓜ দানিয়ুব ⓝ জাম্বেসী উত্তর: খ

৫২. নিউইয়র্ক কোন নদীর তীরে অবস্থিত? [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ...]
উত্তর : হাডসন।

৫৩. টেমস নদীর তীরে কোন শহর অবস্থিত- [শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (ঢাবি) এ উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ২৩]
ⓚ অটোয়া ⓛ সিডনি
ⓜ প্যারিস ⓝ লন্ডন উত্তর: ঘ

৫৪. রোম শহর কোন নদীর তীরে অবস্থিত? [প্রধানমন্ত্রীর কার্যালয় পার্সোনাল অফিসার: ০৪]
ⓚ টাইবার ⓛ টেমস্
ⓜ ডার্লিং ⓝ দানিয়ুব উত্তর: ক

৫৫. Paris is situated on the bank of the river- [Rajshahi Krishi Unnayan Bank Senior Officer: 14]
ⓐ Volga ⓑ Hudson
ⓒ Amsteel ⓓ Seine Ans. d

৫৬. পোল্যান্ডের রাজধানী ওয়ারস কোন নদীর তীরে অবস্থিত? [শাবিপ্রবি (খ ইউনিট): ০৮-০৯]
ⓚ দানিয়ুব ⓛ রাইন
ⓜ ভিস্টুলা ⓝ নীল উত্তর: গ

৫৭. কায়রো কোন নদীর তীরে অবস্থিত? [NU এর সেকশন অফিসার: ...]
ⓚ টাইগ্রিস ⓛ সিন্ধু
ⓜ নীল ⓝ ইউফ্রেটিস উত্তর: গ

৫৮. ইয়াঙ্গুন কোন নদীর তীরে অবস্থিত? [রেলওয়ে সহকারী ব্যবস্থাপক: ...]
ⓚ চিন্দুইন ⓛ ইরাবতি
ⓜ চাইকিং ⓝ ইয়াং সিকিয়াং উত্তর: খ

৫৯. Delhi is situated on the bank of which river? [Pubali Bank Ltd. Senior Officer/Officer: 11]
ⓐ Padma ⓑ Yamuna
ⓒ Iraboti ⓓ Meghna Ans. b

৬০. যেটি নদীর নাম নয়- [ঢাবি (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ): ০৮-০৯]
ⓚ ডন ⓛ ভলগা
ⓜ দানিয়ুব ⓝ আল্পস উত্তর: ঘ

Scanned with CamScanner

৬১. **নদীবিহীন দেশ কোনটি?** [PGCBL এর উপ-সহকারী প্রকৌশলী : ২৪]
ⓚ ইরাক ⓚ সৌদি আরব
ⓖ সিরিয়া ⓖ মিশর **উত্তর: খ**

৬২. **Hoover Dam is built on which of the following rivers?** [UCBL Probationary Officer: 16]
ⓐ Seine River ⓑ Colorado River
ⓒ Rhine River ⓓ Niger River **Ans. b**
ব্যাখ্যা : Hoover Dam যুক্তরাষ্ট্রের কলোরাডো নদীর উপর নির্মিত।

## খাল (Canal)

| খালের নাম | অবস্থান | দৈর্ঘ্য (কি.মি) | |
|---|---|---|---|
| গ্রান্ড খাল | চীন | ১৭৯৪ | পৃথিবীর প্রাচীনতম এবং দীর্ঘতম কৃত্রিম খাল। |
| সুয়েজ খাল | মিশর | ১৯৩ | |
| কিয়েল খাল | জার্মানি | ৯৮ | |
| পানামা খাল | পানামা | ৭৭ | |

### MCQ Solution

১. **বিশ্বের দীর্ঘতম খালের নাম কী?** [বাউবি বিএড ভর্তি : ২৫]
ⓚ পানামা খাল ⓚ সুয়েজ খাল
ⓖ গ্রান্ড খাল ⓖ ম্যানচেস্টার খাল **উত্তর: গ**

২. **পৃথিবীর বৃহত্তম কৃত্রিম খাল কোনটি?** [ইবি (বি ইউনিট): ১৩-১৪]
ⓚ সুয়েজ খাল ⓚ পানামা খাল
ⓖ বাল্টিক খাল ⓖ গ্রান্ড খাল **উত্তর: ঘ**

৩. **Which is a man made waterway?/কোন পানিপথটি মানুষের দ্বারা নির্মিত?** [Basic Bank Ltd. Officer: 02]
ⓐ Cape of Good Hope ⓑ Strait of Bosphorus
ⓒ Strait of Gibraltar ⓓ Kiel Canal **Ans. d**

৪. **Which one is not a man made waterway?** [Mercantile Bank Ltd. Officer: 04]
ⓐ Suez Canal ⓑ Strait of Gibraltar
ⓒ Kiel Canal ⓓ Panama Canal **Ans. b**

## জলপ্রপাত (Water Falls)

| জলপ্রপাত | অবস্থান | তথ্য কণিকা |
|---|---|---|
| অ্যাঞ্জেলস | ভেনিজুয়েলা | বিশ্বের উচ্চতম জলপ্রপাত। উচ্চতা ৩২১২ ফুট (৯৭৯ মি.) |
| ভিক্টোরিয়া | জিম্বাবুয়ে -জাম্বিয়া | বিশ্বের বৃহত্তম জলপ্রপাত। জাম্বেসি নদী থেকে উৎপত্তি। |
| গুয়ারিয়া | ব্রাজিল - প্যারাগুয়ে | পানি পতনের দিক থেকে বিশ্বের বৃহত্তম জলপ্রপাত। |
| নায়াগ্রা | যুক্তরাষ্ট্র - কানাডা (উত্তর আমেরিকা মহাদেশ) | সেন্ট লরেন্স নদীতে নদীর ক্ষয়কার্যের জন্য সৃষ্টি হয়। |
| বোয়োমা | গণতান্ত্রিক কঙ্গো | জলপ্রপাতের পূর্ব নাম স্ট্যানলি। |
| লিভিংস্টোন | প্রজাতন্ত্র | |
| স্টবাক | সুইজারল্যান্ড | |
| ব্রাউনি | নিউজিল্যান্ড | |

### MCQ Solution

১. **Which one of the following is the highest waterfall in the world?** [Mutual Trust Bank Ltd. MTO: 14] *Or,*
**বিশ্বের সর্বোচ্চ জলপ্রপাত কোনটি?** [PGCBL সহকারী প্রকৌশলী : ২৪]
ⓚ অ্যাঞ্জেল ⓚ জাম্বেসি টুজেলা
ⓖ ভিক্টোরিয়া ⓖ নায়াগ্রা **উত্তর: ক**

২. **বিশ্বের সর্বোচ্চ জলপ্রপাত অ্যাঞ্জেল ফলস্ (world's highest waterfall, the Angel Falls) কোথায় অবস্থিত?** [Dhaka Bank Trainee Officer: 16/ সাব-রেজিস্ট্রার: ০৩]
ⓚ ভেনিজুয়েলা ⓚ যুক্তরাষ্ট্র
ⓖ গায়ানা ⓖ অস্ট্রেলিয়া **উত্তর: ক**

৩. **ভিক্টোরিয়া জলপ্রপাতের উৎপত্তি কোন নদী থেকে?** [তিতাস গ্যাস ট্রান্সমিশন লি. সহকারী ব্যবস্থাপক: ২১]
ⓚ নীল নদ ⓚ জাম্বেসি নদী
ⓖ আমাজন নদী ⓖ সিন্ধু নদ **উত্তর: খ**

৪. **Niagara Falls is located in** [RAKUB Officer: 11]
ⓐ Asia ⓑ North America
ⓒ South America ⓓ Africa **Ans. b**

৫. **নায়াগ্রা জলপ্রপাত কোথায় অবস্থিত?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]
ⓚ যুক্তরাষ্ট্র-কানাডা ⓚ যুক্তরাষ্ট্র-মেক্সিকো
ⓖ কানাডা-অস্ট্রেলিয়া ⓖ যুক্তরাষ্ট্র-ব্রাজিল **উত্তর: ক**

৬. **স্ট্যানলি ও লিভিংস্টোন দুটি –** [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ০৩]
ⓚ বিখ্যাত নদী ⓚ বিখ্যাত জলপ্রপাত
ⓖ বিখ্যাত গিরিপথ ⓖ বিখ্যাত শহর **উত্তর: খ**

৭. **স্টবাক জলপ্রপাত কোথায় অবস্থিত?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক: ০২]
ⓚ ক্যালিফোর্নিয়া ⓚ ভেনিজুয়েলা
ⓖ সুইজারল্যান্ড ⓖ ভারত **উত্তর: গ**

৮. **Browne Falls are situated in -** [Basic Bank Ltd. Assistant Manager: 18]
ⓐ Australia ⓑ New Zealand
ⓒ Canada ⓓ Switzerland **Ans. b**

Scanned with CamScanner

# প্রত্নতাত্ত্বিক যুগবিভাগ
## Archaeological Ages

### প্রত্নতাত্ত্বিক যুগবিভাগ

প্রত্নতাত্ত্বিকরা সভ্যতার ইতিহাসের ধারা, পাথরের নির্মিত সময় সভ্যতাকে কয়েকটি যুগে ভাগ করেছেন। এই যুগগুলোকে বলা হয় প্রত্নতাত্ত্বিক যুগ। যথা- প্রস্তর যুগ, ব্রোঞ্জ যুগ এবং লোহার যুগ।

**প্রস্তর যুগ** (Stone Age): ৩.৩ মিলিয়ন বছর পূর্ব - খ্রিস্টপূর্ব ৪০০০ প্রায় ৩৩ লক্ষ বছর ধরে পাথরের হাতিয়ার তৈরি করে মানুষ প্রয়োজনীয় কাজ করে থেকেছে। তারা এগুলোর সাহায্যে খাবার, গাছ কাটতে পারত, শিকার করতে ও আত্মরক্ষা করতে পারত। এই যুগকে বলা হয় পাথরের যুগ।

ক) প্রাচীন প্রস্তর যুগ (Paleolithic Period): প্রাচীন প্রস্তর যুগের মানুষের সভ্যতার শুরু আবিষ্কার ছিল আগুন।

খ) মধ্য প্রস্তর যুগ (Mesolithic Period)

গ) নব্য প্রস্তর যুগ (Neolithic Period): আনুমানিক দশ হাজার বছর পূর্বে মানুষ প্রথম কৃষির আবিষ্কার করে। এই ঘটনাটিকে ইতিহাসে 'কৃষি বিপ্লব' বলা হয়। এই বিপ্লবের ফলে মানুষ খাদ্য সংগ্রহ ও শিকারের জীবন ত্যাগ করে খাদ্য উৎপাদনের জীবনে প্রবেশ করে। এই বিপ্লবের ফলে মানুষ যাযাবর জীবন ত্যাগ করে স্থায়ীভাবে বসতি গড়ে তোলার সুবিধা লাভ করে।

**ব্রোঞ্জ যুগ** (Bronze Age): খ্রিস্টপূর্ব ৪০০০ - খ্রিস্টপূর্ব ১২০০ তামা আবিষ্কারের পর ধীরে মানুষ আবিষ্কার করে ব্রোঞ্জ। খ্রিস্টপূর্ব ৩৫০০ অব্দে প্রথম ব্রোঞ্জ তৈরি হয়।

**লোহার যুগ** (Iron Age): খ্রিস্টপূর্ব ১২০০ - খ্রিস্টপূর্ব ৫৫০ আধুনিক সভ্যতার ভিত্তি হলো লোহা। প্রথম লোহা আবিষ্কৃত হয় এশিয়া মাইনরে (আনুমানিক খ্রিস্টপূর্ব ১৫০০ অব্দে)।

### MCQ Solution

১. মানব সভ্যতা শুরু হয় কী দিয়ে? [৩৫তম বিসিএস] প্রাথমিক ০৮
ক শিল্প থেকে খ কাপড়ের ব্যবহার থেকে
গ শিকার থেকে ঘ কৃষি থেকে উত্তর: ঘ

২. মানুষ প্রথম কোন ধাতুর ব্যবহার শেখে? [কৃষি ব্যাংক] ০৮
ক লোহা খ সিসা
গ তামা ঘ ব্রোঞ্জ উত্তর: গ

৩. আধুনিক সভ্যতার ভিত্তি কোনটির উপর প্রতিষ্ঠিত?
ক স্বর্ণ খ ব্রোঞ্জ
গ বস্ত্র ঘ লোহা উত্তর: ঘ

৪. প্রথম লোহার তৈরি আবিষ্কৃত হয় কোথায়? [১০]
ক মিশর খ এশিয়া মাইনর
গ ইতালিতে ঘ গ্রিসে উত্তর: খ

### জীবাশ্ম

- পিকিং মানব: ১৯২৯ সালে পিকিংয়ের (আধুনিক বেইজিং) নিকট পাওয়া যায় প্রাগৈতিহাসিক মানুষের মাথার খুলি ও চোয়ালের হাড়।
- জাভা মানব: ১৮৯১ সালে ইন্দোনেশিয়ার অন্তর্গত দ্বীপ জাভায় পাওয়া প্রাগৈতিহাসিক মানুষের মাথার খুলি ও দাঁত আবিষ্কৃত হয়।
- হাইডেলবার্গ মানব: ১৯০৭ সালে জার্মানির হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক প্রাগৈতিহাসিক মানুষের নিচের চোয়ালের হাড় আবিষ্কার করেন।

### MCQ Solution

১. জাভা মানব কোথায় পাওয়া যায়? [প্রাথমিক] ০৯
ক ইন্দোনেশিয়ায় খ জার্মানিতে
গ চীনে ঘ জাপানে উত্তর: ক

২. হাইডেলবার্গ মানব কোথায় পাওয়া যায়? [প্রাথমিক] ০৯
ক ইতালিতে খ জার্মানিতে
গ জাপানে ঘ চীনে উত্তর: খ

৩. The famous fossilized human skeleton discovered in 1974 is called - JU (F Unit) 20-21
ⓐ Liza ⓑ Lucy
ⓒ Cathy ⓓ Ardi Ans. b

৪. প্রায় সম্পূর্ণ অস্ট্রালোপিথেকাস কঙ্কাল ১৯৭৪ সালে বিশ্বের কোন দেশে আবিষ্কৃত হয়? [প্রাথমিক] ০৯
ক কেনিয়া খ উগান্ডা
গ ইথিওপিয়া ঘ তানজানিয়া উত্তর: গ

ব্যাখ্যা: ১৯৭৪ সালে ইথিওপিয়ায় ৩.২ মিলিয়ন বছর পুরনো কঙ্কাল আবিষ্কৃত হয়। কঙ্কালটির নামকরণ করা হয় লুসি (Lucy)।

Scanned with CamScanner

# প্রত্নতাত্ত্বিক যুগবিভাগ
## Archaeological Ages

### প্রত্নতাত্ত্বিক যুগবিভাগ

প্রত্নতাত্ত্বিকরা সাধারণত হাতিয়ারের ধরন, গঠনশৈলীর ভিত্তিতে সমগ্র সময়কালকে কয়েকটি যুগে ভাগ করেন। এই যুগগুলোকে বলা হয় প্রত্নতাত্ত্বিক যুগ। যথা- প্রস্তর যুগ, ব্রোঞ্জ যুগ এবং লোহার যুগ।

**প্রস্তর যুগ (Stone Age) : ৩.৩ মিলিয়ন বছর পূর্ব - খ্রিষ্টপূর্ব ২০০০**
প্রায় ৩৩ লক্ষ বছর আগে সর্বপ্রথম পাথরের হাতিয়ার তৈরি করে মানুষ ছোটোখাটো কাজ করা শেখে। তারা একসঙ্গে দলবদ্ধভাবে থাকত, গুহায় বসবাস করত, শিকার করতে বা ফলমূল সংগ্রহ করতে পারত। এই যুগকে বলা হয় পাথরের যুগ।

ক) প্রাচীন প্রস্তর যুগ (Paleolithic Period) : প্রাচীন প্রস্তর যুগের মানুষের সবচেয়ে বড় আবিষ্কার ছিল আগুন।

খ) মধ্য প্রস্তর যুগ (Mesolithic Period)

গ) নব্য প্রস্তর যুগ (Neolithic Period) : আনুমানিক সাত হাজার বছর পূর্বে মানুষ প্রথম কৃষির আবিষ্কার করে। এই ঘটনাটিকে ইতিহাসে 'কৃষি বিপ্লব' বলা হয়। এই বিপ্লবের মধ্য দিয়ে মানুষ খাদ্য সংগ্রহ ও শিকারের জীবন ত্যাগ করে খাদ্য উৎপাদনের জীবনে প্রবেশ করে। এই বিপ্লবের ফলে মানুষ যাযাবর জীবন ত্যাগ করে স্থায়ীভাবে বসতি গড়ে তোলার সুবিধা লাভ করে।

**ব্রোঞ্জ যুগ (Bronze Age) : খ্রিষ্টপূর্ব ৩০০০ - খ্রিষ্টপূর্ব ১২০০**
তামা আবিষ্কারের পথ ধরে মানুষ আবিষ্কার করে ব্রোঞ্জ। খ্রিষ্টপূর্ব ৩৫০০ অব্দে প্রাচ্যে ব্রোঞ্জ তৈরি হয়।

**লোহার যুগ (Iron Age) : খ্রিষ্টপূর্ব ১২০০ - খ্রিষ্টপূর্ব ৫৫০**
আধুনিক সভ্যতার ভিত্তি হলো লৌহ। প্রথম লোহা আবিষ্কৃত হয় এশিয়া মাইনরে (আনুমানিক খ্রিষ্টপূর্ব ১৫০০ অব্দে)।

### MCQ Solution

১. মানব সভ্যতা শুরু হয় কী দিয়ে? [৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা. ০৮]
ⓚ শিল্প থেকে ⓛ আগুনের ব্যবহার থেকে
ⓖ জঙ্গল থেকে ⓘ কৃষি থেকে **উত্তর: ঘ**

২. মানুষ প্রথম কোন ধাতুর ব্যবহার শেখে? [চবি (২ ইউনিট): ১৫-১৬]
ⓚ লোহা ⓛ পিতল
ⓖ তামা ⓘ ব্রোঞ্জ **উত্তর: গ**

৩. আধুনিক সভ্যতার ভিত্তি কোনটি? [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহ. ১৯]
ⓚ স্বর্ণ ⓛ ব্রোঞ্জ
ⓖ তাম্র ⓘ লৌহ **উত্তর: ঘ**

৪. প্রথম কোথায় লোহা আবিষ্কৃত হয়? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]
ⓚ গ্রিসে ⓛ এশিয়া মাইনরে
ⓖ ইতালিতে ⓘ মিশরে **উত্তর: খ**

### জীবাশ্ম

- পিকিং মানব : ১৯২৯ সালে পিকিংয়ের (আধুনিক বেইজিং) নিকট পাওয়া যায় প্রাগৈতিহাসিক মানুষের মাথার খুলি ও চোয়ালের হাড়।
- জাভা মানব : ১৮৯১ সালে ইন্দোনেশিয়ার অন্তর্গত পূর্ব জাভার সোলো নদীর তীরে প্রাগৈতিহাসিক মানুষের মাথার খুলি ও দাঁত আবিষ্কৃত হয়।
- হেইডেলবার্গ মানব : ১৯০৭ সালে জার্মানির হেইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের জনৈক অধ্যাপক প্রাগৈতিহাসিক মানুষের নিচের চোয়ালের হাড় আবিষ্কার করেন।

### MCQ Solution

১. জাভা মানব কোথায় পাওয়া যায়? [কুবি (মানবিক): ০৮-০৯]
ⓚ ইন্দোনেশিয়ায় ⓛ জার্মানিতে
ⓖ চীনে ⓘ ভারতে **উত্তর: ক**

২. হাইডেলবার্গ মানব কোথায় পাওয়া যায়? [কুবি (বিবিএ): ০৮-০৯]
ⓚ ইতালিতে ⓛ জার্মানিতে
ⓖ ভারতে ⓘ চীনে **উত্তর: খ**

৩. The famous fossilized human skeleton discovered in 1974 is called - [JU (F Unit): 20-21]
ⓐ Liza ⓑ Lucy
ⓒ Cathy ⓓ Ardi **Ans. b**

৪. প্রায় সম্পূর্ণ 'অস্ট্রালোপিথিসিন লুসি'র কংকাল ১৯৭৪ সালে নিচের কোন দেশে আবিষ্কৃত হয়? [মেডিকেল: ০৯-১০]
ⓚ কেনিয়া ⓛ ইরিত্রিয়া
ⓖ ইথিওপিয়া ⓘ তানজানিয়া **উত্তর: গ**

ব্যাখ্যা: ১৯৭৪ সালে ইথিওপিয়ায় ৩.২ মিলিয়ন বছরের পুরোনো কঙ্কাল আবিষ্কৃত হয়। কঙ্কালটির নামকরণ করা হয় লুসি (Lucy)।

Scanned with CamScanner

# সভ্যতার উত্তরণ
# The rise of Civilization

## সভ্যতা (Civilization)

মানুষের অনবরত চেষ্টার ফলে বিজ্ঞান ও কলাকৌশলগত (প্রযুক্তিগত) নতুন নতুন আবিষ্কার ঘটে। সংস্কৃতির এ উন্নতির অবস্থাকে বলে সভ্যতা। ম্যাকাইভার বলেন, "Culture is what we are and Civilization is what we use or have". (আমরা যা তাই হল আমাদের কৃষ্টি বা সংস্কৃতি; আমাদের যা আছে, যাদের আমরা প্রয়োজন সাধনের জন্য ব্যবহার করি, তাই হল আমাদের সভ্যতা)।

## মেসোপটেমীয় সভ্যতা
## The Mesopotamian Civilization

বিশ্বের প্রাচীনতম সভ্যতা মেসোপটেমীয়। 'মেসোপোটেমিয়া' একটি গ্রিক শব্দ যার অর্থ 'দুই নদীর মধ্যবর্তী ভূমি'। মধ্যপ্রাচ্যের টাইগ্রিস (দজলা) ও ইউফ্রেটিস (ফোরাত) নদী দুটির মধ্যবর্তী অঞ্চলে পৃথিবীর কয়েকটি অন্যতম প্রাচীন সভ্যতা গড়ে উঠেছিল। সুমেরীয়, ব্যবিলনীয়, অ্যাসেরীয় ও ক্যালডীয় সভ্যতার সমন্বয়ে বৃহৎ ভৌগোলিক সীমারেখাকে একই নামে চিহ্নিত করতে গিয়ে সভ্যতাটির নাম দেওয়া হয়েছে মেসোপটেমীয় সভ্যতা। দুই নদীর মধ্যবর্তী অববাহিকাই কেবল নয়, আরও বড় অঞ্চলজুড়ে একের পর এক সাম্রাজ্য ও নগর-রাষ্ট্র গড়ে উঠেছিল বর্তমান ইরাক, ইরান, তুরস্ক, সিরিয়া ও কুয়েত রাষ্ট্রগুলোতে প্রাচীন এই সভ্যতার চিহ্ন ছিল। তবে বেশির ভাগ বর্তমানে ইরাকে অবস্থিত।

**ক) সুমেরীয় সভ্যতা :** মেসোপটেমীয় সভ্যতার অগ্রদূত ছিল সুমেরীয় জাতি। এ জাতি মেসোপটেমীয়ার দক্ষিণাংশে এবং পারস্য উপকূল অঞ্চলে ৫০০০ খ্রিষ্টপূর্বাব্দে বসবাস শুরু করে। সুমেরীয়দের আয়ের মূল উৎস ছিল কৃষি। তারাই প্রথম মেসোপটেমিয়া অঞ্চলে খাল খনন, জলাশয় ও বাধ নির্মাণ করে সেচ ব্যবস্থা গড়ে তোলে এবং নিজেদের উন্নতি ঘটিয়ে নগর সভ্যতার উদ্ভব ঘটায়। সভ্যতায় সুমেরীয়দের সবচেয়ে বড় অবদান 'চাকা' (Wheel) আবিষ্কার। জলঘড়ি ও চন্দ্রপঞ্জিকার (Lunar Calendar) আবিষ্কার তাদের গুরুত্বপূর্ণ অবদান। খ্রিষ্টপূর্ব ৩০০০ অব্দে সর্বপ্রথম সুমেরীয়রা কিউনিফর্ম (Cuneiform) নামক লিখন পদ্ধতির আবিষ্কার করেছিলেন। এটি পাঠোদ্ধারকৃত পৃথিবীর সর্বপ্রাচীন লিপি। কিউনিফর্মকে বলা হয় অক্ষরভিত্তিক বর্ণলিপি (Letter Based alphabet)। কিউনিফর্ম লিপিতে লেখা হয় বিখ্যাত মহাকাব্য 'গিলগামেশ' (Gilgamesh)। একে প্রায়শই সবচেয়ে প্রাচীন সাহিত্যকর্ম হিসেবে গণ্য করা হয়।



কিউনিফর্ম

**খ) ব্যাবিলনীয় সভ্যতা:** সিরিয়ার মরুভূমি অঞ্চলের অ্যামোরাইট জাতি আনুমানিক ২০৫০ খ্রিষ্টপূর্বাব্দে মেসোপটেমীয়া অঞ্চলে একটি নগরসভ্যতা গড়ে তোলে। সেমেটিক জাতির বিখ্যাত সম্রাট হাম্মুরাবি পৃথিবীর প্রথম আইনপ্রণেতা হিসেবে বিবেচিত। হাম্মুরাবি লিখিত আইন প্রণয়ন করেন - যা 'হাম্মুরাবি কোড (Code Of Hammurabi)' নামে পরিচিত। ব্যাবিলনের উত্তরের গাথুর শহরের ধ্বংসাবশেষে পৃথিবীর প্রাচীনতম মানচিত্র পাওয়া যায়।

**গ) অ্যাসেরীয় সভ্যতা:** ব্যাবিলন থেকে প্রায় দুইশত মাইল উত্তরে টাইগ্রিস নদীর তীরে 'আশুর' নামে একটি সমৃদ্ধ শহর গড়ে উঠে। ইতিহাসে আসিরীয়ার পরিচয় সামরিক রাষ্ট্র হিসাবে। তারাই প্রথমে লোহার অস্ত্রে সজ্জিত বাহিনী গঠন করে এবং যুদ্ধরথের ব্যবহার করে। আসিরীয়রা প্রথম বৃত্তকে ৩৬০° তে ভাগ করে। পৃথিবীকে সর্বপ্রথম তারা অক্ষাংশ (Latitude) ও দ্রাঘিমাংশে (Longitude) ভাগ করেছিল।

**ঘ) ক্যালডীয় সভ্যতা:** খ্রিষ্টপূর্ব ৬১২ অব্দে অ্যাসেরীয়দের পতন ঘটলে ধ্বংসপ্রাপ্ত ব্যাবিলন শহরকে কেন্দ্র করে ক্যালডীয় বা নব্য ব্যাবলনীয় সভ্যতা গড়ে ওঠে। ক্যালডীয় সভ্যতার স্থপতি ছিলেন সম্রাট নেবুচাদনেজার। তিনি সম্রাজ্ঞীর সন্তুষ্টির জন্য নগর দেওয়ালের উপরে এক মনোরম উদ্যান নির্মাণ করেন। ইতিহাসে যা 'ব্যাবিলনের শূন্যউদ্যান' (The Hanging Gardens of Babylon) নামে পরিচিত। এই অপূর্ব কীর্তি পৃথিবীর সপ্তম আশ্চর্য নামে খ্যাত। ক্যালডীয়রাই প্রথম সপ্তাহকে ৭ দিনে বিভক্ত করে। আবার প্রতিদিনকে ১২ জোড়া ঘণ্টায় ভাগ করার পদ্ধতি তারা বের করে। ক্যালডীয়রা ১২ টি নক্ষত্রপুঞ্জের সন্ধান পান। তা থেকে ১২ টি রাশিচক্রের (12 Zodiac Circles) সৃষ্টি হয়।

### MCQ Solution

১. **বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা (oldest civilization) কোথায় গড়ে উঠেছিল?** [৪৫তম বিসিএস/ ২৪তম বিসিএস]

ক মেসোপটেমীয়    খ মিশরীয়
গ চৈনিক    ঘ পারসিক    **উত্তর। ক**

Scanned with CamScanner

২. **কোন সভ্যতাটি প্রাচীনতম?** [বিসিক এর প্রমোশন অফিসার: ২১]
ক) গ্রিক সভ্যতা খ) সিন্ধু সভ্যতা
গ) সুমেরীয় সভ্যতা ঘ) মিশরীয় সভ্যতা **উত্তরঃ গ**

৩. **কোনটি সবচেয়ে প্রাচীন সভ্যতা?** [ডাক বিভাগ উপজেলা পোস্টমাস্টার: ১৬]
ক) মিশরীয় খ) গ্রিক
গ) চৈনিক ঘ) পারস্য **উত্তরঃ ক**
ব্যাখ্যা: প্রশ্নে মেসোপটেমীয় সভ্যতা না থাকায় সমসাময়িক কালের মিশরীয় সভ্যতা সঠিক।

৪. **মেসোপটেমিয়া সভ্যতা গড়ে উঠেছিল কোথায়?** [৩৯তম বিসিএস (বিশেষ)]
ক) ইয়াংসিকিয়াং নদীর তীরে
খ) টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর তীরে
গ) নীলনদের তীরে
ঘ) হোয়াংহো নদীর তীরে **উত্তর:খ**

৫. **দজলা ও ফোরাত নদীর অববাহিকায় কোন সভ্যতা গড়ে উঠেছে?** [জবি (ই ইউনিট): ১৬-১৭]
ক) মিশরীয় সভ্যতা খ) মেসোপটেমীয় সভ্যতা
গ) ইনকা সভ্যতা ঘ) সিন্ধু সভ্যতা **উত্তরঃ খ**

৬. **'মেসোপটেমিয়া' এলাকার বেশির ভাগ বর্তমান কোন দেশে?** [১৮তম বিসিএস/ ঢাবি (কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট) : ২৪-২৫]
ক) ইরাক খ) ইরান
গ) তুরস্ক ঘ) সিরিয়া **উত্তরঃ ক**

৭. **মেসোপটেমিয়ার বর্তমান নাম কি?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা : ২১]
ক) সিরিয়া খ) মরক্কো
গ) ইরাক ঘ) লেবানন **উত্তরঃ গ**

৮. **আধুনিক তুরস্ক, সিরিয়া, ইরান, ইরাক ও কুয়েত– এই রাষ্ট্রগুলো প্রাচীন কোন সভ্যতার অংশ?** [ঢাবি (খ ইউনিট): ১৩-১৪]
ক) মিশরীয় সভ্যতা খ) মেসোপটেমীয় সভ্যতা
গ) সিন্ধু সভ্যতা ঘ) রোমান সভ্যতা **উত্তরঃ খ**

৯. **সেচ নির্ভর প্রাচীন সভ্যতা কোনটি?** [জাবি (নৃবিজ্ঞান বিভাগ): ০৯-১০]
ক) সিন্ধু খ) গ্রিক
গ) রোমান ঘ) মেসোপটেমীয় **উত্তরঃ ঘ**

১০. **The earliest civilization was flourished in-** [IFIC Probationary officer: 96] *Or,*
**সভ্যতার সূত্রপাত হয় কোন জাতিগোষ্ঠীর মাধ্যমে?** [রাবি (আই ইউনিট): ১৪-১৫]
ⓐ Babylon ⓑ Sumeria
ⓒ Egypt ⓓ China **Ans. b**

১১. **সুমেরীয় সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা) : ১৬]
ক) মেসোপটেমিয়ায় খ) পারস্যে
গ) মিশরে ঘ) রাশিয়ায় **উত্তরঃ ক**

১২. **কিউনিফর্ম কী?** [রাবি (এ ইউনিট): ১৯-২০]
ক) জ্যামিতিক নকশা খ) লিখন পদ্ধতি
গ) চৈনিক অক্ষর ঘ) পাথর নকশা **উত্তরঃ খ**

১৩. **'কিউনিফর্ম' কী?** [জাককানইবি (এ ইউনিট): ১৯-২০]
ক) মিশরীয় লিপি খ) ফিনিশীয় লিপি
গ) সুমেরীয় লিপি ঘ) গ্রিক লিপি **উত্তরঃ গ**

১৪. **পাঠোদ্ধারকৃত সর্বপ্রাচীন লিপির নাম?** [ঢাবি (চ ইউনিট): ১২-১৩]
ক) ফারসি লিপি খ) হায়ারোগ্লিফিক্স লিপি
গ) কিউনিফর্ম লিপি ঘ) হিব্রু লিপি **উত্তরঃ গ**

১৫. **The oldest book of the world is -** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৩]
ক) Mahavarata খ) Illiad
গ) Gilgamesh ঘ) Faust **উত্তরঃ গ**

১৬. **কোন মহাকাব্যটি 'কিউনিফর্ম' লিপিতে রচিত?** [ইবি (বি ইউনিট): ০৯-১০]
ক) শাহনামা খ) গিলগামেশ
গ) রামায়ন ঘ) মহাশ্মশান **উত্তরঃ খ**

১৭. **'Lunar Calendar' was introduced by-** [Jahangirnagar University (C Unit): 16-17]
ⓐ Chaldeans ⓑ Sumerians
ⓒ Assyrians ⓓ Astrology **Ans. b**

১৮. **প্রথম 'চাকা' এর ব্যবহার প্রচলন করে-** [রাবি (ইতিহাস বিভাগ): ০৮-০৯]
ক) মিশরীয়রা খ) সুমেরীয়রা
গ) ব্যাবিলনীয়রা ঘ) ক্যালডীয়রা **উত্তরঃ খ**

১৯. **ইতিহাসের প্রথম লিখিত আইন প্রণেতা কে?** [রাবি (আইন বিভাগ) : ০৫-০৬]
ক) জুলিয়াস সিজার খ) সম্রাট আলেকজান্ডার
গ) হাম্মুরাবি ঘ) এরিস্টটল **উত্তরঃ গ**

২০. **আইন সংক্রান্ত হাম্মুরাবি কোড কোন সভ্যতার সময়ে প্রণীত হয়েছিল?** [চবি (ই ইউনিট): ১৩-১৪]
ক) ব্যাবিলনীয় সভ্যতা খ) চৈনিক ভ্যতা
গ) গ্রিক সভ্যতা ঘ) ভারতীয় সভ্যতা **উত্তরঃ ক**

২১. **কোন প্রাচীন সভ্যতায় 'হাম্মুরাবির আইন' প্রচলিত হয়েছিল?** [ঢাবি (চ ইউনিট): ১৪-১৫]
ক) মায়া খ) মেসোপটেমীয়
গ) মিশরীয় ঘ) গ্রিক **উত্তরঃ খ**

২২. **পৃথিবীর কোথায় প্রথম লিখিত আইনের প্রচলন হয়?** [মাভাবিপ্রবি (ডি ইউনিট): ১৩-১৪]
ক) স্পেন খ) ব্যাবিলন
গ) গ্রিস ঘ) তেহরান **উত্তরঃ খ**

২৩. **'ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান' কোন দেশে অবস্থিত?** [১০ম বিসিএস/ প্রাণিসম্পদ অধিদপ্তর এর অফিস সহকারী : ২৫]
ক) ইরান খ) ইরাক
গ) তুরস্ক ঘ) সিরিয়া **উত্তরঃ খ**

Scanned with CamScanner

**২৪. 'ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান' কে গড়ে তুলেছিল?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা): ১৩]

ⓚ নেবুচাঁদ নেজার ⓦ সাইরাস
ⓖ র‍্যামজেজ ⓖ দারিউস **উত্তর: ক**

**২৫. পৃথিবীর প্রাচীনতম মানচিত্র পাওয়া যায়-** [রাবি (সি-ইউনিট) : ২৩-২৪]

ⓚ চীনের প্রাচীরের কাছে
ⓦ ব্যাবিলনের উত্তরের গাথুর শহরের ধ্বংসাবশেষে
ⓖ দক্ষিণ আফ্রিকার ভিক্টোরিয়া প্রদেশে
ⓖ ইরানের সিরাজ শহরের ধ্বংসাবশেষে **উত্তর: খ**

**২৬. কোন জাতি বৃত্তকে প্রথম ৩৬০ ডিগ্রিতে ভাগ করে?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]

ⓚ ক্যালডীয়রা ⓦ আসিরীয়রা
ⓖ গ্রিকরা ⓖ ব্যাবিলনীয়রা **উত্তর: খ**

**২৭. নিম্নের কোন সভ্যতায় প্রতিদিনকে ১২ জোড়া ঘণ্টায় বিভক্ত করা হয়?** [মেডিকেল: ১০-১১]

ⓚ রোমান ⓦ গ্রিক
ⓖ ক্যালডীয় ⓖ পারস্য **উত্তর: গ**

**২৮. কারা সপ্তাহের সাত দিনকে বিভক্ত করে?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]

ⓚ মিশরীয়রা ⓦ গ্রিকরা
ⓖ ক্যালডীয়রা ⓖ ককেসীয়রা **উত্তর: গ**

**২৯. সাত দিনে ১ সপ্তাহ প্রচলন করে কোন জাতি?** [রাবি (আই ইউনিট): ১৭-১৮]

ⓚ সুমেরীয় ⓦ ব্যাবিলনীয়
ⓖ অ্যাসিরীয় ⓖ ক্যালডীয় **উত্তর: ঘ**

## প্রাচীন মিশরীয় সভ্যতা

## Ancient Civilization of Egypt

**অবস্থান :** প্রাচীন মিশরীয় সভ্যতা আফ্রিকা মহাদেশের মিশরে নীল নদ অববাহিকায় বিকশিত হয়েছিল। ইতিহাসের জনক 'হেরোডোটাস' বলেন, 'মিশর নীল নদের দান।'

**রাজনৈতিক ইতিহাস :** ৫০০০-৩২০০ খ্রিষ্টপূর্বাব্দ পর্যন্ত সময়ের মিশরকে প্রাক-রাজবংশীয় যুগ বলা হয়। এ সময় মিশর কতকগুলো ছোট ছোট নগর রাষ্ট্রে বিভক্ত ছিল। এগুলোকে বলা হত 'নোম'। ৩২০০ খ্রিষ্টপূর্বাব্দে 'মেনেস' নামের এক রাজা সমগ্র মিশরকে একত্রিত করে একটি নগর রাষ্ট্র গড়ে তোলেন। দক্ষিণ মিশরের 'মেম্ফিস' হয় এর রাজধানী। এভাবে মিশরে রাজবংশের সূচনা হয়। মিশরীয়দের শাসকের উপাধি ছিল ফারাও (Pharaoh)। তারা নিজেদের সূর্যদেবতা 'রা' বা 'আমন রে' এর - সন্তান মনে করতেন এবং তিনি তার (অর্থাৎ ঈশ্বরের) প্রতিনিধি হিসেবে রাজ্য শাসন করতেন।

**ধর্ম:** ফারাও চতুর্থ আমেনহোটেপ বহুদেবতার পরিবর্তে একমাত্র সূর্যদেবতার আরাধনার কথা প্রচার করেন। সূর্যদেবতার নাম দেওয়া হয় 'এটন'। দেবতার নামের সাথে মিল রেখে তিনি নিজের নাম রাখেন 'ইখনাটন'। এভাবে ইখনাটন সভ্যতার ইতিহাসে সর্বপ্রথম ঈশ্বরের ধারণা দেন। রাজা ইখনাটনের স্ত্রী নেফারতিতি মিশরীয়দের কাছে ছিলেন সৌন্দর্য ও গৌরবের প্রতীক।

**শিল্প ও সাহিত্য :** মিশরীয়রা একটি লিখন পদ্ধতি উদ্ভাবন করে। প্রথম দিকে ছবি এঁকে এঁকে মিশরীয়রা মনের ভাব প্রকাশ করত। এক একটি ছবি ছিল এক একটি অক্ষরের প্রতীক। অক্ষরভিত্তিক মিশরীয় এ চিত্রলিপিকে বলা হয় 'হায়ারোগ্লিফিক' (Hieroglyphics)। গ্রিক শব্দ 'হায়ারোগ্লিফিক' অর্থ পবিত্র লিপি। এই লিপি পাওয়া যায় পাথরে আর সেই সময়ে তৈরি করা কাগজে। এ কাগজের নাম ছিল প্যাপিরাস। এই কাগজ নলখাগড়া জাতীয় গাছের বাকল দিয়ে তৈরি। প্রাচীন মিশরীয়দের উল্লেখযোগ্য সাহিত্যগ্রন্থ ছিল 'মৃতের বই' (Book of the Dead)। সমাহিত মৃতদেহের পাশে প্যাপিরাসে লেখা এই ধরনের সাহিত্য নিদর্শন মিলেছে। এই পুস্তকগুলোতে জাদুবিদ্যা, ধর্মীয় শ্লোক ও প্রার্থনা, ঔষধপত্র প্রভৃতির আলোচনা থাকতো। চিত্রশিল্পীরা চিত্রে শৈল্পিক সৌন্দর্য ফুটে তোলার জন্য দ্বিমাত্রিক পৃষ্ঠতল ব্যবহার করত।



হায়ারোগ্লিফিক

**পিরামিড ও মমি :** মিশরীয়রা মৃত্যুর পর আরেকটি জীবনের অস্তিত্বের প্রতি বিশ্বাসী ছিল। সে জীবনেও রাজা হবেন ফারাও। তাই ফারাওদের মৃতদেহকে পচন থেকে রক্ষার জন্য মিশরীয় বিজ্ঞানীরা মমি তৈরি করতে শেখে। মৃত্যু-পরবর্তী জীবনে জীবিত অবস্থার সুযোগ সুবিধা পাওয়ার বিশ্বাস থেকেই নির্মাণ করা হয় পিরামিড। পিরামিড পৃথিবীর সবচেয়ে পুরাতন কীর্তিস্তম্ভ। এটি বিশাল পাথরের তৈরি ত্রিভুজ আকৃতির সমাধি। ১৯২২ সালে প্রত্নতত্ত্ববিদ হাওয়ার্ড কার্টার মমিদের মধ্যে সবচেয়ে বিখ্যাত ফারাও তুতেনখামেন (রাজত্বকাল: খ্রিষ্টপূর্ব ১৩৩৩ - ১৩২৪ অব্দে)-এর মমি আবিষ্কার করেন।



পিরামিড এবং স্ফিংস

| | |
|---|---|
| পিরামিডের দেশ | মিশর |
| সর্বাধিক পিরামিড রয়েছে | সুদানে |

বিশ্বের সবচেয়ে বড় ৩টি পিরামিড

| ক্রম | পিরামিড | অবস্থান | নির্মাণকাল |
|---|---|---|---|
| ১ | গ্রেট পিরামিড অব চলুলা | মেক্সিকো | খ্রিষ্টপূর্ব ৩য় শতক |
| ২ | গিজার বা খুফুর পিরামিড | মিশর | ২৫৭০ খ্রিষ্টপূর্ব |
| ৩ | পিরামিড অব দ্যা সান | মেক্সিকো | ২০০ খ্রিষ্টাব্দ |

Scanned with CamScanner

মন্দির : প্রাচীন মিশরীয় সভ্যতায় পাথর দিয়ে পিরামিডের সমান বহু ধর্ম মন্দির তৈরি হয়। এগুলোর মধ্যে বিখ্যাত ছিল আবুসিম্বেলের মন্দির এবং গিজাতে অবস্থিত 'স্ফিংস'-এর মূর্তি। সিংহের দেহ সিংহের আকৃতির, তার মাথা ছিল মানুষের। বহুগুণ পাথরের খণ্ড খুদিয়ে তোলা হতো এ ভাস্কর্য। ফারাওদের আভিজাত্য ও শক্তির প্রতীক ছিল এ মূর্তি।

বর্ষপঞ্জি: প্রাচীন মিশরবাসী সূর্যের প্রদক্ষিণ চাঁদের অবস্থানের ভিত্তিতে সর্বপ্রথম ১২ মাসে ১ বছর, ৩০ দিনে ১ মাস এই গণনারীতি চালু করেন।

## MCQ Solution

১. মিশরীয় সভ্যতা কোন নদীর তীরে অবস্থিত ছিল? [illegible]
ক গঙ্গা খ নীল নদ
গ ফোরাত ঘ রাইন উত্তর: খ

২. কোন দেশকে নীল নদের দান বলা হয়? [illegible]
উত্তর: মিশর।

৩. প্রথম একেশ্বরবাদী ধর্ম কোনটি? [illegible]
ক হিন্দু ধর্ম খ প্রাচীন মিশরীয় ধর্ম
গ ইসলাম ধর্ম ঘ খ্রিষ্ট ধর্ম উত্তর: খ

৪. 'প্যাপিরাস' আবিষ্কার কোন সভ্যতার? [illegible]
ক মেসোপটেমীয় সভ্যতা খ সিন্ধু সভ্যতা
গ মিশরীয় সভ্যতা ঘ ব্যাবিলনীয় সভ্যতা উত্তর: গ

৫. হায়ারোগ্লিফিক হলো - [illegible]
ক একটি জাতির নাম খ একটি লিখন পদ্ধতির নাম
গ একটি দেশের নাম ঘ একটি মূর্তির নাম উত্তর: খ

৬. Hieroglyph লেখার রীতি কোন সভ্যতার? [illegible]
ক মিশরীয় সভ্যতা খ মেসোপটেমীয় সভ্যতা
গ গ্রিক সভ্যতা ঘ সিন্ধু সভ্যতা উত্তর: ক

৭. মিশরীয় সভ্যতার চিত্রলিপিকে কী বলা হয়? [illegible]
ক [illegible] খ হায়ারোগ্লিফিক
গ প্যাপিরাস ঘ কিউনিফর্ম উত্তর: খ

৮. মিশরীয়রা লেখার জন্য কি ব্যবহার করতো? [illegible]
ক কাগজ খ প্যাপিরাস
গ চুনাপাথর ঘ তালপাতা উত্তর: খ

৯. প্যাপিরাস কী? [illegible]
ক চিত্র খ লেখনী
গ নলখাগড়া ঘ এক ধরনের [illegible] উত্তর: গ

১০. মিশরীয় সভ্যতার নিদর্শন কোনটি - [illegible]
ক প্যাপিরাস খ ঝুলন্ত উদ্যান
গ জিগুরাত ঘ পার্থেনন উত্তর: ক

১১. মিশরীয় চিত্রকলা ছিল? [illegible]
ক দ্বিমাত্রিক খ ত্রিমাত্রিক
গ বহুমাত্রিক ঘ কোনোটিই নয় উত্তর: ক

১২. 'সূর্য ঘড়ি' প্রথম আবিষ্কার করে কারা? [illegible]
ক আরবীয় খ মেসোপটেমীয়
গ গ্রিক ঘ মিশরীয় উত্তর: ঘ

১৩. প্রাচীন মিশরের স্থাপত্য শিল্পের অন্যতম নিদর্শন - [illegible]
ক মোহেঞ্জোদারো খ ফিনিক
গ পিরামিড ঘ প্যাপিরাস উত্তর: গ

১৪. পৃথিবীর সবচেয়ে পুরাতন স্থাপত্য কোনটি? [illegible]
ক পিরামিড খ তাজমহল
গ আইফেল টাওয়ার ঘ কুতুবমিনার উত্তর: ক

১৫. পিরামিড হচ্ছে মিশর শাসকদের তৈরি - [illegible]
ক বিপুল আকৃতির মন্দির খ বিপুল আকৃতির সমাধি
গ সুবৃহৎ আকৃতির স্তম্ভ ঘ মিশর শাসকদের প্রাসাদ উত্তর: খ

১৬. একটি পিরামিড কত বছর পূর্বে তৈরি হয়েছিল? [illegible]
ক ৫০০০ খ্রিষ্টপূর্বাব্দে খ ১৫০০ খ্রিষ্টপূর্বাব্দে
গ ৬০০ খ্রিষ্টপূর্বাব্দে ঘ ৪০০০ খ্রিষ্টপূর্বাব্দে উত্তর: ক

১৭. Where is the pyramid of Giza situated? [Global Islami Bank Ltd. Probationary Officer: 20]
ⓐ Egypt ⓑ Sudan
ⓒ France ⓓ Turkey Ans. a

১৮. পিরামিড কোথায় অবস্থিত? [illegible]
ক মিশর খ সিরিয়া
গ মক্কা ঘ ইরাক উত্তর: ক

১৯. প্রাচীন মিশরের রাজা তুতেনখামেনের সমাধি আবিষ্কৃত হয় কত সালে- [illegible]
ক ১৮৭৮ সালে খ ১৯২২ সালে
গ ১৯০৪ সালে ঘ ১৯৫৬ সালে উত্তর: খ

২০. মিশর সভ্যতার প্রতীক পিরামিড কোন দেশে অবস্থিত? [illegible]
ক ব্রাজিল খ সুদান
গ মিশর ঘ ইরাক উত্তর: গ

২১. The largest pyramid of the world is located in - [Combined 7 Banks Officer (Cash): 23]
ⓐ Peru ⓑ Egypt
ⓒ Mexico ⓓ Nijeria Ans. c

২২. পিরামিড সব চেয়ে বড় কোথায় অবস্থিত? [illegible]
ক মিশর খ পেরু
গ মেক্সিকো ঘ জাপান উত্তর: গ

২৩. ১২ মাসে ১ বছর, ৩০ দিনে ১ মাস এই গণনা রীতি কাদের দ্বারা সৃষ্টি? [illegible]
ক গ্রিক খ মিশরীয়
গ ব্রিটিশ ঘ ভারতীয় উত্তর: খ

## সিন্ধু সভ্যতা (The Indus Civilization)

**পটভূমি:** সিন্ধু সভ্যতা ভারতীয় উপমহাদেশের সবচেয়ে পুরানো সভ্যতা। সিন্ধু নদের অববাহিকায় গড়ে উঠেছিল বলে এটি 'সিন্ধু সভ্যতা' নামে পরিচিত। এ জনগোষ্ঠী বেশ কয়েকটি শহর গড়ে তুলেছিল। সিন্ধু সভ্যতার শ্রেষ্ঠ দুটি শহর ছিল হরপ্পা ও মহেঞ্জোদারো। সিন্ধুর উপনদী রাভীর তীরে গড়ে উঠেছিল হরপ্পা নগরী। সিন্ধু সভ্যতার সংস্কৃতিকে অনেক সময় হরপ্পা সংস্কৃতি বা হরপ্পা সভ্যতা বলা হয়ে থাকে। আর সিন্ধুনদের তীরে গড়ে উঠেছিল *মহেঞ্জোদারো* নগরী। সিন্ধি ভাষায় '*মহেঞ্জোদারো*' শব্দের অর্থ হলো মৃতের ঢিবি। শহর বা নগরকেন্দ্রিক ছিল বলে এ সভ্যতাকে বলা হয় নগরসভ্যতা।

**সময়কাল:** সিন্ধু সভ্যতা ব্রোঞ্জ যুগের সভ্যতা। সিন্ধু সভ্যতার অধিবাসীরা লোহার ব্যবহার জানত না। সিন্ধু সভ্যতার সময়কাল নিয়ে মতভেদ আছে। কেউ কেউ মনে করেন, ৩৫০০ খ্রিষ্টপূর্বাব্দ থেকে ১৫০০ খ্রিষ্টপূর্বাব্দ পর্যন্ত এ সভ্যতার উত্থান-পতনের কাল। প্রাকৃতিক দুর্যোগে (প্রলয়ঙ্করী বন্যায়) এবং আর্যদের আক্রমণে সিন্ধু সভ্যতার পতন ঘটেছিল। এ সভ্যতা কারা গড়ে তুলেছিল এ সম্পর্কে পণ্ডিতগণ একমত নন। সাধারণত ধারণা করা হয়, দ্রাবিড় জাতি এ সভ্যতা গড়ে তুলেছিল।

**আবিষ্কার:** ভারতীয় প্রত্নতত্ত্ব বিভাগের অধিকর্তা আলেকজান্ডার ক্যানিংহাম ১৮৭৫ সালে প্রথম হরপ্পা লিপিতে লেখা একটি পাথরের সীলমোহরের স্কেচ প্রকাশ করেন। ১৯২১ খ্রিষ্টাব্দে দয়ারাম সাহানীর প্রচেষ্টায় বর্তমান পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের সাহিওয়াল জেলার হরপ্পা নামক স্থানে প্রাচীন সভ্যতার নিদর্শন আবিষ্কৃত হয়। ১৯২২ সালে বাঙালি প্রত্নতত্ত্ববিদ রাখালদাস বন্দ্যোপাধ্যায় পাকিস্তানের সিন্ধু প্রদেশের লারকানা জেলায় মহেঞ্জোদারো নগরীর ধ্বংসাবশেষ আবিষ্কার করেন। অপ্রত্যাশিতভাবে বেরিয়ে আসে তাম্রযুগের নিদর্শন। এ সময় স্যার জন মার্শাল ভারতীয় প্রত্নতত্ত্ব বিভাগের মহাপরিচালক ছিলেন। তাঁর প্রচেষ্টায় এই দুই অঞ্চলে ব্যাপক খননকার্য হয়। সিন্ধু সভ্যতা আবিষ্কারে তিনজন প্রত্নতাত্ত্বিক বিশেষ ভূমিকা রেখেছিলেন। তাঁরা হলেন কাশীনাথ দীক্ষিত, ননী গোপাল মজুমদার এবং স্যার মর্টিমার হুইলার।

**অর্থনৈতিক অবস্থা:** সিন্ধু সভ্যতার বেশিরভাগ লোক কৃষিকাজ করত।

**সিন্ধু সভ্যতার অবদান**

*নগর পরিকল্পনা:* সিন্ধু সভ্যতায় এক অভিজাত ও নগরাঞ্চলীয় সংস্কৃতির প্রমাণ পাওয়া যায়। হরপ্পা ও মহেঞ্জোদারো দুটি শহরেই পাকা নর্দমা ছিল। শহরে রাস্তার দুপাশে দোতলা তিনতলা বাড়ি ছিল। প্রতি বাড়িতে ছিল চৌবাচ্চাসহ গোসলখানা ও কূপ।

*পরিমাপ পদ্ধতি:* সিন্ধু সভ্যতা যুগের অধিবাসীরা দ্রব্যের ওজন পরিমাপ করতে শিখেছিল। দ্রব্য ওজনের জন্য নগরবাসী বিভিন্ন পরিমাপের বাটখারা ব্যবহার করত। দৈর্ঘ্য পরিমাপের জন্য তারা বিভিন্ন স্কেল ব্যবহার করত।

*সীলমোহর:* মহেঞ্জোদারো ও হরপ্পায় হাড় ও পাথরের তৈরি সীলমোহর পাওয়া গেছে। সিন্ধু সভ্যতায় পাওয়া মাটির পাত্রের সাথে মেসোপটেমীয়ার মাটির পাত্রের মিল আছে। সিন্ধুর সীল সুমেরীয় ও ব্যবলনীয় সভ্যতার বিভিন্ন প্রত্নস্থলে পাওয়া গেছে।

### MCQ Solution

১. **দক্ষিণ এশিয়ার প্রথম নগরায়ণ –** [জাবি (সি ইউনিট): ১৬-১৭]
ⓚ সিন্ধু অববাহিকা ⓚⓗ গঙ্গেয় অববাহিকা
ⓖ মেঘনা অববাহিকা ⓖⓗ কাবেরী অববাহিকা **উত্তর: ক**

২. **সিন্ধু সভ্যতা কোন নদীর তীরে অবস্থিত?** [জাককানইবি (বি ইউনিট): ১৪-১৫]
ⓚ গঙ্গা ⓚⓗ কালিন্দী
ⓖ সিন্ধু ⓖⓗ যমুনা **উত্তর: গ**

৩. **হরপ্পা ও মহেঞ্জোদারোতে প্রাপ্ত সভ্যতা ইতিহাসে কোন সভ্যতা হিসাবে পরিচিত?** [ইসলামি ব্যাংক বাংলাদেশ লি. ফিল্ড অফিসার: ২২]
ⓚ ক্যালডীয় সভ্যতা ⓚⓗ অ্যাসিরীয় সভ্যতা
ⓖ সিন্ধু সভ্যতা ⓖⓗ ইনকা সভ্যতা **উত্তর: গ**

৪. **হরপ্পা কোথায় অবস্থিত?** [জাবি (সি ইউনিট): ১৬-১৭]
ⓚ ভারত ⓚⓗ পাকিস্তান
ⓖ আফগানিস্তান ⓖⓗ কোনোটিই না **উত্তর: খ**

৫. **মহেঞ্জোদারো শব্দটির অর্থ –** [জাবি (সি১ ইউনিট):২০-২১]
ⓚ মৃতের ঢিবি ⓚⓗ মৃতের ডিপি
ⓖ মৃতের টিবি ⓖⓗ মৃতের ঢিপি **উত্তর: ক**

৬. **Mohenjo-daro & Harappa civilization is nearly:** [IFIC Bank Proationary Officer: 96]
ⓐ One thousand years old
ⓑ Two thousand years old
ⓒ One & half thousand years old
ⓓ Three & half thousand years old **Ans. d**

৭. **মহেঞ্জোদারো সভ্যতা কোথায় অবস্থিত?** [NSI কম্পিউটার টেকনিশিয়ান : ২১]
ⓚ পাঞ্জাব প্রদেশে ⓚⓗ সিন্ধু প্রদেশে
ⓖ আফগানিস্থানে ⓖⓗ পেশোয়ার প্রদেশে **উত্তর: খ**

৮. **সিন্ধু সভ্যতা কোন যুগের সভ্যতা?** [জবি (ডি ইউনিট): ১৭-১৮]
ⓚ তাম্র যুগের ⓚⓗ শহরভিত্তিক যুগের
ⓖ সুমেরীয় যুগের ⓖⓗ আর্য যুগের **উত্তর: ক**

৯. **সিন্ধু সভ্যতার অধিবাসীরা কোনটির ব্যবহার জানতো না?** [রাবি (ইতিহাস বিভাগ): ০৮-০৯]
ⓚ প্রশাসনিক ব্যবস্থা ⓚⓗ জল নিষ্কাশন ব্যবস্থা
ⓖ লিখন পদ্ধতি ⓖⓗ লোহার অস্ত্র **উত্তর: ঘ**

১০. **Indus Civilization (সিন্ধু সভ্যতা) belongs to –** [JU (C Unit): 16-17]
ⓐ Stone Age ⓑ Armenian Age
ⓒ Bronze Age ⓓ Iron Age **Ans. c**

১১. **সিন্ধু সভ্যতা ধ্বংস হয়?** [রাবি (ইউনিট A-২): ২১-২২]
ⓚ ১০০০ খ্রিষ্টপূর্বাব্দে ⓚⓗ ২০০০ খ্রিষ্টপূর্বাব্দে
ⓖ ১৫০০ খ্রিষ্টপূর্বাব্দে ⓖⓗ ২৫০০ খ্রিষ্টপূর্বাব্দে **উত্তর: গ**

Scanned with CamScanner

১২. সিন্ধু সভ্যতার প্রতিষ্ঠাতা – [চবি (বি) উপ-ইউনিট) : ২৪-২৫]
ⓚ আর্যগণ ⓚ কুষাণগণ
ⓖ শকগণ ⓖ দ্রাবিড়গণ উত্তর: ঘ

১৩. সিন্ধু সভ্যতা প্রথম কে আবিষ্কার করেন? [রাবি (এ-৫ ইউনিট): ১১-১২]
ⓚ কানিংহাম ⓚ রাখালদাস বন্দ্যোপাধ্যায়
ⓖ রমেশচন্দ্র মজুমদার ⓖ এ. এইচ. দানী উত্তর: ক

১৪. সিন্ধু সভ্যতা আবিষ্কৃত হয় কত সালে? [রাবি (আই ইউনিট): ১৫-১৬]
ⓚ ১৯২০ সালে ⓚ ১৯২২ সালে
ⓖ ১৯২৯ সালে ⓖ ১৯৩২ সালে উত্তর: খ

১৫. সিন্ধু সভ্যতার প্রধান বৈশিষ্ট্য কি ছিল? [চবি (ব ইউনিট): ১৭-১৮]
ⓚ আইন ও প্রশাসন ⓚ পয়ঃনিষ্কাশন ব্যবস্থা
ⓖ শিল্পকলা ও স্থাপত্য ⓖ লিখন পদ্ধতি উত্তর: খ

১৬. সিন্ধু সভ্যতায় প্রাপ্ত সবচেয়ে আকর্ষণীয় নিদর্শন কোনটি? [জাবি (সি ইউনিট): ১৫-১৬]
ⓚ মৃৎ পাত্র ⓚ পুতুল
ⓖ সীল মোহর ⓖ ভাস্কর্য উত্তর: গ

১৭. প্রাচীন কোন সভ্য দেশের অধিবাসীদের সাথে সিন্ধু উপত্যকার অধিবাসীদের সাদৃশ্য লক্ষ্য করা যায়? [শ্রম অধিদপ্তর অফিসার : ১৪]
ⓚ ব্যাবিলন ⓚ গ্রিস
ⓖ মিশর ⓖ চীন উত্তর: ক

১৮. কোন সভ্যতায় পরিমাপ পদ্ধতির উদ্ভাবন হয়? [BIWTA ওয়্যারহাউজ : ২৪]
ⓚ রোমান সভ্যতায় ⓚ গ্রিক সভ্যতায়
ⓖ মিশরীয় সভ্যতায় ⓖ সিন্ধু সভ্যতায় উত্তর: ঘ

## ফিনিশীয় সভ্যতা

## The Phoenician Civilization

**ফিনিশীয়দের অবদান:** লেবানন পর্বত এবং ভূমধ্যসাগরের মাঝামাঝি এক ফালি সরু ভূমিতে ফিনিশীয় রাষ্ট্র গড়ে উঠেছিল। প্রাচীন সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের পরিচয় শ্রেষ্ঠতম নাবিক ও জাহাজ নির্মাতা হিসাবে। ধ্রুবতারা (North Star) দেখে তারা দিক নির্ণয় করত। এ কারণে ধ্রুবতারা অনেকের কাছে 'ফিনিশীয় তারা' (Phoenician Star) নামে পরিচিত ছিল।

**সাংস্কৃতিক উন্নতি:** সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের সবচেয়ে বড় অবদান হল বর্ণমালা (Alphabet) এর উদ্ভাবন। তাঁরা ২২ টি ব্যঞ্জনবর্ণের (Consonant) উদ্ভাবন করে। আধুনিক বর্ণমালার সূচনা হয় এখান থেকে। ফিনিশীয়দের উদ্ভাবিত বর্ণমালার সাথে পরবর্তীতে গ্রিকরা স্বরবর্ণ (Vowel) যোগ করে বর্ণমালাকে সম্পূর্ণ করে।


ফিনিশীয় বর্ণমালা

**কারিগরি দক্ষতা:** ফিনিশীয়রা মাটির পাত্র তৈরি করতে পারত। দক্ষতার সাথে কাপড় তৈরি ও রং করতে পারত।

### MCQ Solution

১. সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের সবচেয়ে বড় অবদান কী? [চবি (ডি ইউনিট): ১৯-২০]
ⓚ বর্ণমালা ⓚ আগ্নেয়াস্ত্রের ব্যবহার
ⓖ মুদ্রার প্রচলন ⓖ চিত্রলেখা উত্তর: ক

২. প্রথম কারা বর্ণমালা উদ্ভাবন করে? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]
ⓚ ফিনিশীয়রা ⓚ মিশরীয়রা
ⓖ গ্রিকরা ⓖ রোমানরা উত্তর: ক

৩. ২২টি ব্যঞ্জন বর্ণ প্রথম উদ্ভাবন করে কারা? [জবি (সি ইউনিট): ২১-২২]
ⓚ রোমানরা ⓚ গ্রিকরা
ⓖ ফিনিশীয়রা ⓖ হিব্রুরা উত্তর: গ

## পারস্য সভ্যতা (The Persian Civilization)

আজকের ইরান প্রাচীনকালে পারস্য নামে পরিচিত ছিল। খ্রিষ্টপূর্ব ২০০০ অব্দ থেকে ৬০০ অব্দের মধ্যে এখানে আর্যরা এক উন্নত সভ্যতা গড়ে তোলে। এ সভ্যতার অধিবাসীরা সামরিক শক্তিতে খ্যাতিমান ছিল। সভ্যতার ইতিহাসে দুইটি ক্ষেত্রে পারসীয়দের অবদান ছিল গুরুত্বপূর্ণ। প্রথমটি সুষ্ঠ ও দক্ষ প্রশাসন ব্যবস্থা গড়ে তোলা এবং দ্বিতীয়টি ধর্মীয় ক্ষেত্রে নতুন ধারণা নিয়ে আসা। জরথুস্ত্র নামে পারস্যে এক ধর্মগুরু ও দার্শনিকের আবির্ভাব ঘটে। জরথুস্ত্র কর্তৃক প্রবর্তিত ধর্ম 'জরথুস্ত্রবাদ' নামে পরিচিত। মৃতের সৎকারের জন্য চিলঘর ব্যবহার করে জোরোস্ট্রিয় বা জরথুস্ত্র ধর্মাবলম্বীরা। পারস্যের ইতিহাসে (অ্যাকামেনিড সাম্রাজ্যের) সবচেয়ে সফল শাসক ছিলেন কাইরাস ও দারিয়ুস। অ্যাকামেনিড সাম্রাজ্যের রাজধানী ছিল পার্সেপোলিস। ৩৩০ খ্রিষ্টপূর্বাব্দে গ্রিক বীর আলেকজান্ডার অধিকার করে নেন সমগ্র পারস্য সাম্রাজ্যকে।

### MCQ Solution

১. পারস্যের বর্তমান নাম কী? [BREB মিটার রিডার : ২৪]
ⓚ থাইল্যান্ড ⓚ তুরস্ক
ⓖ ইরাক ⓖ ইরান উত্তর: ঘ

২. পারসিক ধর্মের প্রবর্তক কে? [রাবি (ইতিহাস বিভাগ): ০৮-০৯]
ⓚ গৌতম বুদ্ধ ⓚ বর্ধমান মহাবীর
ⓖ আইড্রো ⓖ জরথুস্ত্র উত্তর: ঘ

৩. মৃতের সৎকারের জন্য চিলঘর ব্যবহার করে কোন ধর্মাবলম্বীরা? [ঢাবি (ঘ ইউনিট): ১৪-১৫]
ⓚ বাহাই ⓚ শিনটো
ⓖ জৈব ⓖ জোরোস্ট্রিয় উত্তর: ঘ

৪. Persepolis is located in - [JU (C Unit): 16-17]
ⓐ India ⓑ Italy
ⓒ Greece ⓓ Iran Ans. d

Scanned with CamScanner

## হিব্রু সভ্যতা (The Hebrew Civilization)

প্যালেস্টাইনের জেরুজালেম নগরীকে কেন্দ্র করে হিব্রু সভ্যতার বিকাশ ঘটেছিল। হিব্রু কোন জাতির নাম নয়। 'হিব্রু' একটি সেমাটিক ভাষা। এ ভাষায় কথা বলা লোকেরাই হিব্রু নামে পরিচিত। হিব্রুদের আদিবাস ছিল আরব মরুভূমিতে। বর্তমান ইসরাইলের অধিবাসীরা হিব্রুদের বংশধর। হিব্রুরা তাদের অবদানের পুরোটাই রেখেছে ধর্মীয় ক্ষেত্রে। হিব্রুরা সর্বপ্রথম একেশ্বরবাদের কথা ব্যাপকভাবে প্রচার করে। অবশ্য অনেককাল পূর্বে মিশরের ফারাও ইখনাটন এক দেবতার আরাধনার আহবান জানিয়েছিলেন। কিন্তু তা তেমন জনপ্রিয় হতে পারেনি। হিব্রুদের নবী হজরত মুসা (আ.), হজরত দাউদ (আ.) এবং হজরত সুলায়মান (আ.) মানুষের প্রচলিত ধর্মীয় চেতনায় নতুন আলোড়ন তোলেন।

### MCQ Solution

১. প্যালেস্টাইনে কোন সভ্যতা গড়ে উঠেছিল? [BADC উপসহকারী প্রকৌশলী : ২২]
ⓚ ফিনিশীয় সভ্যতা ⓚ ব্যাবিলনীয় সভ্যতা
ⓖ হিব্রু সভ্যতা ⓖ পারসিক সভ্যতা উত্তর: গ

২. জেরুজালেম নগরীকে কেন্দ্র করে গড়ে উঠা সভ্যতা: [রাবি (এ ইউনিট): ১৮-১৯]
ⓚ সুমেরীয় সভ্যতা ⓚ আক্কাদীয় সভ্যতা
ⓖ আসিরীয় সভ্যতা ⓖ হিব্রু সভ্যতা উত্তর: ঘ

৩. "হিব্রু" আসলে কিসের নাম? [ইবি (জি ইউনিট) : ১১-১২]
ⓚ জাতির নাম ⓚ দেশের নাম
ⓖ ভাষার নাম ⓖ সভ্যতার নাম উত্তর: গ

৪. বর্তমান ইসরায়েলের অধিবাসীরা কাদের বংশধর? [দুর্নীতি দমন ব্যুরোর উপ সহকারী পরিদর্শক: ০৪]
ⓚ পারসিকদের ⓚ হিব্রুদের
ⓖ আরবিয়দের ⓖ মিশরীয়দের উত্তর: খ

## প্রাচীন চৈনিক সভ্যতা

## The Ancient Chinese Civilization

চীনা সভ্যতা পৃথিবীতে বিরাজমান সবচেয়ে পুরাতন সভ্যতা। চীনের তিনটি অঞ্চলে প্রাচীন সভ্যতা গড়ে উঠেছিল। প্রথমটি হোয়াং হো (অন্য নাম পীত বা হলুদ) নদীর তীরে, দ্বিতীয়টি ইয়াংসিকিয়াং নদীর তীরে, তৃতীয়টি দক্ষিণ চিনের ভূখণ্ডে। চৈনিক সভ্যতায় ব্রোঞ্জের জিনিসপত্রের ব্যাপক ব্যবহার লক্ষ্য করা যায়।

চীনা রাষ্ট্র ব্যবস্থায় রাজবংশের স্থান খুব উঁচুতে। সম্রাটের ঐশ্বরিক ক্ষমতায় বিশ্বাস করা হতো, তাকে বলা হতো 'স্বর্গের বরপুত্র' (Son of God)। চীনের প্রথম সার্বভৌম সম্রাট ছিলেন কুইন শি হুয়াং (২৫৯-২১০ খ্রিষ্টপূর্ব)। তিনি রাজ্যের প্রতিরক্ষামূলক প্রাচীরসমূহকে একত্রিত করে একক 'চীনের মহাপ্রাচীর' (Great Wall of China) নির্মাণ করেন। সম্রাটের সমাধিক্ষেত্রে নির্মিত হয় Terracotta Army (পোড়ামাটির সৈন্যবাহিনী)। তৎকালিন বিশ্বাস মতে, এই সৈন্যবাহিনী সম্রাটকে মৃত্যুর পরবর্তী জীবনে তার নিরাপত্তা বিধান করবে।

**চীনের মহাপ্রাচীর**




Great Wall of China

চীনের মহাপ্রাচীর মনুষ্য নির্মিত সর্ববৃহৎ স্থাপনা। এটি চীনের উত্তর সীমান্তে অবস্থিত। খ্রিষ্টপূর্ব তৃতীয় শতাব্দী থেকে সপ্তদশ শতাব্দী পর্যন্ত চীনের বিভিন্ন রাজা এ প্রাচীরের বিভিন্ন অংশ নির্মাণ করে। চীনের মহাপ্রাচীরের মোট দৈর্ঘ্য ছিল ২১,১৯৬ কি.মি.। মিং রাজবংশের আমলে (১৩৬৮ - ১৬৪৪ খ্রি.) নির্মিত প্রাচীরের ৮৮৫০ কি.মি. (৫৫০০ মাইল) অংশকে বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে।

**দর্শন:** চীনের প্রাচীনতম দার্শনিক ছিলেন লাওৎসে। তাঁর মতবাদের নাম ছিল তাওবাদ। চীনের ইতিহাসে সবচেয়ে প্রভাবশালী দার্শনিক ছিলেন কনফুসিয়াস (৫৫১-৪৭৯ খ্রি.পূ.)। কনফুসিয়াসের প্রধান অনুসারী ছিলেন মেনসিয়াস।

*সুন সু* (Sun Tzu) ছিলেন প্রাচীন চীনের একজন সমরনায়ক, যুদ্ধকৌশলী ও দার্শনিক। তাকে '*The Art of War*' (রণকৌশল) নামক যুদ্ধবিদ্যার প্রাচীন চৈনিক বইটির রচয়িতা হিসেবে বিবেচনা করা হয়।

### MCQ Solution

১. Chinese civilization belongs to - [JU (C Unit): 16-17]
ⓐ Copper Age ⓑ Bronze Age
ⓒ Iron Age ⓓ None **Ans. b**

২. চীনের প্রথম সভ্যতা গড়ে উঠেছিল - [রাবি (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ হোয়াংহো নদীর মোড়ে
ⓚ ইয়াংসি নদীর অববাহিকায়
ⓖ ইয়ালু নদের মোড়ে ⓖ পীত সাগরের তীরে উত্তর: ক

৩. কোন নদীর তীরে চীনের প্রথম সভ্যতা গড়ে উঠেছিল? [রাবি (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ⓚ হান ⓚ পীত
ⓖ ইয়াংসী ⓖ স্যালুউইন উত্তর: খ

৪. কোন দেশের রাজাকে 'Son of God' বলা হতো? [১২তম শিক্ষক নিবন্ধন স্কুল (পর্যায়-২): ১২]
ⓚ ভুটান ⓚ নেপাল
ⓖ জাপান ⓖ চীন উত্তর: ঘ

Scanned with CamScanner

[illegible]
ক) [illegible] খ) [illegible]
গ) [illegible] ঘ) [illegible] উত্তর: ক

[illegible] "টেরাকোটা সেনাবাহিনী" (Terracotta Army) কোন দেশের প্রত্নসম্পদ? [illegible]
ক) ভারত খ) জাপান
গ) [illegible] ঘ) চীন উত্তর: ঘ

[illegible] What is the largest man made structure of the world? পৃথিবীর মনুষ্য নির্মিত সর্ববৃহৎ স্থাপনা কোনটি? [illegible]
(a) Taj Mahal
(b) Pyramid of Giza
(c) The Eiffel Tower
(d) The Great Wall of China Ans. d

[illegible] চীনের মহাপ্রাচীর চীন দেশের যে সীমান্তে অবস্থিত- [illegible]
ক) উত্তর খ) দক্ষিণ
গ) পূর্ব ঘ) পশ্চিম উত্তর: ক

[illegible] [illegible]
ক) [illegible] খ) [illegible]
গ) [illegible] ঘ) [illegible] উত্তর: খ

[illegible] Which desert does 'The great Wall of China' Pass through? [SBL Probationary officer 21]
(a) Sahara
(b) Simpson Desert
(c) Gobi Desert
(d) Atacama Ans. c

[illegible] [illegible]
ক) [illegible] খ) [illegible]
গ) [illegible] ঘ) [illegible] উত্তর: খ

[illegible] লাও ৎসে (Lao Tzu) কে ছিলেন? [illegible]
ক) [illegible]
খ) [illegible]
গ) [illegible]
ঘ) [illegible] উত্তর: ক

[illegible] [illegible]
ক) [illegible]
খ) [illegible]
গ) [illegible]
ঘ) [illegible] উত্তর: ক

[illegible] 'The Art of War' গ্রন্থের রচয়িতা - [illegible]
ক) [illegible] খ) আলেকজান্ডার [illegible]
গ) সুন জু ঘ) কৌটিল্য উত্তর: গ

## গ্রিক সভ্যতা (The Greek Civilization)




প্রাচীনকালের অধিকাংশ সভ্যতা (মিশর, ব্যাবিলন, সিন্ধু, চৈনিক প্রভৃতি) নদীকে কেন্দ্র করে গড়ে উঠেছিল এবং তাদের অর্থনীতির মূলভিত্তি ছিল কৃষি। অন্যদিকে প্রাচীন গ্রিক ও ক্রিটীয় সভ্যতার জন্ম হয়েছিল ভূমধ্যসাগরের একেকটি ভূখণ্ডে [illegible] সাগর দ্বারা বেষ্টিত থাকার কারণে গ্রিক সভ্যতাকে 'এজিয়ান' (সাগরীয়) সভ্যতা বলা হয়। সমুদ্র তীরবর্তী সভ্যতাগুলোর চারপাশে ছিল না বিস্তৃত চাষের জমি কিংবা সেচের সুবিধা। সমুদ্র থেকে মাছ, মণিমুক্তা এবং অন্যান্য মূল্যবান সম্পদ সংগ্রহে তারা দক্ষতা অর্জন করেছিল। পার্বত্য এলাকা থেকে কাঠ সংগ্রহ করে সেই কাঠ দিয়ে জাহাজ নির্মাণ করে সমুদ্রপথে বাণিজ্য কার্যক্রম পরিচালনার মাধ্যমে এরা নিজেদের অর্থনৈতিক জীবন গড়ে তুলেছিল।

**হেলেনিক ও হেলেনিস্টিক যুগ:** গ্রিক সভ্যতার দুটি স্তর রয়েছে। প্রথম স্তর হেলেনিক সভ্যতা এবং দ্বিতীয় স্তরে হেলেনিস্টিক সভ্যতা। গ্রিকরা তাদের দেশকে 'হেলাস' বলতো। তাই গ্রিক সভ্যতার উন্মেষ বা আদিপর্ব হেলেনিক যুগ। কেবল গ্রিক উপদ্বীপ কেন্দ্রিক এই সভ্যতার প্রধান কেন্দ্র বিন্দু ছিল এথেন্স। খ্রিষ্টপূর্ব ২০০০ থেকে ৩৩৭ অব্দ পর্যন্ত হেলেনিক যুগ বিদ্যমান ছিল। অতঃপর রাজা দ্বিতীয় ফিলিপ কর্তৃক মেসিডোনিয়া কেন্দ্রিক নতুন সভ্যতা গড়ে ওঠে। খ্রিষ্টপূর্ব ৩৩৬ অব্দে দ্বিতীয় ফিলিপের মৃত্যু হলে তার ছেলে আলেকজান্ডার ম্যাসিডনের সিংহাসনে আরোহণ করেন। আলেকজান্ডারের নেতৃত্বে গ্রিকরা ইউরোপ, আফ্রিকা ও এশিয়া ব্যাপী বিশাল সাম্রাজ্য গড়ে তোলে। মিশরের আলেকজান্দ্রিয়াকে কেন্দ্র করে গ্রিক সংস্কৃতি ও অগ্রিক সংস্কৃতির মিশ্রণে যে সভ্যতার সৃষ্টি হয় তা-ই হেলেনিস্টিক যুগের সভ্যতা। খ্রিষ্টপূর্ব ৩২৩ অব্দে ব্যাবিলনে আলেকজান্ডারের মৃত্যু হয়।

**নগর রাষ্ট্রের ক্রমবিকাশ:** গ্রিসে অনেকগুলো পাহাড় [illegible] আছে দেয়ালের মত। এ অঞ্চল ক্ষুদ্র ক্ষুদ্র বেশ কয়েকটি অংশে বিভক্ত ছিল। এথেন্স, থিবস, স্পার্টা, করিন্থ, মেগারা প্রভৃতি নগরীকে কেন্দ্র করে গড়ে উঠেছিল ক্ষুদ্র রাষ্ট্র। সেটি [illegible] নাম হয় নগর রাষ্ট্র। এদের মধ্যে নেতৃস্থানীয় ছিল স্পার্টা ও এথেন্স। এথেন্স ছিল গণতান্ত্রিক রাষ্ট্র। পক্ষান্তরে স্পার্টা ছিল একটি সামরিক নগর রাষ্ট্র। খ্রিষ্টপূর্ব [illegible] অব্দে এথেন্স ও স্পার্টার

Scanned with CamScanner

মধ্যে বিরোধ বাধে। উভয় রাষ্ট্রের মধ্যে যে যুদ্ধ হয় তা ইতিহাসে পেলোপনেসীয় যুদ্ধ (খ্রিষ্টপূর্ব ৪৩১-৪০৪ অব্দ) বলে খ্যাত। এই যুদ্ধে এথেন্সের পতন ঘটে এবং স্পার্টা এথেন্স দখল করে নেয়। ফলে হেলেনিক সভ্যতারও পতন ঘটে।

**ধর্ম:** গ্রিকদের বারটি দেব-দেবী ছিল। জিউস ছিলেন দেবতাদের রাজা। দেবতা এপোলো ও দেবী এথেনাও ছিলেন বিশেষ গুরুত্বপূর্ণ। গ্রিকবাসী বিশ্বাস করত দেবতাদের বাস উত্তর গ্রিসে অলিম্পাস পর্বতের চূড়ায়।

প্রাচীন এশিয়া মাইনরে (বর্তমানে তুরস্কের আনাতোলিয়া রাজ্য) ছিল ট্রয় নামক এক নগরী। ট্রয়ের রাজপুত্র প্যারিস, গ্রিসের স্পার্টা রাজ্যের রাজা মেনেলাস এর স্ত্রী হেলেন এর প্রেমে পড়ে যান। তিনি হেলেনকে নিয়ে ট্রয়ে পালিয়ে আসেন। এর ফলে শুরু হয় স্পার্টা আর ট্রয়ের মধ্যকার সেই যুদ্ধ! অনেকে ভাবতেন, ট্রয় নগরী বা ট্রয়ের যুদ্ধ- উভয়ই বিষয়ই নিছক গল্পগাঁথা। কিন্তু প্রত্নতাত্ত্বিকগণ তুরস্কের হিসার্লিক অঞ্চলে ট্রয় নগরী খুঁজে পান। প্রাচীন গ্রিক ধর্ম অনুসারে বারো অলিম্পিয়ান হলেন বারোজন প্রধান দেব-দেবী।

| গ্রিক দেবী বা দেবতা | পরিচিতি |
|---|---|
| জিউস (Zeus) | দেবতাদের রাজা |
| হেরা (Hera) | বিবাহ বন্ধন অটুট রাখার দেবী। জিউসের স্ত্রী |
| পসেইডন (Poseidon) | সমুদ্র দেবতা |
| ডিমিটার (Demeter) | কৃষি বিষয়ক দেবী |
| অ্যাপোলো (Apollo) | সূর্য, আলো ও সঙ্গীতের দেবতা |
| আরটেমিস (Artemis) | শিকার, বন, উর্বরতা এবং চাঁদের দেবী |
| এরিস (Ares) | যুদ্ধদেবতা |
| এথেনা (Athena) | প্রজ্ঞার দেবী (জিউসের কন্যা) |
| হেফেইস্টোস (Hephaestus) | ভাস্কর্য, ধাতু ও আগুনের দেবতা। |
| আফ্রোডিটি (Aphrodite) | ভালবাসা, রোমাঞ্চ এবং সৌন্দর্যের দেবী |
| হারমেস (Hermes) | ব্যবসা বিষয়ক দেবতা |
| দিয়োনুসোস (Dionysus) | মদ বিষয়ক দেবতা |

**দর্শন:** গ্রিকদের সবচেয়ে বড় অবদান ছিল দর্শন চর্চায়। প্রথম দিকের বিখ্যাত দার্শনিক ছিলেন থ্যালেস। থ্যালেস কল্পকাহিনীর বদলে প্রথম সূর্যগ্রহণের প্রাকৃতিক কারণ ব্যাখ্যা করেন। ধীরে ধীরে গ্রিসে এক ধরনের যুক্তিবাদী দার্শনিকের আবির্ভাব ঘটে। এঁদের বলা হতো *সফিস্ট*। প্রোতাগোরাস ছিলেন সফিস্ট সম্প্রদায়ের সবচেয়ে প্রাচীন বিখ্যাত গ্রিক দার্শনিক। সৃষ্টির অজানা রহস্য নয়, বরং মানুষকে মানদণ্ড বিবেচনা করে সে আলোকে দর্শনের আলোচনা ও ভাষাবিজ্ঞানে অবদানের জন্য সুবিখ্যাত হয়ে আছেন। তিনি বিশ্বাস করতেন, 'Man is the measure of all things'।

সক্রেটিস ছিলেন গ্রিসের দার্শনিকদের মধ্যে সবচেয়ে খ্যাতিমান। অন্যায় শাসনের প্রতিবাদ করায় গ্রিসের শাসক গোষ্ঠী ৩৯৯ খ্রিষ্টপূর্বাব্দে এ মহান দার্শনিককে হেমলক (গুল্মজাতীয় গাছ) লতার তৈরি বিষ খাইয়ে হত্যা করে। মৃত্যুর পূর্বে তাঁর শেষ বাক্য ছিল, 'Crito, I owe a cock to Asclepius, will you remember to pay the debt?' ["ক্রিটো, অ্যাসক্লেপিয়াস আমার কাছে একটি মোরগ পায়, তার ঋণ পরিশোধ করতে ভুলো না যেন"]। অ্যাসক্লেপিয়াস হচ্ছে গ্রিকদের আরোগ্য লাভের দেবতা। সক্রেটিসকে 'সব জ্ঞানীদের গুরু' বলা হয়।

সক্রেটিসের বিখ্যাত উক্তি-

- *Know thyself.* (নিজেকে জানো)
- *Slanderers do not hurt me because they do not hit me.*
- *I to die, you to live- which is the better only God knows.*
- *An unexamined life is not worth living.*
- *Virtue is knowledge (সৎগুণই জ্ঞান).*

সক্রেটিসের ছাত্র দার্শনিক প্লেটো গ্রিক দর্শনকে চরম উন্নতির দিকে নিয়ে যান। তিনি তাঁর চিন্তাগুলো ধরে রাখেন 'দি রিপাবলিক' নামক গ্রন্থ রচনা করে। এই গ্রন্থে প্লেটো দার্শনিক রাজা শাসিত 'আদর্শ রাষ্ট্রের' কল্পনা করেছিলেন। প্লেটো ৩৮৭ খ্রিষ্টপূর্বাব্দে দর্শনের স্কুল 'Academia' প্রতিষ্ঠা করেন। তিনি সক্রেটিসের শিক্ষার বক্তব্যগুলো নিয়ে 'ডায়ালগস অব সক্রেটিস' নামে আরেকটি গ্রন্থ রচনা করেন। প্লেটোর বিখ্যাত উক্তি-

- *Virtue is Knowledge and Education is the main thing to acquire virtue*
- *Knowledge is virtue (জ্ঞানই পূণ্য).*
- শিক্ষার অন্যতম উদ্দেশ্য হলো আত্মা ও দেহের সুষম বিকাশ সাধন।

প্লেটোর ছাত্র এরিস্টটলও ছিলেন একজন দার্শনিক ও যুক্তিবিদ্যার জনক। তাঁর একটি বিখ্যাত গ্রন্থের নাম 'দ্যা পলিটিক্স'। তিনি 'লাইসিয়াম'-এর প্রতিষ্ঠাতা। এরিস্টটল আলেকজান্ডারের গৃহশিক্ষক ছিলেন। এরিস্টটলের উক্তি-

- *Man is Social and Political by Nature (মানুষ স্বভাবতই সামাজিক ও রাজনৈতিক জীব)।*
- *Man without society is either a beast or a God. (যে ব্যক্তি সমাজে বাস করে না, সে হয় দেবতা না হয় পশু)।*
- *মানুষ প্রকৃতিগতভাবেই রাজনীতির কবি।*

| Wise men of the old | | |
|---|---|---|
|  |  |  |
| Socrates | Plato | Aristotle |
| শিক্ষক → | ছাত্র | |
| | শিক্ষক → | ছাত্র |

**গ্রিক সাহিত্য:** অন্ধ গ্রিক মহাকবি হোমার হাজার হাজার বছরের পুরোনো কাহিনী নিয়ে রচনা করেন মহাকাব্য Iliad (ইলিয়াড) এবং Odyssey (ওডিসি)। তাঁকে 'অন্ধ পাখি' বলা হয়। গ্রিসের



গ্রিক মহাকবি হোমার

সবচেয়ে জনপ্রিয় নাট্যকার ছিলেন 'এস্কাইলাস'। তাঁর বিখ্যাত দুইটি নাটকের নাম 'প্রমেথিউস বাউন্ড' ও 'আগামেমনন'। নাট্যকার সফোক্লিস একশটিরও বেশি নাটক লেখেন। এর মধ্যে জনপ্রিয় দুইটি হচ্ছে 'এন্টিগনে' ও 'ইলেক্ট্রা'। নাট্যকার সফোক্লিসের বিখ্যাত ট্রাজেডি 'রাজা ইডিপাস'। ইউরিপিদিস ছিলেন একজন প্রসিদ্ধ গ্রিক ধ্রুপদী নাট্যকার। তাঁর আলোচিত নাটক ওরেস্তেস। ইতিহাস রচনার ক্ষেত্রেও সমান কৃতিত্ব ছিল গ্রিকদের। গ্রিক ইতিহাসবেত্তা হেরোডোটাসকে ইতিহাসের জনক বলা হয়। তাঁর বিখ্যাত গ্রন্থ 'Histories'। খ্রিষ্টপূর্ব পঞ্চম শতাব্দীতে সংঘটিত গ্রিক-পারসিকদের যুদ্ধের কাহিনী এ গ্রন্থে বর্ণিত হয়েছে। গ্রিসের অন্য খ্যাতিমান ইতিহাসবিদ ছিলেন 'থুসিডাইডিস' (Thucydides)। তাঁর লেখা 'History of the Peloponnesian War' গ্রন্থ ব্যাপকভাবে সমাদৃত। থুসিডাইডিকে বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক বলা হয়।

**বিজ্ঞান:** গ্রিক বিজ্ঞানীরা প্রথম পৃথিবীর মানচিত্র অঙ্কন করেছিলেন। গ্রিক দার্শনিক আনাক্সিমান্ডোস সর্বপ্রথম পৃথিবীর মানচিত্র অঙ্কন করেন। তারাই প্রথম প্রমাণ করেছিলেন যে, পৃথিবী একটি গ্রহ এবং তা নিজ কক্ষপথে আবর্তিত হয়। বিখ্যাত গ্রিক গণিতবিদ ও দার্শনিক 'পিথাগোরাস' খ্রিষ্টপূর্ব ষষ্ঠ শতকে জন্ম নিয়েছিলেন। খ্রিষ্টপূর্ব পঞ্চম শতকে জন্ম নেন বিজ্ঞানী এনাক্সাগোরাস'। চিকিৎসাবিজ্ঞানী হিপোক্রেটিস যথেষ্ট খ্যাতি অর্জন করেছিলেন।

**খেলাধুলা:** খ্রিষ্টপূর্ব ৭৭৬ অব্দে গ্রিসে অলিম্পিক প্রতিযোগিতার জন্ম হয়। প্রতি চার বছর অন্তর এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হতো। এতে বিভিন্ন নগর রাষ্ট্রের খেলোয়াড়রা অংশ নিত।

**স্থাপত্য ও ভাস্কর্য:** কয়েকজন খ্যাতিমান গ্রিক ভাস্কর হচ্ছেন মাইনর, ফিদিয়াস এবং প্রাকসিটেলেস। প্রাচীন গ্রিসে মৃৎপাত্রের গায়ে চিত্রকর্ম অঙ্কন করা হতো। গ্রিক স্থাপত্যেকলার শ্রেষ্ঠ নিদর্শন এথেন্সের অ্যাক্রোপলিসে অবস্থিত দেবী এথেনার মন্দির 'পার্থেনন'। এটি ডরিক রীতিতে নির্মিত।

**অর্থনীতি:** জনসমাবেশ ও বাজারের জন্য নির্ধারিত খোলাস্থানকে 'Agora' বলা হতো।

## MCQ Solution

১. **প্রাচীন সভ্যতাগুলো গড়ে উঠার ক্ষেত্রে সর্বাধিক রেখেছিল** - [ঢাবি (চ ইউনিট): ১২-১৩]
ⓚ পাহাড় ⓚ নদী
ⓖ বনাঞ্চল ⓖ তৃণভূমি **উত্তর: খ**

(ক) পাহাড় (খ) নদী (গ) বনাঞ্চল (ঘ) তৃণভূমি — **উত্তর: খ**

২. **কোনটি নদীমাতৃক সভ্যতা নয়?** [শাবিপ্রবি (ব ইউনিট): ০৩-০৪]
(ক) সিন্ধু (খ) ব্যাবিলনীয়
(গ) রোমান (ঘ) চৈনিক **উত্তর: গ**

৩. **'গ্রিক' ও 'গ্রিস' শব্দ দুটি যথাক্রমে** - [রাবি (ক ইউনিট): ১৩-১৪]
(ক) দেশ ও জাতি (খ) জাতি ও দেশ
(গ) দুটি দেশ (ঘ) জন্তু ও দেশ **উত্তর: খ**

৪. **প্রাচীন গ্রিক সভ্যতা গড়ে উঠেছিল কোন সাগরকে কেন্দ্র করে?** [রাবি (ভ ইউনিট): ১৩-১৪]
(ক) ভূমধ্যসাগর (খ) কাস্পিয়ান
(গ) বাল্টিক সাগর (ঘ) লোহিত সাগর **উত্তর: ক**

৫. **ভৌগোলিক ও সাংস্কৃতিক কারণে গ্রিক সভ্যতার সাথে কোন দুটি সংস্কৃতির নাম জড়িত?** [চবি (ঘ ইউনিট): ০২-০৩]
(ক) হেলেনিক ও মিনায় (খ) হেলেনিক ও হেলেনিস্টিক
(গ) মিনীয় ও এচিয়ান (ঘ) এচিয়ান ও হেলেনিস্টিক **উত্তর: খ**

৬. **হেলেনীয় সভ্যতার দেশ কোনটি?** [জাবি (সিও ইউনিট): ১৫-১৬]
(ক) ইরাক (খ) সিরিয়া
(গ) গ্রিস (ঘ) মিশর **উত্তর: গ**

৭. **গ্রিসের পূর্ব নাম কি ছিল?** [দুর্নীতি দমন কমিশনে সহকারী পরিচালক: ২০]
(ক) থালাস (খ) মেসিডোনিয়া
(গ) হেলাস (ঘ) থামাস **উত্তর: গ**

৮. **নগর রাষ্ট্রের প্রচলন ছিল কোথায়?** [মাভাবিপ্রবি (ডি ইউনিট): ১১-১২]
(ক) ব্যাবিলন (খ) মেসোপটেমিয়া
(গ) গ্রিস (ঘ) মিশর **উত্তর: গ**

৯. **মহাবীর আলেকজান্ডার কোন শহরে মৃত্যুবরণ করেন?** [চবি (খ ইউনিট): ০৮-০৯]
(ক) ব্যাবিলন (খ) থেসালোনিকি
(গ) আঙ্কারা (ঘ) এথেন্স **উত্তর: ক**

১০. **স্পার্টা কোন দেশের নগর ছিল?** [জাককানইবি (সি ইউনিট): ০৮-০৯]
(ক) এথেন্স (খ) প্রাচীন গ্রিস
(গ) প্রাচীন ইতালি (ঘ) প্রাচীন রোম **উত্তর: খ**

১১. **পেলোপনেশীয় যুদ্ধ কাদের মধ্যে সংঘটিত হয়েছিল?** [চবি (বি ইউনিট): ১৯-২০]
(ক) এথেন্স ও স্পার্টার মধ্যে
(খ) এথেন্স ও করিন্থ-এর মধ্যে
(গ) করিন্থ ও করথিয়ার মধ্যে
(ঘ) করিন্থ ও স্পার্টার মধ্যে **উত্তর: ক**

১২. **'এশিয়া মাইনর' বলা হয় কোন দেশকে?** [BRTA মোটরযান পরিদর্শক : ২৩]
(ক) মিয়ানমার (খ) ভিয়েতনাম
(গ) সিঙ্গাপুর (ঘ) তুরস্ক **উত্তর: ঘ**

১৩. **Helen of Troy was wife of-** [বাংলাদেশ ডাক বিভাগের মেইল অপারেটর : ২৩]
ⓐ Agamemnon ⓑ Achilles
ⓒ Menelaus ⓓ Ulysses **Ans. c**

১৪. গ্রিক সৌন্দর্য দেবী- [ঢাবি (চ ইউনিট): ১৩-১৪]
ⓚ এথেনা ⓚ ভেনাস
ⓖ হেলেনা ⓖ আফ্রোদিতি উত্তর: ঘ

১৫. গ্রিক পুরাণে 'ভালবাসার দেবতা' কে ছিলেন? [জবি (খ ইউনিট): ১০-১১]
ⓚ আফ্রোডিটি ⓚ এথেনা
ⓖ হেরা ⓖ ভেনার উত্তর: ক

১৬. গ্রিক দেবতার মূর্তি কোনটি? [জবি (ই ইউনিট): ১৬-১৭]
ⓚ নেফের তিতি ⓚ মিথুন
ⓖ এপোলো ⓖ মাইকেরী নুস উত্তর: গ

১৭. কাকে গ্রিকদের 'ফার্টিলিটির দেবী' বলা হয়? [মেডিকেল: ০৯-১০]
ⓚ সিরেস ⓚ এরিস
ⓖ অ্যাজটেক ⓖ আরটেমিস উত্তর: ঘ

১৮. In Greek mythology, 'Nike' is the goddess of- [Janata Bank Ltd. Executive Officer: 17]
ⓐ health ⓑ speed
ⓒ victory ⓓ wealth Ans. c

১৯. ইতিহাস বিখ্যাত ট্রয় নগরী কোথায়? [৪৫তম বিসিএস/১৯তম বিসিএস/১০ম বিসিএস/ ঢাবি (কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট) : ২৪-২৫]
ⓚ গ্রিসে ⓚ ইটালিতে
ⓖ তুরস্কে ⓖ স্পেনে উত্তর: গ

২০. সফিস্ট সম্প্রদায়ের উদ্ভব হয়েছে কোন দেশে? [জাবি (দর্শন বিভাগ): ০৯-১০]
ⓚ ভারত ⓚ ইংল্যান্ড
ⓖ গ্রিস ⓖ মিশর উত্তর: গ

২১. "Man is the measure of all things" উক্তিটি কার? [চবি (ঘ ইউনিট): ০৯-১০]
ⓚ প্রোটাগোরাস ⓚ জর্জিয়াস
ⓖ স্বামী বিবেকানন্দ ⓖ আল্লামা ইকবাল উত্তর: ক

২২. 'সব জ্ঞানীদের গুরু' কাকে বলা হয়? [চবি (খ১ ইউনিট): ১৩-১৪]
ⓚ প্লেটো ⓚ রুশো
ⓖ সক্রেটিস ⓖ মন্টেস্কু উত্তর: গ

২৩. দার্শনিকদের ক্ষেত্রে কোনটি কালানুক্রমিক সঠিক বিন্যাস? [চবি (বি ইউনিট): ১৯-২০]
ⓚ প্লেটো, অ্যারিস্টটল, সক্রেটিস
ⓚ সক্রেটিস, অ্যারিস্টটল, প্লেটো
ⓖ সক্রেটিস, প্লেটো ও অ্যারিস্টটল
ⓖ অ্যারিস্টটল, প্লেটো, সক্রেটিস উত্তর: গ

২৪. সক্রেটিসকে হেমলক পানে হত্যা করা হয়- [শ্রম অধিদপ্তরে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপ-পরিচালক: ০১]
ⓚ সেন্ট হেলেনায় ⓚ গ্রিসে
ⓖ রোমে ⓖ ফ্রান্সে উত্তর: খ

২৫. হেমলক কী ধরনের গাছ? [রাবি (এ-১ ইউনিট): ২০-২১]
ⓚ ঝোপঝাড় ⓚ ঘাস
ⓖ গুল্মজাতীয় ⓖ কোনটিই নয় উত্তর: গ

২৬. I to die, you to live- which is better only God knows! উক্তিটি কার? [রাবি (A ইউনিট) : ২৪-২৫]
ⓚ প্লেটো ⓚ অ্যারিস্টটল
ⓖ সক্রেটিস ⓖ পিথাগোরাস উত্তর: গ

২৭. 'অপরীক্ষিত জীবন মূল্যবান জীবন নয়' (An unexamined life is not worth living.) - এটি কার উক্তি? [চবি (বি-ইউনিট) : ২৪-২৫]
ⓚ প্লেটো ⓚ সক্রেটিস
ⓖ অ্যানাক্সিম্যান্ডার ⓖ এরিস্টটল উত্তর: খ

২৮. Whose dying words were, 'Crito, I owe a cock to Asclepius, will you remember to pay the debt?' [উপজেলা সমাজসেবা অফিসার: ০৮]
ⓐ Plato ⓑ Aristotle onassis
ⓒ Socrates ⓓ Aristotle Ans. c

২৯. 'Know thyself' is written by- [SESDP এর প্রোগ্রাম গবেষণা কর্মকর্তা: ১৫]
ⓐ Aristotle ⓑ Plato
ⓒ Socrates ⓓ Homer Ans. c

৩০. 'নিজেকে জানো' - উক্তিটি কার? [KGDCL এর সার্ভেয়ার : ২৪]
ⓚ সক্রেটিস ⓚ প্লেটো
ⓖ এরিস্টটল ⓖ হেরাক্লিটাস উত্তর: ক

৩১. Plato was a citizen of - [Bangladesh Bank Senior Officer: 06] *Or,*
দার্শনিক প্লেটো কোন দেশের নাগরিক ছিলেন? [রাবি (বি ইউনিট): ২০-২১]
ⓚ আলবেনিয়া ⓚ তুর্কি
ⓖ গ্রিস ⓖ মিশর উত্তর: গ

৩২. প্লেটোর শিক্ষক কে ছিলেন? [বশেমুরবিপ্রবি (ই ইউনিট): ১৩-১৪]
ⓚ এরিস্টটল ⓚ সোলন
ⓖ আলেকজান্ডার ⓖ সক্রেটিস উত্তর: ঘ

৩৩. Academy was established by- [RU (Political Science) : 08-09]
ⓐ Socrates ⓑ Plato
ⓒ Aristotle ⓓ Rousseau Ans. b

৩৪. 'Republic' গ্রন্থটির রচয়িতা কে? [৪৬তম বিসিএস]
ⓚ বার্কলে ⓚ জন লক
ⓖ ডেকার্ট ⓖ প্লেটো উত্তর: ঘ

৩৫. 'আদর্শ রাষ্ট্র' ধারণাটি – [ঢাবি; অধিভুক্ত ৭ কলেজ (খ ইউনিট): ১৯-২০]
ⓚ প্লেটোর ⓚ সেবেসের
ⓖ সক্রেটিসের ⓖ সোলনের উত্তর: ক

৩৬. 'দার্শনিক রাজা'র শাসনের কথা কে বলেছেন? [মাভাবিপ্রবি (ডি ইউনিট): ১৫-১৬]
ⓚ সক্রেটিস ⓚ প্লেটো
ⓖ অ্যারিস্টটল ⓖ রুশো উত্তর: খ

Scanned with CamScanner

৩৭. "দি লজ" গ্রন্থের রচয়িতা কে? [ইবি (সি ইউনিট): ১০-১১]
ক) পলিবিয়াস খ) এরিস্টটল
গ) প্লেটো ঘ) জন লক উত্তর: গ

৩৮. Virtue is knowledge- কার বিখ্যাত উক্তি? [রবি (ইউনিট A): ২৩-২৪]
ক) প্লেটো খ) সক্রেটিস
গ) এরিস্টটল ঘ) রুশো উত্তর: খ

৩৯. 'Virtue is knowledge and Education is the main thing acquire virtue' কার উক্তি? [IU (C Unit): 07-08]
ক) এরিস্টটল খ) ম্যাকাইভেলি
গ) প্লেটো ঘ) রুজভেল্ট উত্তর: গ

৪০. 'জ্ঞানই পুণ্য' (Knowledge is virtue) - কে বলেছেন? [১০তম বিসিএস]
ক) প্লেটো খ) অ্যারিস্টটল
গ) সক্রেটিস ঘ) হেগেল উত্তর: ক

৪১. 'শিক্ষার অন্যতম উদ্দেশ্য হলো আত্মা ও দেহের সুষম বিকাশ সাধন' কে বলেছেন - [সার্বিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক : ২৪]
ক) এরিস্টটল খ) সক্রেটিস
গ) প্লেটো ঘ) ম্যাকেয়াভেলি উত্তর: গ

৪২. আলেকজান্ডারের শিক্ষক কে ছিলেন? [চবি (বি-ইউনিট) : ২৪-২৫]
ক) সক্রেটিস খ) হোমার
গ) প্লেটো ঘ) এরিস্টটল উত্তর: ঘ

৪৩. 'লজিক' বা 'তর্কশাস্ত্রের' জন্ম হয়েছে - [চবি (খ ইউনিট): ০৪-০৫]
ক) পোল্যান্ডে খ) ইংল্যান্ডে
গ) জার্মানিতে ঘ) গ্রিসে উত্তর: ঘ

৪৪. যুক্তিবিদ্যার জনক - [চবি (খ ইউনিট): ১৭-১৮]
ক) জন স্টুয়ার্ট মিল খ) জেরেমি বেনথাম
গ) আই. এম. কপি ঘ) এরিস্টটল উত্তর: ঘ

৪৫. 'দ্যা পলিটিক্স' গ্রন্থের লেখক- [সমাজসেবা অধিদপ্তরের ... ও ... (জেনারেল) : ২৪/ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অফিস সহকারী: ২৩]
ক) এরিস্টটল খ) সক্রেটিস
গ) প্লেটো ঘ) ম্যাকিয়াভেলী উত্তর: ক

৪৬. কোন মহান দার্শনিক 'লাইসিয়াম' নামে একটি শিক্ষা কেন্দ্র স্থাপন করে ছিলেন? [বেবিচক এর সিনিয়র অফিসার: ২১]
ক) সক্রেটিস খ) প্লেটো
গ) এরিস্টটল ঘ) ভলতেয়ার উত্তর: গ

৪৭. "Man is a political animal"- who said this? [৩৮তম বিসিএস]

*Or,*

"মানুষ সামাজিক ও রাজনৈতিক জীব-" উক্তিটি কার? [রবি (ডি ইউনিট): ১৮-১৯]
ক) Dante খ) Plato
গ) Aristotle ঘ) Socrates উত্তর: গ

৪৮. "Man without society is either a beast or a God"—the author of the statement is- [Jahangirnagar University (F Unit): 18-19]

*Or,*

"যে সমাজে বাস করে না সে হয় পশু না হয় দেবতা।" উক্তিটি কার? [মাভাবিপ্রবি (ডি ইউনিট): ১১-১২]
ক) প্লেটো খ) এরিস্টটল
গ) জনলক ঘ) রুশো উত্তর: খ

৪৯. মানুষ কি ধরনের জীব? [জবি (বি ইউনিট): ১৫-১৬]
ক) সামাজিক ও রাজনৈতিক
খ) রাজনৈতিক ও অর্থনৈতিক
গ) ঐতিহাসিক ও অর্থনৈতিক
ঘ) রাজনৈতিক ও ঐতিহাসিক উত্তর: ক

৫০. 'মানুষ সামাজিক জীব'- এ কথাটি কে বলেছেন? [কুবি (বি ইউনিট) : ১৩-১৪]
ক) ম্যাকাইভার খ) এরিস্টটল
গ) রুশো ঘ) হবস উত্তর: খ

৫১. 'মানুষ প্রকৃতিগতভাবেই রাজনীতির কবি'- কে বলেছেন? [চবি (খ ইউনিট): ০৬-০৭]
ক) আলেকজান্ডার খ) সক্রেটিস
গ) প্লেটো ঘ) এরিস্টটল উত্তর: ঘ

৫২. গ্রিসের দার্শনিক নন- [রবি (এ ইউনিট): ১৮-১৯]
ক) অ্যারিস্টটল খ) প্লেটো
গ) সক্রেটিস ঘ) ভলটেয়ার উত্তর: ঘ
ব্যাখ্যা: ভলটেয়ার ছিলেন ফরাসি দার্শনিক।

৫৩. কোন তিনজন দার্শনিককে Wise men of the old বলা হয়? [জবি (ডি ইউনিট): ১৫-১৬]
ক) হবস, লক ও রুশো
খ) সক্রেটিস, প্লেটো ও অগাস্টিন
গ) সক্রেটিস, প্লেটো ও এরিস্টটল
ঘ) প্লেটো, এরিস্টটল ও ম্যাকিয়াভেলি উত্তর: গ

৫৪. প্রাচীন গ্রিসের অন্ধ মহাকবির নাম কী? [বিভিন্ন মন্ত্রণালয়ের উপসহকারী প্রোগ্রামার: ১৬]
ক) হোমার খ) দান্তে
গ) সফোক্লিস ঘ) দ্যা ভিঞ্চি উত্তর: ক

৫৫. হোমার কোন ভাষার কবি? [জককনইবি (এফ ইউনিট): ১৮-১৯]
ক) ইংরেজি খ) ল্যাটিন
গ) স্প্যানিশ ঘ) গ্রিক উত্তর: ঘ

৫৬. হোমারের মহাকাব্যের নাম কী? [রবি (এই ইউনিট): ১৭-১৮]
ক) ইলিয়ড খ) ওডিসি
গ) ইনিট ঘ) ইডিপাস উত্তর: ক, খ

৫৭. Who composed the Iliad?/ 'ইলিয়াড' কে রচনা করেন? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের বাজিশাত কর্মকর্তা: ২২]
ক) John Milton খ) Virgil
গ) Plato ঘ) Homer উত্তর: ঘ

Scanned with CamScanner

৫৮. 'ওডিসি' (Odyssey) মহাকাব্যের রচয়িতা কে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট) : ১৪-১৫]
ⓚ হেরোডোটাস ⓚ হোমার
ⓖ ফেরদৌসি ⓖ হাফিজ উত্তর: খ

৫৯. যে শব্দযুগল পরস্পর-সম্পর্কিত নয় - [ঢাবি (খ ইউনিট): ১৭-১৮]
ⓚ টলেমি ও ভূগোল
ⓚ সক্রেটিস ও দর্শন
ⓖ হোমার ও উপন্যাস
ⓖ ইউক্লিড ও জ্যামিতি উত্তর: গ

৬০. সফোক্লিস কোন দেশের নাট্যকার? [জাবি (সি৭ ইউনিট): ১৫-১৬]
ⓚ ফ্রান্স ⓚ গ্রিস
ⓖ ইতালি ⓖ জার্মানি উত্তর: খ

৬১. সফোক্লিস রচিত নাটক কোনটি? [চবি (বি ইউনিট): ১০-১১]
ⓚ দি বার্ডস ⓚ মিডিয়া
ⓖ ইলেক্ট্রা ⓖ আগামেমনন উত্তর: গ

৬২. 'ইডিপাস' কী? [রাবি (আই ইউনিট): ১৪-১৫]
ⓚ সামুদ্রিক প্রাণী ⓚ উপন্যাস
ⓖ জলজ প্রাণী ⓖ নাটক উত্তর: ঘ

৬৩. 'রাজা ইডিপাস' নাটকের রচিয়তা-[জাবি (নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ): ০৯-১০]
ⓚ সফোক্লিস ⓚ শেক্সপিয়ার
ⓖ মলিয়ের ⓖ টমাস কীড উত্তর: ক

৬৪. গ্রিক নাট্যকার কে? [জাবি (সি ইউনিট): ১৬-১৭]
ⓚ তেরেন্স ⓚ ইউরিপিদিস
ⓖ স্যামুয়েল বেকেট ⓖ টি. এস. এলিয়ট উত্তর: খ

৬৫. ইতিহাসের জনক (Father of history) কে? [ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]
ⓚ থুসিডাইডিস ⓚ হেরোডোটাস
ⓖ এরিস্টটল ⓖ টয়েনবি উত্তর: খ

৬৬. হেরোডোটাস- এর জন্মভূমি- [ঢাবি (খ ইউনিট): ১৪-১৫]
ⓚ ইতালি ⓚ গ্রিস
ⓖ স্পেন ⓖ মিশর উত্তর: খ

৬৭. The author of 'The History of the Peloponnesian War'- [PBLtd. Senior Officer: 17]
ⓐ Machiavelli ⓑ Socrates
ⓒ Thucydides ⓓ Aristotle Ans. c

৬৮. বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক - [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ⓚ হেরোডোটাস ⓚ থুকি-ডাইডিস
ⓖ লিভি ⓖ কার্ল মার্ক্স উত্তর: খ

৬৯. History শব্দটি উৎপত্তি কোন ভাষা থেকে? [জাবি (সি ইউনিট) : ১৯-২০]
ⓚ গ্রিক ⓚ ফরাসি
ⓖ রোমান ⓖ সংস্কৃত উত্তর: ক

৭০. Histories- গ্রন্থটি লেখা হয় - [জাবি (সি ইউনিট): ১৬-১৭]
ⓚ মধ্যযুগে ⓚ আধুনিকযুগে
ⓖ প্রাচীনযুগে ⓖ রেনেসাঁযুগে উত্তর: গ

৭১. 'Histories' গ্রন্থ লিখেন? [জাবি (সি ইউনিট): ১৬-১৭]
ⓚ একজন গ্রিক ⓚ একজন পারসিক
ⓖ একজন ইংরেজ ⓖ একজন ভারতীয় উত্তর: ক

৭২. 'Histories' গ্রন্থের বিষয়বস্তু - [জাবি (সি ইউনিট): ১৬-১৭]
ⓚ পিলোপনেসিয়া যুদ্ধ ⓚ গ্রিক-পারসিক যুদ্ধ
ⓖ এথেন্স স্পার্টা যুদ্ধ ⓖ গ্রিক-রোমান যুদ্ধ উত্তর: খ

৭৩. প্রাচীন গ্রিসে চিত্রকর্ম অঙ্কন করা হতো – [ঢাবি (চ ইউনিট): ১৪-১৫]
ⓚ প্যাপিরাসে ⓚ মৃৎপাত্রের গায়ে
ⓖ কাঠের ওপর ⓖ কাপড়ের ওপর উত্তর: খ

৭৪. পৃথিবীর মানচিত্র প্রথম কারা অঙ্কন করেন? [জীবন বীমা কর্পোরেশনে উচ্চমান সহকারী: ২১]

*Or,*

Who constructed the first map of the world? [KU (B Unit): 05-06]
ⓚ মিশরীয়রা ⓚ রোমানরা
ⓖ গ্রিকরা ⓖ ভারতীয়রা উত্তর: গ

৭৫. Pythagoras was a Greek - [10 Banks and Financial Institutions Officer (General) : 24]
ⓐ Philosopher
ⓑ Mathematician
ⓒ Accountant
ⓓ a & b Ans. d

৭৬. প্রথমে অলিম্পিক খেলা কোথায় শুরু হয়েছিল? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]
ⓚ রোমে ⓚ গ্রিসে
ⓖ মিশরে ⓖ ইতালিতে উত্তর: খ

৭৭. গ্রিসে কখন প্রথম অলিম্পিক খেলা শুরু হয়? [ইবি (গ/ঙ ইউনিট): ০৩-০৪]
ⓚ খ্রিষ্টপূর্ব ৪০০০ ⓚ খ্রিষ্টপূর্ব ৭৬৬
ⓖ খ্রিষ্টপূর্ব ৭৭৬ ⓖ খ্রিষ্টপূর্ব ৩৯৯ উত্তর: গ

৭৮. 'পার্থেনন' কী? [চবি (বি২ ইউনিট): ১০-১১]
ⓚ গীর্জা ⓚ মন্দির
ⓖ প্রসাদ ⓖ স্মৃতিসৌধ উত্তর: খ

৭৯. The term 'Agora' means ancient - [Jahangirnagar University (C Unit): 16-17]
ⓐ Greek market
ⓑ Roman market
ⓒ Roman Stadium
ⓓ Greek theater Ans. a

৮০. 'Agora' শব্দের অর্থ কোনটি? [রাবি (খ ইউনিট): ১১-১২]
ⓚ মুদিখানা ⓚ পণ্যাগার
ⓖ পণ্য ⓖ মুক্তাঞ্চল উত্তর: ঘ

Scanned with CamScanner

# মধ্যযুগ
## Middle Age

### যুগবিভাজনের সমস্যা

প্রাচীন সুমেরীয়, মিশরীয়, চৈনিক, সিন্ধু ও গ্রিক সভ্যতার অবসানের পর রোমান সভ্যতার উত্থান ঘটে। এ সভ্যতা প্রাচীন ও মধ্য যুগের সভ্যতা ও সংস্কৃতির মাঝে সেতুবন্ধন রচনা করে। বস্তুত রোমান সভ্যতা ও সংস্কৃতির ধারাবাহিক ইতিহাসই হলো মধ্যযুগের ইউরোপের ইতিহাস। পরবর্তী রোমান সভ্যতা তথা মধ্যযুগের ইউরোপীয় সভ্যতার পতনের পটভূমিতে উত্থান ঘটে আধুনিক পাশ্চাত্যের। পঞ্চদশ শতাব্দী থেকে নিরন্তর প্রক্রিয়ায় উন্মেষ ও বিকাশ ঘটেছে আধুনিক পাশ্চাত্যের সমাজ ও সংস্কৃতির।

### রোমান সাম্রাজ্য (The Roman Empire)

ঐতিহাসিকদের ধারণা ৭৫৩ খ্রিষ্টপূর্বাব্দে রোম নগরী প্রতিষ্ঠিত হয়। রাজা রোমুলাস এর নামানুসারে রোম নগরীর নামকরণ করা হয়। টাইবার নদীর তীরে অবস্থিত প্রাচীন রোমানগরীকে বিশ্বের রাজধানী বলা হতো। কারণ রোম নগরীর সঙ্গে ইউরোপ, আফ্রিকা ও এশিয়া-এই তিনটি মহাদেশের বিস্তৃত যোগাযোগ ছিল। এই বিশাল সাম্রাজ্য শাসনের জন্য রোমান সম্রাট কনস্টানটাইন সাম্রাজ্যের পূর্বাঞ্চলে কৃষ্ণসাগর তীরবর্তী বাইজান্টিয়াম নামক স্থানে দ্বিতীয় রাজধানী প্রতিষ্ঠা করেন। ৩৩০ সালে প্রতিষ্ঠিত এই দ্বিতীয় রাজধানীর নামকরণ করা হয় কনস্টান্টিনোপল। এই নামকরণ করা হয়েছিল সম্রাট কনস্টানটাইনের নামানুসারে। শাসনের সুবিধার জন্য ৩৯৫ খ্রিষ্টাব্দে রোমান সাম্রাজ্য ২ ভাগে বিভক্ত করা হয়। যথা-

**ক) পশ্চিমাঞ্চলীয় রোমান সাম্রাজ্য:** রাজধানী রোমকে কেন্দ্র করে পশ্চিমাঞ্চলীয় রোমান সাম্রাজ্য শাসিত হতো। ৪৭৬ খ্রিষ্টাব্দে বর্বর জার্মান জাতি সমূহের হাতে পশ্চিম রোমান সাম্রাজ্যের পতন ঘটে কিন্তু পূর্ব রোমান সাম্রাজ্য অক্ষত থেকে যায়।

**খ) পূর্বাঞ্চলীয় রোমান সাম্রাজ্য:** রাজধানী কনস্টান্টিনোপলকে কেন্দ্র করে পূর্ব ইউরোপ, পূর্ব-ভূমধ্যসাগরীয় অঞ্চল, কৃষ্ণসাগরীয় অঞ্চল, এশিয়া মাইনরসহ পশ্চিম এশিয়া অঞ্চল শাসিত হতো। এই অঞ্চল 'বাইজান্টাইন সাম্রাজ্য' নামে অভিহিত হয়। ১৪৫৩ খ্রিষ্টাব্দে তুর্কি মুসলমানদের হাতে কনস্ট্যান্টিনোপল পতনের ভেতর দিয়ে বাইজেনটাইন সাম্রাজ্যের পতন ঘটে। কনস্ট্যান্টিনোপল ইস্তাম্বুল নাম নিয়ে আজ অবধি তুরস্কের অধিকারে আছে। ইস্তাম্বুলে অবস্থিত আয়া সোফিয়া (Hagia Sophia) বাইজেনটাইন সময়ের অন্যতম বিস্ময়কর স্থাপত্য শৈলী।

রোমের সবচেয়ে খ্যাতিমান সমর নায়ক ছিলেন জুলিয়াস সিজার (জীবনকাল : খ্রিষ্টপূর্ব ১০০ - ৪৬ অব্দ)। বিদ্রোহ দমন ও রাজ্য বিস্তারে সফল অভিযান সিজারকে একজন দক্ষ সমর নায়কে পরিণত করে। তাঁর বিখ্যাত উক্তি 'Veni, Vidi, Vici (এলাম, দেখলাম, জয় করলাম)'। কিন্তু তিনি একনায়কতন্ত্রের দিকে ঝুঁকে পড়লে গণতন্ত্র রক্ষার তাগিদে রোমের সিনেটররা তাঁর বিরুদ্ধ অবস্থান নেন। এরই জের ধরে নিহত হন সিজার। শুরু হয় গৃহযুদ্ধ। তিন নেতা (অক্টেভিয়াস সিজার, মার্ক এন্টনি এবং লেপিডাস) একযোগে ক্ষমতায় আসেন। অক্টেভিয়াস সিজার প্রথমে পরাজিত করেন লেপিডাসকে। এন্টনি মিশরের রাজকন্যা ক্লিওপেট্রা-কে বিয়ে করে শক্তি সঞ্চয় করেন। ক্লিওপেট্রা ইতিহাসে 'নীল নদের সর্প' (Serpent of the Nile) নামে পরিচিত। কিন্তু এন্টনিও পরাজিত হন অক্টেভিয়াস সিজারের হাতে। বিজয়ী অক্টেভিয়াস সিজার 'অগাস্টাস সিজার' উপাধি গ্রহণ করে নিজেকে রোমান সম্রাজ্যের প্রথম সম্রাট হিসেবে ঘোষণা দেন। অগাস্টাস সিজারের শাসনামলে খ্রিষ্টধর্মের প্রবর্তক যীশুখ্রিষ্টের জন্ম হয়।



*জুলিয়াস সিজার*

> খ্রিষ্ট ধর্মের কারণে রোমের পতন ঘটেছে এমন দাবির প্রেক্ষিতে সেইন্ট অগাস্টিন *The city of God* বইটি রচনা করেন।

**সাহিত্য:** হোরাস ও ভার্জিল এ যুগের বিখ্যাত কবি। ভার্জিলের বিখ্যাত মহাকাব্য 'ইনিড'। বিখ্যাত ইতিহাসবিদ ট্যাসিটাস এ যুগে রোমে জন্মগ্রহণ করেছিলেন। রোমান প্রাত্যহিক সরকারি বিজ্ঞপ্তি বা গেজেটকে 'অ্যাকটা ডুরনা' (Acta Diurna) বলা হতো। একে প্রায়শই বিশ্বের প্রথম সংবাদপত্র হিসেবে বিবেচনা করা হয়।

**স্থাপত্য:** সম্রাট হাইড্রিয়ান নির্মিত ধর্মমন্দির 'প্যান্থিয়ন' (Pantheon) - এর সবচেয়ে বড় আকর্ষণ এর গম্বুজ বিশিষ্ট ছাদ। রোমান স্থাপত্যে গম্বুজের ব্যবহার সারা বিশ্বে স্থাপত্য নকশায় বিপ্লব ঘটিয়েছিল।

পৃথিবীর সবচেয়ে বড় নাট্যশালা 'কলোসিয়াম' রোমেই তৈরি হয়েছে। রোমানরা মন্দির ও সৌধ সহ শহরের বিভিন্ন কেন্দ্রে পানি সরবরাহের জন্য তৈরি করে খিলানযুক্ত কৃত্রিম নালা যাকে বলা হয় অ্যাকুইডাক্ট।

Scanned with CamScanner

আইন: বিশ্বসভ্যতার ইতিহাসে রোমানদের সর্বশ্রেষ্ঠ অবদান হচ্ছে আইন প্রণয়ণ। খ্রিষ্টপূর্ব ৪৪৯ অব্দে ১২টি ব্রোঞ্জ পাতে নাগরিকের অধিকার ও কর্তব্য সম্পর্কিত লিখিত আইন 'The Twelve TAbles' (বার বিধি) সর্বজনীনভাবে প্রকাশ্যে ঝুলিয়ে দেওয়া হয়। রোমান আইনকে আধুনিক পাশ্চাত্য আইনের ভিত্তি বলা হয়।

## পবিত্র রোমান সাম্রাজ্য (Holy Roman Empire)

পশ্চিম রোমান সাম্রাজ্যের পতনের পর জার্মান জাতির একটি শাখা প্রবলভাবে শক্তিশালী হয়ে উঠে। এরা ইতিহাসে ফ্রাঙ্ক নামে পরিচিত ছিল। এই ফ্রাঙ্ক জাতি অষ্টম শতকের মধ্যেই জার্মান ও ফ্রান্সের বিস্তৃত অঞ্চল দখল করে পুনরায় রোমান সাম্রাজ্য পুনঃপ্রতিষ্ঠায় সক্ষম হয়। উক্ত বংশের শ্রেষ্ঠ পুরুষ মহান শার্লামেন (তিনি চার্লস নামেও পরিচিত) ৮০০ সালে রোমের সম্রাট পদে অধিষ্ঠিত হন। এই সাম্রাজ্যের শাসন প্রণালি, আইন-কানুন, রীতি-নীতি, প্রথা প্রভৃতি ছিল খ্রিষ্টান ধর্ম বা বাইবেল কেন্দ্রিক। সে কারণে এই সাম্রাজ্যের নাম হয়েছিল পবিত্র রোমান সাম্রাজ্য।

## MCQ Solution

১. **প্রাচীনযুগে নগর রাষ্ট্র কোথায় ছিল?** [মাধ্যমিক সহকারী শিক্ষক: ৯৮]
ⓚ গ্রেট ব্রিটেনে ⓚh প্রাচীন গ্রিস ও রোমে
ⓖ আমেরিকায় ⓖh জার্মানিতে **উত্তর: খ**

২. **বাইজেনটাইন (Byzantine) সাম্রাজ্যের রাজধানী ছিল কোন নগরী?** [৩৯তম বিসিএস (বিশেষ)]
ⓚ লিসবন ⓚh কন্সটান্টিনোপল
ⓖ প্যারিস ⓖh ভিয়েনা **উত্তর: খ**

৩. **ঐতিহাসিক কনস্টান্টিনোপল কোথায় অবস্থিত?** [ইবি (বি ইউনিট): ১১-১২]
ⓚ ইরান ⓚh ফিলিস্তিন
ⓖ লিবিয়া ⓖh তুরস্ক **উত্তর: ঘ**

৪. **বিশ্বের ইতিহাসে ১৪৫৩ সাল কেন প্রসিদ্ধ?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ): ০৩]
ⓚ বাস্তিল দুর্গের পতন
ⓚh কন্সটান্টিনোপলের পতন
ⓖ রেনেসাঁ যুগের সূচনালগ্ন
ⓖh ইউরোপে 'রিফরমেশন' যুগের সূচনালগ্ন **উত্তর: খ**

৫. **ইস্তাম্বুল-এর প্রাচীন নাম -** [ঢাবি (চ ইউনিট): ১২-১৩]
ⓚ বাইজানটাইন ⓚh মেসোপটেমিয়া
ⓖ আসিরিয়া ⓖh বেবিলন **উত্তর: ক**

৬. **ইস্তাম্বুলের পূর্ব নাম-** [IBBL এর ফিল্ড অফিসার (আরডিএস): ২২]
ⓚ আঙ্কারা ⓚh ইজমির
ⓖ কনস্ট্যান্টিনোপল ⓖh আদানা **উত্তর: গ**

৭. **আয়া সোফিয়া মসজিদ কোথায় অবস্থিত?** [বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা এর জুনিয়র টেকনিশিয়ান: ২৩]
ⓚ সৌদি আরব ⓚh জর্ডান
ⓖ তুরস্ক ⓖh মিশর **উত্তর: গ**

৮. **'Hagia Sophia'-এর স্থাপত্য শৈলী হচ্ছে-** [স্বাস্থ্য ও সেবা অধিদপ্তরের নকশাকার ড্রাফটম্যান: ২১]
ⓚ রোমান স্থাপত্য ⓚh বাইজেনটাইন স্থাপত্য
ⓖ ভারতীয় স্থাপত্য ⓖh বেঙ্গল স্থাপত্য **উত্তর: খ**

৯. **'জুলিয়াস সিজার' কেন বিখ্যাত?** [৩২তম বিসিএস]
ⓚ রোমান সম্রাট হিসেবে ⓚh বর্ণবাদ বিরোধী হিসেবে
ⓖ ব্রিটেনের রাজা হিসেবে
ⓖh আমেরিকার প্রেসিডেন্ট হিসেবে **উত্তর: ক**

১০. **Julius Caesar was the ruler of Rome about.........years ago.** [28th BCS]
ⓐ 1000 ⓑ 1500
ⓒ 2000 ⓓ 3000 **Ans. c**

১১. **"Veni, Vidi, Vici" উক্তিটি করেছেন-** [রাবি (এ ইউনিট): ২২-২৩]
*Or,*
**'এলাম, দেখলাম, জয় করলাম' কথাটি বলেছেন--** [ঢাবি'র কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট: ২৩-২৪]
ⓚ আলেকজান্ডার ⓚh জুলিয়াস সিজার
ⓖ নেপোলিয়ন ⓖh হিটলার **উত্তর: খ**

১২. **ক্লিওপেট্রা কোন দেশের রানি ছিলেন?** [চবি (বি১ ইউনিট): ১৪-১৫]
ⓚ ইতালি ⓚh গ্রিস
ⓖ ইংল্যান্ড ⓖh মিশর **উত্তর: ঘ**

১৩. **'সার্পেন্ট অব দি নাইল' নামে পরিচিত কে?** [ঢাবি'র কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট: ২৩-২৪]
ⓚ রানি ক্লিওপেট্রা ⓚh রানি ১ম এলিজাবেথ
ⓖ নেফারতিতি ⓖh মার্গারেট থ্যাচার **উত্তর: ক**

১৪. **রোম সাম্রাজ্যের প্রথম সম্রাট কে?** [প্রাথমিক বিদ্যালয় এর সহকারী শিক্ষক (৩য় ধাপ) - ২৪]
ⓚ রমিউলাস অগাস্টাস ⓚh অগাস্টাস সিজার
ⓖ রাজা রোমিওলাস ⓖh জুপিটার **উত্তর: খ**

১৫. **"The city of God" গ্রন্থের রচয়িতা কে?** [চবি (ডি-১ ও ডি-২ ইউনিট): ১৫-১৬]
ⓚ সেইন্ট অগাস্টিন ⓚh সেন্ট টমাস অ্যাকিনস
ⓖ হেরাক্লিটাস ⓖh এপিকিউরাস **উত্তর: ক**

১৬. **'ইনিড' কে লিখেছেন?** [ঢাবি (খ ইউনিট): ০৩-০৪]
ⓚ হোমার ⓚh ট্যাসো
ⓖ মিল্টন ⓖh ভার্জিল **উত্তর: ঘ**

১৭. **'Pantheon' (প্যান্থিয়ন) কোন দেশের একটি গোলাকার মন্দির?** [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার: ২২]
ⓚ বাইজেনটাইন ⓚh রোমান
ⓖ গ্রিক ⓖh জার্মান **উত্তর: খ**

১৮. **গম্বুজের ব্যবহার কোন প্রাচীন স্থাপত্যধারাকে অনেক বিস্তৃত ও উন্নত করে তুলেছিল?** [ঢাবি (চ ইউনিট): ১৩-১৪]
ⓚ গ্রিক ⓚh মিশরীয়
ⓖ চৈনিক ⓖh রোমান **উত্তর: ঘ**

Scanned with CamScanner

১৯. **রোমান সভ্যতার স্থাপত্য নিদর্শন 'কলোসিয়াম' হলো (An architectural heritage of Roman civilization, 'Colosseum' is a)** [ঢাবি (খ ইউনিট): ২০-২১]
ⓚ নাট্যশালা (Theatre) ⓚ উপাসনালয় (Themple)
ⓖ খেলার মাঠ (Playground)
ⓖ বিশ্ববিদ্যালয় (University) উত্তর: ক

২০. **'আকুয়াডাক্ট' কাদের সৃষ্টি?** [ঢাবি (চ ইউনিট): ১৩-১৪]
ⓚ গ্রিক ⓚ রোমান
ⓖ চৈনিক ⓖ ভারতীয় উত্তর: খ

২১. **বিশ্ব ইতিহাসের প্রথম পত্রিকা (প্রাত্যহিক দিনলিপি) কোনটি?** [ঢাবি (ঘ ইউনিট): ১৫-১৬]
ⓚ অ্যাকটা ডুরনা ⓚ খুফিয়া নবিস
ⓖ হরকরা ⓖ ওয়াকিয়া নবিস উত্তর: ক

২২. **Where was 'Acta Diurna' circulated?** [Bangladesh Betar Co-editor: 19]
ⓐ Venice ⓑ Sicily
ⓒ Rome ⓓ Pompeii Ans. c

২৩. **রোমান সভ্যতার অবদান:** [রাবি (এ ইউনিট): ১৮-১৯]
ⓚ আইন প্রণয়ন ⓚ লিখন পদ্ধতির আবিষ্কার
ⓖ ধাতব মুদ্রার আবিষ্কার ⓖ বর্ণমালার আবিষ্কার উত্তর: ক

২৪. **'বার বিধি' (The Twelve TAbles) কী?** [৪৬তম বিসিএস]
ⓚ রোমান আইনের ভিত্তি ⓚ স্থাপত্যের ১২টি নির্দেশনা
ⓖ স্থানীয়/ দেশি খেলা ⓖ ফুটবল খেলার নিয়মাবলি উত্তর:ক

## আরবিয় সভ্যতার উত্থান ও বিকাশ

আরব ভূখণ্ডে দীর্ঘদিন গোত্রভিত্তিক সমাজ ব্যবস্থা বিদ্যমান ছিল। কিন্তু ইসলামই প্রথম একটি ঐক্যবদ্ধ রাষ্ট্র ব্যবস্থা গড়ে তোলার পর আরব এবং এর আশপাশে বৃহত্তর রাষ্ট্র ও সভ্যতা গড়ে উঠতে শুরু করে।

### ক) রাশিদুন খিলাফত (৬৩২ - ৬৬১ খ্রি.)

খোলাফায়ে রাশেদীনের সময় মুসলিম সাম্রাজ্যের রাজধানী ছিল মদিনায়। খোলাফায়ে রাশেদীনের খলিফারা হলেন- (ক্রমানুসারে)

১) *হজরত আবুবকর সিদ্দিক (রা.)* 'বায়তুল মাল' (ইসলামি রাষ্ট্রের কেন্দ্রীয় কোষাগার) প্রতিষ্ঠা করেন।

২) *হজরত ওমর ইবনে আল খাত্তাব (রা.)* খুবই ন্যায়পরায়ণ ও শক্তিমান শাসক ছিলেন। এজন্য তাঁকে 'ওমর দ্য গ্রেট' বলা হয়। তাঁর সময়ে ইসলামি সাম্রাজ্য সবচেয়ে বেশি বিস্তৃতি লাভ করে।

৩) *হজরত উসমান ইবনে আফফান (রা.)*

৪) *হজরত আলী ইবনে আবু তালিব (রা.)* শিশুদের মধ্যে সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেছিলেন। খাইবারের যুদ্ধে অসামান্য বীরত্ব প্রদর্শনের জন্য মহানবি (স) তাঁকে 'আসাদুল্লাহ' (অর্থ- আল্লাহর সিংহ) উপাধিতে ভূষিত করেন। ৬৬১ খ্রিষ্টাব্দে কুফায় আততায়ীর হাতে শাহাদাত বরণ করেন। ইরাকের নাজাফে তাঁর মাযার অবস্থিত।

### খ) উমাইয়া খিলাফত (৬৬১-৭৫০ খ্রি.

উমাইয়া খলিফাদের রাজধানী ছিল দামেস্ক।

*মুয়াবিয়া* খুলাফায়ে রাশেদীনের গণতান্ত্রিক শাসনের পরিবর্তে বংশানুক্রমিক রাজতন্ত্রের সূচনা করেন।

*আবদুল মালিক* জেরুজালেমে বিখ্যাত গম্বুজ "কুব্বাতুস সাখরা" (Dome of the Rock) নির্মাণ করেন।

*প্রথম ওয়ালিদ বিন আব্দুল মালিক* এর শাসনামলে উমাইয়া সাম্রাজ্য সর্বাধিক বিস্তৃতি লাভ করে। তাঁর সেনাপতি মুসা বিন নুসাইর সমগ্র উত্তর আফ্রিকা এবং তারিক স্পেন জয় করে। মুসলমানরা ৭১১ খ্রিষ্টাব্দের অক্টোবরে স্পেন জয় করে।

**স্পেনে মুসলমান শাসন**
**(৭১১ - ১৪৯২ খ্রি.)**

মুসলমানরা স্পেনে পৃথক খিলাফত প্রতিষ্ঠা করে। এ সময় দেশটি আন্দালুসিয়া নামে পরিচিত ছিল। রাজধানী ছিল কর্ডোভা। কর্ডোভা মধ্যযুগে ইউরোপ মহাদেশে জ্ঞান চর্চার প্রাণকেন্দ্রে পরিণত হয়েছিল বলে একে 'ইউরোপের বাতিঘর' (Light House of the Europe) বলা হতো।

### (গ) আব্বাসীয় খিলাফত

আব্বাসীয় খিলাফতকে ইসলামের ইতিহাসে স্বর্ণযুগ বলা হয়। আব্বাসীয় খলিফারা মন্ত্রিদেরকে 'উজির' উপাধি দিয়েছিলেন।

**ক) প্রথম পর্যায় (৭৫০-১২৫৮ খ্রি.)**

*আবুল আব্বাস আস সাফ্‌ফাহ* আব্বাসীয় খিলাফত প্রতিষ্ঠা করেন।

*আবু জাফর আল মনসুর* ৭৬২ খ্রিষ্টাব্দে বাগদাদে রাজধানী স্থাপন করেন। বাগদাদ নগরীর নামকরণ হয় 'দারুস-সালম' (*Abode of Peace* : শান্তি নিবাস)।

*হারুন আল রশিদ* ছিলেন সবচেয়ে খ্যাতিমান আব্বাসীয় খলিফা।

*আল মামুন* (৮১৩ - ৮৩৩ খ্রি.) বাগদাদে জ্ঞান চর্চার জন্য 'বায়তুল হিকমা' (House of Wisdom) প্রতিষ্ঠা করেন।

১২৫৮ খ্রিষ্টাব্দে কুখ্যাত মোঙ্গল নেতা হালাকু খানের হাতে বাগদাদ নগরীর পতন হয়।

**খ) দ্বিতীয় পর্যায় (১২৬১-১৫১৭ খ্রি.):** এ সময় রাজধানী ছিল কায়রো।

## MCQ Solution

১. **ইসলামের প্রথম খলিফা কে ছিলেন?** [রাবি (ইতিহাস বিভাগ): ০৭-০৮]
ⓚ হজরত ওমর (রা.)
ⓚ হজরত আবু বকর (রা.)
ⓖ হজরত আলী (রা.)
ⓖ হজরত ওসমান (রা.) উত্তর: খ

২. **'বায়তুল মাল' কে প্রতিষ্ঠা করেন?** [BREB সহকারী সচিব: ১৫]
ⓚ হজরত ওমর (রা.) ⓚ হজরত আবু বকর (রা.)
ⓖ হজরত ওসমান (রা.) ⓖ হজরত আলী (রা.) উত্তর: খ

Scanned with CamScanner

৩. কোন খলিফার শাসনামলে মুসলিম সাম্রাজ্য সবচেয়ে বেশি বিস্তার লাভ করে? [চবি (খ ইউনিট): ০৩-০৪]
ক হারুনুর রশিদ খ আল মামুন
গ হজরত উমর রা. ঘ আল ওয়ালিদ উত্তর: গ

৪. হজরত ওসমান ইসলামের ইতিহাসে কততম খলিফা? [রাবি (এ ইউনিট): ১৪-১৫]
ক প্রথম খ দ্বিতীয়
গ তৃতীয় ঘ চতুর্থ উত্তর: গ

৫. 'আসাদুল্লাহ' কার উপাধি? [IBBL (Field Officer-RDS): 16]
ক আলী রা. খ হামজা রা.
গ খালিদ বিন ওয়ালিদ রা.
ঘ জাফর বিন আবী তালিব রা. উত্তর: ক

৬. আলী (রা.) শহিদ হন - [ইবি (বি ইউনিট): ০৩-০৪]
ক বসরায় খ মদীনায়
গ কুফায় ঘ মক্কায় উত্তর: গ

৭. Where is the Mazar of Hazrat Ali (R) located?/ হজরত আলী (রা.) এর মাজার কোথায় অবস্থিত? [FSIBL Probationary Officer: 09]
ⓐ UAE ⓑ Saudi Arabia
ⓒ Moscow ⓓ Iraq Ans. d

৮. উমাইয়া বংশের প্রতিষ্ঠাতা- [রাবি (এ ইউনিট): ১৭-১৮]
ক আল-ওয়ালিদ খ মুয়াবিয়া
গ মামুন ঘ হজরত আলী উত্তর: খ

৯. মুসলিম জাহানে বংশানুক্রমিক শাসন এর প্রবর্তক - [রাবি (এ-১ ইউনিট): ১১-১২]
ক হজরত ওমর খ খলিফা আব্দুল মালিক
গ হজরত ওসমান ঘ খলিফা মুয়াবিয়া উত্তর: ঘ

১০. উমাইয়া খলিফার রাজধানী কোথায় ছিল? [রাবি (এ-১ ইউনিট): ১১-১২]
ক মক্কা খ মদিনা
গ দামেস্ক ঘ বাগদাদ উত্তর: গ

১১. 'কুব্বাত আস-সাখরা' নির্মাণ করেন - [রাবি (এ-৩ ইউনিট): ১০-১১]
ক হাজ্জাজ বিন ইউসুফ খ আব্দুল্লাহ ইবনে যুবায়ের
গ আবদুল মালিক ঘ আল ওয়ালিদ উত্তর: গ

১২. কোন খলিফার রাজত্বকালে স্পেন বিজিত হয়? [রাবি (এ-৩ ইউনিট): ১২-১৩]
ক হজরত ওমর রা. খ ওমর বিন আব্দুল আজিজ
গ ওয়ালিদ ঘ ইয়াজিদ উত্তর: গ

১৩. মুসলমানরা স্পেন বিজয় করে কত খ্রিষ্টাব্দে? [কুবি (বি ইউনিট): ১৩-১৪]
ক ৭১২ খ ৭১৩
গ ৮১৫ ঘ ৭২৫ উত্তর: ক
ব্যাখ্যা: মুসলমানরা ৭১১ খ্রি. স্পেন জয় করে।

১৪. কোন মুসলিম সেনাপতি স্পেন জয় করেন? [রাবি (ইতিহাস বিভাগ): ০৮-০৯]
ক মুসা বিন নুসায়ের খ খালিদ বিন ওয়ালিদ
গ মুহম্মদ বিন কাসিম ঘ তারিক উত্তর: ঘ

১৫. আরবরা স্পেনকে কি নামে অভিহিত করত? [রাবি (এ-৩ ইউনিট): ১০-১১]
ক আইবেরীয় উপদ্বীপ খ গ্যালিসিয়া
গ আন্দালুসিয়া ঘ মুরসিয়া উত্তর: গ

১৬. আন্দালুসিয়া যে দেশের পূর্বতন নাম- [রাবি (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি): ০৮-০৯]
ক ফ্রান্স খ স্পেন
গ জার্মানি ঘ পর্তুগাল উত্তর: খ

১৭. মধ্যযুগে মুসলিম শাসিত কোন শহরকে 'Light House of the Europe' বলা হতো? [জবি (খ ইউনিট): ১৫-১৬]
ক কায়রোয়ান খ কায়রো
গ বাগদাদ ঘ কর্ডোভা উত্তর: ঘ

১৮. Muslim conquests of the middle East & North Africa took place:/ মধ্যপ্রাচ্য এবং উত্তর আফ্রিকায় মুসলমানদের বিজয় সম্পন্ন হয়- [IFIC Bank Ltd. Proationary Officer: 96]
ⓐ In the 13th century A.D
ⓑ Between 7th and 12th century A.D
ⓒ In the 6th century A.D
ⓓ None of the above Ans. d
ব্যাখ্যা: সপ্তম শতাব্দী এবং অষ্টম শতাব্দীর প্রথমভাগে (৬২২-৭৫০ খ্রিষ্টাব্দ) মধ্যপ্রাচ্য এবং উত্তর আফ্রিকা মুসলমানদের অধিকারে আসে।

১৯. ইসলামের ইতিহাসে স্বর্ণযুগ - [শ্রম অধিদপ্তরে সহকারী অফিসার: ৯৬]
ক উমাইয়া শাসনকাল খ ফাতেমী শাসনকাল
গ আব্বাসীয় শাসনকাল ঘ মুঘল শাসনকাল উত্তর: গ

২০. আব্বাসীয় বংশের প্রতিষ্ঠাতা ছিলেন- [ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান): ১৮-১৯]
ক আবু জাফর আল মনসুর
খ আবুল আব্বাস আস-সাফফাহ্
গ হারুন অর রশীদ ঘ আল-মাহদী উত্তর: খ

২১. আব্বাসীয় খলিফাদের রাজধানী ছিল- [রাবি (ইতিহাস): ০৭-০৮]
ক মক্কায় খ মদীনায়
গ দামেস্কে ঘ বাগদাদে উত্তর: ঘ

২২. মুসলিম প্রশাসনে উজির পদের সৃষ্টি হয় - [রাবি (এ-৩ ইউনিট): ১২-১৩]
ক সুলতানী আমলে খ মহানবি (স.) এর আমলে
গ উমাইয়া আমলে ঘ আব্বাসীয় আমলে উত্তর: ঘ

২৩. Baghdad was known as- [IBBL Assistant Officer: 03]
ⓐ Green city (সবুজ শহর)
ⓑ Desert City (মরুভূমির শহর)
ⓒ Abode of Peace (শান্তি নিবাস)
ⓓ Democratic City (গণতান্ত্রিক শহর) Ans. c

২৪. 'নহর-ই-যুবাইদা' যেখানে অবস্থিত - [ঢাবি (খ ইউনিট): ২০-২১]
ক মক্কা খ মদিনা
গ বাগদাদ ঘ দামেস্ক উত্তর: ক

Scanned with CamScanner

২৫. Where '*Bayt al-Hikmah*' is situated?/ 'বায়তুল হিকমা' কোথায় অবস্থিত? [Al-Arafah Islami Bank MTO : 11]
ⓐ Rome ⓑ Baghdad
ⓒ Madina ⓓ Iran **Ans. b**

২৬. **'বায়তুল হিকমা' কী?** [জাবি (সি৩ ইউনিট): ১৭-১৬]
ⓚ আব্বাসী রাজপ্রাসাদ ⓚ জ্ঞানচর্চা কেন্দ্র
ⓖ প্রমোদ কেন্দ্র ⓖ কারাগার **উত্তর: খ**

২৭. **'বায়তুল হিকমা' প্রতিষ্ঠা করেন–** [ইবি (বি ইউনিট):১৩-১৪]
ⓚ আল-মামুন ⓚ আল-আমীন
ⓖ হারুন-আল-রশীদ ⓖ আল-মনসুর **উত্তর: ক**

২৮. **ইসলামের ইতিহাসে জ্ঞান-বিজ্ঞানের উৎকর্ষ সাধিত হয় -** [রাবি (এ-৩ ইউনিট): ১০-১১]
ⓚ উমাইয়া যুগে ⓚ খুলাফায়ে রাশেদিনের যুগে
ⓖ উসমানীয় যুগে ⓖ আব্বাসীয় যুগে **উত্তর: ঘ**

২৯. **আব্বাসীয় বংশের পতন ঘটে** - [রাবি (এ ইউনিট): ১৪-১৫]
ⓚ ১২০০ সালে ⓚ ১২৫৮ সালে
ⓖ ১৫২৬ সালে ⓖ ১৫৩০ সালে **উত্তর: খ**

৩০. **বাগদাদ নগরী ধ্বংসকারী হিসেবে কুখ্যাত মোঙ্গল নেতা -** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মার্নবিক): ০৮-০৯]
ⓚ মেঙ্গু খান ⓚ চেঙ্গিস খান
ⓖ হালাকু খান ⓖ কুবলাই খান **উত্তর: গ**

৩১. **হালাকু খান বাগদাদ নগর ধ্বংস করেন কোন সালে?** [চবি (খ ইউনিট): ০৩-০৪]
ⓚ ১১৯১ ⓚ ১২৫৮
ⓖ ১৭৫৭ ⓖ ১১৯২ **উত্তর: খ**

## ধর্মযুদ্ধ (Crusade)

বায়তুল মুকাদ্দাস হচ্ছে জেরুজালেমের একটি পবিত্র মসজিদের নাম। ইহুদি, খ্রিষ্টান এবং মুসলমান - এই তিন ধর্মের মানুষের কাছেই এই ঘর সমান পবিত্র। পবিত্রভূমি জেরুজালেমের উপর কর্তৃত্ব প্রতিষ্ঠাকে কেন্দ্র করে ইউরোপের খ্রিষ্টান ও প্রাচ্যের মুসলমানদের মধ্যে ১০৯৬ - ১২৯২ খ্রি.পর্যন্ত প্রায় ২০০ বছরব্যাপী যে যুদ্ধ সংঘটিত হয়, তা ইতিহাসে ক্রুসেড নামে পরিচিত।

### MCQ Solution

১. **পবিত্র ভূমি কোনটিকে বলা হয়?** [১১তম বিসিএস]
ⓚ প্যালেস্টাইন ⓚ জেরুজালেম
ⓖ জেদ্দা ⓖ তাইফ **উত্তর: খ**

২. **কোন শহরকে মুসলমান, খ্রিষ্টান, ইহুদি সকলেই পবিত্র জ্ঞান করে?** [BPDB এর নিব পদ্ব প্রহরী : ২২]
ⓚ মক্কা ⓚ জেদ্দা
ⓖ জেরুজালেম ⓖ প্যালেস্টাইন **উত্তর: গ**

৩. **ইহুদি, খ্রিষ্টান ও মুসলিম সকলের নিকট পবিত্র স্থান হলো-** [রাবি (এ ইউনিট) : ১৭-১৮]
ⓚ সেন্ট পিটার্স ⓚ বায়তুল মোকাদ্দাস
ⓖ মক্কা ⓖ মদীনা **উত্তর: খ**

৪. **A war of religions -** [Pubali Bank Ltd. SO : 23]
ⓐ Calligraphy ⓑ Contraband
ⓒ Cavalry ⓓ Crusade **Ans. d**

৫. **'Crusade' বলতে কী বোঝায়?** [চবি (ডি ইউনিট): ০৪-০৫]
ⓚ ইউরোপ থেকে মুসলিম বিতাড়নের যুদ্ধ
ⓖ মুসলমানদের জোরপূর্বক ধর্মান্তরিত করার যুদ্ধ
ⓖ মুসলমানদের হাত থেকে জেরুজালেম উদ্ধারের যুদ্ধ
ⓖ খ্রীষ্টান ও ইহুদিদের মধ্যে সংঘটিত ধর্মযুদ্ধ **উত্তর: গ**

৬. **ক্রুসেডের আনুমানিক সময়কাল কত?** [জাবি (ইতিহাস বিভাগ):০৯-১০]
ⓚ ৮২৬-১০২৬ খ্রি. ⓚ ৮৯৬-১১২৬ খ্রি.
ⓖ ১০৯৬-১২৯২ খ্রি. ⓖ ১১২৬-১৩২৬ খ্রি. **উত্তর: গ**

## মঙ্গোল সাম্রাজ্য (১২০৬ - ১৩৬৮ খ্রি.)

ত্রয়োদশ শতাব্দীর শুরুতে দিগ্বিজয়ী নৃপতি চেঙ্গিস খান শক্তিশালী মঙ্গোল সাম্রাজ্যের গোড়াপত্তন করেন। তাঁর পৌত্র কুবলাই খান চীন থেকে ইউরোপ পর্যন্ত বিস্তৃত বিশাল সাম্রাজ্যের অধিপতি ছিলেন। ইউরোপীয়দের কাছে চীনের তৎকালীন নাম ছিল ক্যাথে। সে সময় ইউরোপের মানুষ দূরপ্রাচ্য বা চীন সম্পর্কে খুব বেশি জানত না। ইতালিয়ান পরিব্রাজক মার্কো পোলো ১২৭১ থেকে ১২৯৫ সাল পর্যন্ত ইউরোপ থেকে সিল্ক রোডে এশিয়া ভ্রমণ করেন এবং তাঁর এই ভ্রমণকাহিনী নিয়ে পরবর্তীতে তিনি একটি বই লেখেন। মার্কো পোলো প্রথম ইউরোপীয় ছিলেন না, যিনি প্রাচ্য ভ্রমণ করেন; কিন্তু তিনিই ছিলেন প্রথম ইউরোপীয়, যিনি প্রাচ্যকে পাশ্চাত্যের কাছে পরিচিত করিয়ে দিয়েছিলেন।

### MCQ Solution

১. **চীনের পুরাতন নাম কী?** [রাবি (দর্শন): ০৭-০৮]
ⓚ পিকিং ⓚ ক্যাথে
ⓖ মালয় ⓖ গল **উত্তর: খ**

২. **চীন আবিষ্কার করেন-** [বিবিএস এর পরিসংখ্যান সহকারী: ২০]
ⓚ উইলিয়াম হার্সেল ⓚ মার্কোপোলো
ⓖ লিভিংস্টোন ⓖ গ্যালিলিও **উত্তর: খ**

৩. **Marco Polo -** [JU (F Unit): 20-21]
ⓐ discovered Canada
ⓑ discovered Greenland
ⓒ travelled round the cape of Good Hope
ⓓ travelled through China, India & other parts of Asia **Ans. d**

Scanned with CamScanner

# আধুনিক পাশ্চাত্যের উত্থান
# Raise of the Modern Western World

## রেনেসাঁস বা নবজাগরণ

ইউরোপের ইতিহাসে মধ্যযুগ এবং আধুনিক যুগের মাঝে চিহ্নিত সীমারেখা হলো এই রেনেসাঁস বা নবজাগরণ (Revival Or Rebirth Of Learning)। ফরাসি Renaissance শব্দটির আভিধানিক বা আক্ষরিক অর্থ হলো পুনর্জন্ম। ইউরোপের ইতিহাসে প্রচলিত অর্থে রেনেসাঁস বলতে প্রাচীন গ্রিক ও রোমান জ্ঞানবিজ্ঞান (সাহিত্য, শিল্প, দর্শন, চিত্রকলা, ভাস্কর্য, বিজ্ঞান প্রভৃতি) কে জানার জন্য গভীর আগ্রহ এবং উৎসাহ সৃষ্টি হওয়াকে বুঝায়। পঞ্চদশ শতকে ইউরোপের সমাজ, সংস্কৃতি, রাজনীতি, অর্থনীতি, জ্ঞানচর্চা ও চিন্তা-চেতনা এবং মানুষের জীবন জিজ্ঞাসায় যে ব্যাপক পরিবর্তনের সূচনা ঘটে, এটাকে সাধারণভাবে ইউরোপের রেনেসাঁস বা নবজাগরণ বলা হয়ে থাকে। রেনেসাঁস এর ব্যাপ্তিকাল ছিল চতুর্দশ থেকে সপ্তদশ শতাব্দী। মধ্যযুগের স্থবির সামন্ত আর্থ-সামাজিক কাঠামো ভেঙ্গে নতুন সমাজ ও সংস্কৃতি নির্মাণের লক্ষ্যে পরিচালিত হয়েছিল এই রেনেসাঁস। খ্রিষ্টান ধর্মের নির্দিষ্ট গণ্ডির বাইরে এসে মানুষ অজানাকে জানার এবং অচেনাকে চেনার জন্য আগ্রহী হয়ে উঠে। সর্বোপরি এই রেনেসাঁসের ভেতর দিয়েই ইউরোপের সাধারণ মানুষ খ্রিষ্টান ধর্মের শাসন, শোষণ ও অত্যাচার থেকে বেরিয়ে এসে এক নতুন জীবন শুরু করে। মানুষের মননে ও মেধায় প্রধান হয়ে উঠে যুক্তিবাদ ও অনুসন্ধিৎসা। বিকশিত হতে শুরু করে মানবতাবাদ।

রেনেসাঁস প্রথমে শুরু হয়েছিল ইতালিতে। ১৪৫৩ খ্রিষ্টাব্দে অটোম্যান তুর্কিদের হাতে কনস্টান্টিনোপলের পতনের পরে সেখানকার শিল্পী, সাহিত্যিক, পণ্ডিত ও বিদ্বান মনীষীরা ইউরোপের বিভিন্ন অঞ্চল বিশেষত ইতালিতে এসে আশ্রয় গ্রহণ করে। কনস্টান্টিনোপলের পণ্ডিতদের জ্ঞান-বিজ্ঞান চর্চা গোটা পশ্চিম ইউরোপ বিশেষত ইতালিতে এক নবজাগরণের সূত্রপাত ঘটায়। ইতালির জেনোয়া, ফ্লোরেন্স, ভেনিস প্রভৃতি শহর ইউরোপে রেনেসাঁস সৃষ্টিতে কার্যকর ভূমিকা পালন করেছিল। তবে এটাও বলা প্রয়োজন যে, কনস্টান্টিনোপলের পতন ইউরোপে নবজাগরণের একমাত্র কারণ নয়, অন্যতম প্রধান কারণ মাত্র। ক্রমে রেনেসাঁস ছড়িয়ে পড়ে সমগ্র ইউরোপে। পরবর্তী পর্যায়ে ইউরোপ থেকে এই আধুনিক সভ্যতার ঢেউ ছড়িয়ে পড়ে এশিয়া এবং আফ্রিকার দেশসমূহে।

### MCQ Solution

১. 'রেনেসাঁস (Renaissance) কথাটির আক্ষরিক অর্থ কি? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]

ⓚ যুগ ⓚ জন্মানো
ⓖ পুনর্জন্ম ⓖ মৃত্যু **উত্তর: গ**

২. '*Renaissance*' means - [Standard Bank Ltd. Probationary Officer: 10]

*Or,*

**Renaissance কথাটির অর্থ কি?** [মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অধীক্ষক': ৯৮]

ⓐ The revival of life
ⓑ The revival of learning
ⓒ The revival of hard work
ⓓ The revival of new county **Ans. b**

৩. **'রেনেসাঁস' শব্দটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে?** [প্রবাসী কল্যাণ ব্যাংক অফিসার (ক্যাশ): ২১]

ⓚ তুর্কি ⓚ ফরাসি
ⓖ পর্তুগিজ ⓖ ওলন্দাজ **উত্তর: খ**

৪. **রেনেসাঁস হলো** - [জাককানইবি (বি ইউনিট): ১৩-১৪]

ⓚ শিল্প আন্দোলনের নাম
ⓚ একটি ভাস্কর্যের নাম
ⓖ একজন শিল্পীর নাম
ⓖ কোনোটিই নয় **উত্তর: ক**

৫. **ইউরোপীয় রেনেসাঁস কোন শতাব্দীতে সংঘটিত হয়েছিল?** [জাবি (সি ইউনিট): ১৫-১৬]

ⓚ একাদশ-দ্বাদশ ⓚ দশম-দ্বাদশ
ⓖ ত্রয়োদশ-ষোড়শ ⓖ সপ্তদশ-অষ্টাদশ **উত্তর: গ**

৬. **ইউরোপীয় রেনেসাঁ হয়** - [রাবি (এ ইউনিট): ১৬-১৭]

ⓚ ১৪৫৩ সালে ⓚ ১৭৮৯ সালে
ⓖ ১৮২০ সালে ⓖ ১৯০০ সালে **উত্তর: ক**

৭. **রেঁনেসার সূত্রপাত কোথায়?** [স্বাস্থ্য ও সেবা অধিদপ্তরের নকশাকার ড্রাফটম্যান: ২২/ বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান: ২২]

ⓚ ইতালি ⓚ স্পেন
ⓖ গ্রিস ⓖ ইংল্যান্ড **উত্তর: ক**

৮. **রেনেসাঁস উৎপত্তি ইতালির কোন শহরে?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উপ-সহকারী প্রকৌশলী: ২১]

ⓚ ফ্লোরেন্স ⓚ পিসা
ⓖ রোম ⓖ মিলান **উত্তর: ক**

৯. **ইউরোপে রেনেসাঁসের মধ্য দিয়ে কোন কোন ক্ষেত্রে নবজাগরণ ঘটে?** [জাবি (সি ইউনিট): ২০-২১]

ⓚ চিন্তা-চেতনা, সমাজনীতি ও মানবতাবাদ
ⓚ কৃষিকাজ, জ্ঞানচর্চা ও অর্থনীতি
ⓖ বাণিজ্য, ধর্মনিরপেক্ষতা ও রাষ্ট্রনীতি
ⓖ জ্ঞানচর্চা, চিন্তা-চেতনা ও শিল্প-সাহিত্য **উত্তর: ঘ**

Scanned with CamScanner

## ভৌগোলিক আবিষ্কার

ইউরোপকে অনেক প্রয়োজনীয় দ্রব্যের জন্য অন্য মহাদেশ বিশেষ করে এশিয়ার ওপর প্রাচীন কাল থেকেই নির্ভর হতে হতো। ইউরোপীয়দের দক্ষিণ পূর্ব এশিয়া থেকে মসলা, চীন থেকে সিল্ক, ভারত থেকে তুলা ও রত্ন আমদানি করতে হতো। তবে যে জিনিসটির জন্য ইউরোপ সবচাইতে বেশি এশিয়ার ওপর নির্ভরশীল ছিল তা হলো মসলা। গোলমরিচ, দারুচিনি, আদা, মরিচ, জায়ফল, লবঙ্গ শুধুমাত্র গ্রীষ্মমণ্ডলীয় দক্ষিণ পূর্ব-এশিয়ায় জন্মায়। ইউরোপ এগুলো আমাদের দেশের মতো সুস্বাদু খাবার তৈরি জন্য ব্যবহার করতো তা কিন্তু নয়। তখন ইউরোপে রেফ্রিজারেটর আবিষ্কৃত হয় নি, মাংস সংরক্ষণের জন্য মসলার প্রয়োজন ছিল, তখন লবণ দিয়ে মাংস সংরক্ষণ করা হতো, কিন্তু তা অনেকেই পছন্দ করতো না। ফলে ইউরোপে দূরপ্রাচ্যের দ্রব্যের চাহিদা ক্রমে বেড়েই চলেছিলো। ১৪৫৩ সালে কন্সটান্টিনোপলের পতন ঘটার সঙ্গে সঙ্গে সমগ্র ভূমধ্যসাগরীয় অঞ্চলে তুর্কি শক্তির আধিপত্য বিস্তৃত হয়। ফলে প্রাচ্য থেকে এসব দ্রব্য সামগ্রী ভূমধ্যসাগরের পথে ইউরোপে আমদানি করা প্রায় অসম্ভব হয়ে পড়ে। এই সময় থেকে পশ্চিম ইউরোপের দেশসমূহ সমুদ্র পথে এশিয়ার সাথে বাণিজ্য পথ আবিষ্কারের জন্য আপ্রাণ চেষ্টা চালায়। প্রধানত এরই ফলশ্রুতিতে সংঘটিত হয় ভৌগোলিক আবিষ্কার।

### ক) পর্তুগিজ আবিষ্কার




ইউরোপ হতে ভারতে আসার জলপথ আবিষ্কার (ইনসেটে ভাস্কো ডা গামা)

১৪৮৭ সালে পর্তুগিজ নাবিক বার্থালমু ডিয়াজ আফ্রিকা মহাদেশের দক্ষিণে অবস্থিত দক্ষিণ আফ্রিকার উত্তমাশা অন্তরীপ (Cape of Good Hope) পর্যন্ত পৌঁছাতে সক্ষম হন। এর মাধ্যমে ইউরোপ হতে সমুদ্রপথে পূর্বদিকে যাওয়ার জলপথ আবিষ্কৃত হয়। ১৪৯৭ খ্রিষ্টাব্দে পর্তুগিজ নাবিক ভাস্কো-ডা-গামা এক অভিযানে বের হন। ডিয়াজের পথ ধরে তিনি উত্তমাশা অন্তরীপ অতিক্রম করে পূর্ব আফ্রিকার কেনিয়ায় পৌঁছেন। এখানে এক আরব নাবিক তাকে ভারত মহাসাগর অতিক্রম করে ভারতে পৌঁছাতে সহায়তা করেন। ১৪৯৮ সালের মে মাসে ভাস্কো-ডা-গামা ভারতের কালিকটে পদার্পণ করেন। আবিষ্কৃত হয় ইউরোপ হতে ভারতে আসার জলপথ।

### খ) স্পেনীয় আবিষ্কার

ডিয়াজের আবিষ্কারের পর পর্তুগিজরা এশিয়ায় যাওয়ার রাস্তা নিয়ন্ত্রণ করবে এটা ভেবে পর্তুগালের প্রতিদ্বন্দ্বী স্পেনীয়রা পশ্চিম থেকে এশিয়ায় যাওয়ার অন্য রাস্তা বের করা যায় কি না তা নিয়ে চিন্তা শুরু করে। ইতালীয় অধিবাসী কলম্বাস এ ব্যাপারে এক পরিকল্পনা পেশ করেন। তাঁর ধারণা ছিল আটলান্টিকের ওপর পশ্চিমে নৌযান চালিয়ে গেলে তিনি ভারত এবং চীনে পৌছাতে পারবেন। স্পেনীয় রাজদম্পতি ফার্ডিন্যান্ড ও ইসাবেলা কলম্বাসের সহায়তায় এগিয়ে আসেন। ১৪৯২ খ্রিষ্টাব্দের আগস্ট মাসে কলম্বাস স্পেনীয় বন্দর পালোস থেকে যাত্রা শুরু করেন। রসদ মজুদ এবং জাহাজ মেরামত করতে তিনি আটলান্টিক মহাসাগরের স্পেনীয় দ্বীপপুঞ্জ ক্যানারিতে যাত্রা বিরতি করেন। এরপর তিনি পশ্চিম দিকে যাত্রা করে ১২ অক্টোবর, ১৪৯২ একটি দ্বীপে পৌছান। দ্বীপটি ছিল বাহামা দ্বীপপুঞ্জের অন্তর্গত সান সালভাদর। কলম্বাস এবং তাঁর সঙ্গীরা ভেবেছিলেন তাঁরা ভারতীয় উপমহাদেশের পশ্চিম উপকূলের দ্বীপে পৌছে গেছেন। তাঁরা কল্পনা করতে পারেননি তাঁদের আবিষ্কৃত স্থানটি ভারত থেকে হাজার হাজার মাইল দূরে - নতুন এক মহাদেশ। সেই ভুল থেকে উত্তর আটলান্টিক মহাসাগরের ক্যারিবিয়ান অঞ্চলের দ্বীপগুলোর নাম হয়ে যায় পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ (West Indies)। এরপর আরোও ৩ বার কলম্বাস তাঁর আবিষ্কৃত স্থানে ব্যবসায়ী, ধর্ম প্রচারক ও উপনিবেশকারীদেরকে নিয়ে এসেছিলেন। স্বর্ণ, মসলা অথবা সিল্কের কোনো সন্ধান তারা পেলেন না। যে অদ্ভুত মানুষের সঙ্গে তিনি মিশেছেন আসলে তারা ছিল আদিম ক্যারিব, সুসভ্য ভারতীয় নয়। তারপরও কলম্বাস তাদেরকে ইন্ডিয়ান বা ভারতীয় বলতেন। আর এই ভাবে আমেরিকার আদিম অধিবাসীরা ইন্ডিয়ান নামে অভিহিত হতে থাকে। কলম্বাসের ভুল প্রথম ধরিয়ে দেন আরেক ইতালীয় নাবিক আমেরিগো ভেসপুচি। ইসাবেলা এবং ফার্দিনান্দের সহায়তায় আরো কয়েকটি অভিযান পরিচালিত হয়। শীঘ্রই আমেরিকার মূল ভূখণ্ড এবং দ্বীপসমূহ আবিষ্কৃত হয়। সবার কাছে প্রতিভাত হয় যে, একটা নতুন পৃথিবী আবিষ্কৃত হয়েছে। ১৫০৩ সালে আমেরিগো ভেসপুচি নামে এক ইতালীয় নাবিক একটি চিঠিতে দাবি করেন যে, তিনি এক নতুন পৃথিবী আবিষ্কার করেছেন। তাঁর নামানুসারেই মহাদেশটির নামকরণ করা হয় আমেরিকা মহাদেশ।




। আমেরিকা মহাদেশ আবিষ্কার (ইনসেটে ইতালীয় নাবিক ক্রিস্টোফার কলম্বাস)

১৫১৩ সালে ব্যালবোয়া নামে স্পেনের একজন নাবিক প্রশান্ত মহাসাগর আবিষ্কার করেন। তিনি দাবি করলেন যে, ইউরোপ থেকে পূর্ব এশিয়ায় যেতে হলে একটা নয় বরং দু'দুটো মহাসাগর (আটলান্টিক ও প্রশান্ত মহাসাগর) পাড়ি দিতে হবে। ইসাবেলা ও ফার্দিনান্দের দৌহিত্র রাজা চার্লস পর্তুগিজ নাবিক ম্যাগেল্লানকে নিয়োগ করেন যে দক্ষিণ আমেরিকা ঘুরে এশিয়ায় পৌছা যায় কিনা তা দেখার জন্য। ১৫১৯ খ্রিষ্টাব্দে ম্যাগেলান আটলান্টিক মহাসাগর পাড়ি দিয়ে দক্ষিণ আমেরিকা ঘুরে প্রশান্ত মহাসাগর অতিক্রম করে ফিলিপাইন দ্বীপপুঞ্জে পৌছেন। ম্যাগেলান স্থানীয় অধিবাসীদের সঙ্গে যুদ্ধে নিহত হন। কিন্তু তাঁর একটি জাহাজ পর্তুগিজদের আবিষ্কৃত রাস্তায় ভারত মহাসাগর এবং উত্তমাশা অন্তরীপ ঘুরে ১৫২২ খ্রিষ্টাব্দে স্পেনে পৌছে। এই প্রথম জাহাজে করে পৃথিবী পরিক্রমণ ঘটে।

Scanned with CamScanner




### গ) ব্রিটেনের আবিষ্কার

ব্রিটিশ রাজকীয় নৌবাহিনীর ক্যাপ্টেন জেমস কুক ১৭৭০ খ্রিষ্টাব্দে অস্ট্রেলিয়ার সিডনির বোটানি উপসাগর (Botany Bay) এ অবতরণ করেন। তিনিই প্রথম ইউরোপীয় হিসেবে অস্ট্রেলিয়ার পূর্ব উপকূলে অবতরণ করেন। 'অস্ট্রেলিয়া' (ল্যাটিন শব্দ) অর্থ এশিয়ার দক্ষিণাঞ্চল। এটি বিষুবরেখার দক্ষিণে সম্পূর্ণরূপে দক্ষিণ গোলার্ধে অবস্থিত। অবস্থানগত কারণে মানচিত্রে মহাদেশটির অবস্থান নিচে হওয়ায় প্রাচীন অভিযাত্রীকদের অনেকেই 'অস্ট্রেলিয়া'কে 'down under' নামে ডাকতেন।




অস্ট্রেলিয়া মহাদেশ আবিষ্কার (ইনসেটে ব্রিটিশ নাবিক জেমস কুক)

মধ্যযুগের মানুষের ধারণা ছিল যে, পৃথিবী ভূমধ্যসাগরকেন্দ্রিক। এশিয়া, আফ্রিকা এবং ইউরোপ মহাদেশ নিয়েই হলো পৃথিবী। ষোড়শ শতাব্দীতে ইউরোপের নেতৃত্বে ভৌগোলিক আবিষ্কারের ফলে পৃথিবীর চেহারাটাই পালটে গেলো। এই আবিষ্কারের ফলে ইউরোপীয় ক্ষমতা ও নিয়ন্ত্রণের অধীন হয়ে পড়ল সারা পৃথিবী। পশ্চিম ইউরোপের দেশগুলি নব আবিষ্কৃত অঞ্চলসমূহ দখল করে তাদের উপনিবেশ স্থাপন করে।

Scanned with CamScanner

## MCQ Solution



১. 'উত্তমাশা' হলো একটি- [ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. ফিল্ড অফিসার: ২২]
ⓚ হ্রদ ⓦ অন্তরীপ
ⓖ দ্বীপ ⓖ নাটক
উত্তর: খ

২. উত্তমাশা অন্তরীপ কোন মহাদেশে অবস্থিত? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ⓚ এশিয়া ⓦ দক্ষিণ আমেরিকা
ⓖ আফ্রিকা ⓖ অস্ট্রেলিয়া
উত্তর: গ

৩. উত্তমাশা অন্তরীপ (Cape of Good Hope) কোন দেশে অবস্থিত? [ববি (ঘ ইউনিট): ১৪-১৫]
ⓚ ভারত ⓦ দক্ষিণ আফ্রিকা
ⓖ ইয়েমেন ⓖ কেনিয়া
উত্তর: খ

৪. কবে ইউরোপ হতে আফ্রিকার উত্তমাশা অন্তরীপ হয়ে সমুদ্রপথে পূর্বদিকে আসার জলপথ আবিষ্কৃত হয়? [প্রাথমিক সহকারী শিক্ষক: ১০]
ⓚ ১৪৮৭ সালে ⓦ ১৪৯০ সালে
ⓖ ১৪৯৮ সালে ⓖ ১৫০২ সালে
উত্তর: ক

৫. কোন সালে ইউরোপ হতে ভারতে আসার জলপথ আবিষ্কৃত হয়েছে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হৈমন্তী): ১০]
ⓚ ১৪৯৮ সালে ⓦ ১৪৯২ সালে
ⓖ ১৫১৭ সালে ⓖ ১৬৪৮ সালে
উত্তর: ক

৬. কারা সর্বপ্রথম ভারতে আসার সমুদ্র পথ আবিষ্কার করেন? [রাবি (চ ইউনিট): ১৩-১৪]
ⓚ ওলন্দাজ ⓦ ব্রিটিশ
ⓖ পর্তুগিজ ⓖ ফরাসি
উত্তর: গ

৭. পর্তুগিজ নাবিক ভাস্কো ডা গামা কত সালে ভারতে পৌঁছেন? [ঢাবি (সি ইউনিট): ১৬-১৭]
ⓚ ১৪৫৩ সালে ⓦ ১৪৭৬ সালে
ⓖ ১৪৯২ সালে ⓖ ১৪৯৮ সালে
উত্তর: ঘ

৮. কোন ইউরোপীয় ভারতে আসার জলপথ আবিষ্কার করেন? [IBBL ফিল্ড অফিসার: ২২] *Or,*
**Who discovered the ocean route from Europe to Indian Subcontinent?** [NCC Bank Ltd. Officer: 02]
ⓚ ফ্রান্সিস ড্রেক ⓦ ফার্ডিন্যান্ড ম্যাগেলান
ⓖ ভাস্কো ডা গামা ⓖ ক্রিস্টোফার কলম্বাস
উত্তর: গ

৯. ভাস্কো-ডা-গামা ছিলেন- [ঢাবি (ক ইউনিট): ১৩-১৪]
ⓚ পর্তুগিজ ⓦ ফরাসি
ⓖ ওলন্দাজ ⓖ ব্রিটিশ
উত্তর: ক

১০. ভাস্কো ডা গামা ভারতে প্রথম অবতরণ করেন - [ঢাবি (সি-১ ইউনিট): ১৫-১৬]
ⓚ গোয়া বন্দরে ⓦ কালিকট বন্দরে
ⓖ চট্টগ্রাম বন্দরে ⓖ কোচিন বন্দরে
উত্তর: খ

১১. **The Italian explorer who is said to have discovered America is:** [Bangladesh Bank Asst. Director: 14]
ⓐ Da Vinci ⓑ Cortez
ⓒ Caravaggio ⓓ Columbus
Ans. d

১২. ক্রিস্টোফার কলম্বাস কোন দেশের নাবিক ছিলেন? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী: ২৩]
ⓚ ইংল্যান্ড ⓦ ফ্রান্স
ⓖ পর্তুগাল ⓖ ইতালি
উত্তর: ঘ

১৩. **Canary island** কোন দেশের ভূখণ্ড - [BJS অফিস সহকারী: ২২]
উত্তর: স্পেন।

১৪. কোন বছর আমেরিকা আবিষ্কৃত হয়? [শ্রম অধিদপ্তর রেজিস্ট্রার: ০০]
অথবা,
কলম্বাস আমেরিকা আবিষ্কার করেন কোন সালে? [রাবি (ক ইউনিট): ১৩-১৪]
ⓚ ১৪৮৭ ⓦ ১৪৫৮
ⓖ ১৫৫৭ ⓖ ১৪৯২
উত্তর: ঘ

১৫. 'ওয়েস্ট ইন্ডিজ' কী? [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা: ০৩]
ⓚ একটি দেশের নাম ⓦ একটি ক্রিকেট দলের নাম
ⓖ একটি দ্বীপ সমষ্টির নাম
ⓖ ভারতের একটি দ্বীপের নাম
উত্তর: গ

১৬. 'ওয়েস্ট ইন্ডিজ' নামকরণ করেন কে? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিকেল অফিসার: ০৩]
ⓚ ফন গ্যাটে ⓦ ক্রিস্টোফার কলম্বাস
ⓖ জর্জ বার্নাড শ ⓖ নোগুচি
উত্তর: খ

১৭. কলম্বাস ভুলক্রমে আবিষ্কার করেন- [রাবি (ঃ ইউনিট ): ১৩-১৪]
ⓚ আমেরিকা ⓦ ভারত
ⓖ ওয়েস্ট ইন্ডিজ ⓖ ইন্দোনেশিয়া
উত্তর: ক

১৮. রেড ইন্ডিয়ান কারা? [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপসহকারী পরিচালক: ১৭]
ⓚ ইন্ডিয়ার আদি আধিবাসী
ⓦ আমেরিকায় আগত ভারতবাসী
ⓖ আমেরিকার আদি অধিবাসী
ⓖ সব কয়টি
উত্তর: গ

১৯. জেমস কুক ছিলেন একজন বিখ্যাত - [ইবি (বি ইউনিট): ০৬-০৭]
ⓚ পরিব্রাজক ⓦ রাজা
ⓖ নাবিক ⓖ যোদ্ধা
উত্তর: গ

২০. **Where in Australia did Captain Cook land?** [Bangladesh Bank Assistant Director: 14]
ⓐ Botany Bay
ⓑ Moreton Bay
ⓒ Great Barrier Reef
ⓓ Great Australian Bight
Ans. a

২১. 'অস্ট্রেলিয়া' শব্দের অর্থ কী? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিকেল অফিসার : ০৩]
ⓚ এশিয়ার উত্তরাঞ্চল ⓦ ইউরোপের পশ্চিমাঞ্চল
ⓖ ইউরোপের পূর্বাঞ্চল ⓖ এশিয়ার দক্ষিণাঞ্চল
উত্তর: ঘ

২২. **Which country is referred to as "down under"?** [Pubali Bank Ltd. Probationary Officer : 23]
ⓐ Australia ⓑ England
ⓒ USA ⓓ Japan
Ans. a

Scanned with CamScanner

## ল্যাটিন আমেরিকায় ইউরোপীয় উপনিবেশ

আটলান্টিক ও প্রশান্ত মহাসাগর দ্বারা বিচ্ছিন্ন আমেরিকায় গড়ে উঠেছিলো মায়া, আজটেক এবং ইনকাদের দ্বারা পুরাতন সভ্যতা। মায়া সভ্যতা গড়ে উঠেছিলো মধ্য আমেরিকার মেক্সিকো, গুয়েতেমালা, বেলিজ, হন্ডুরাস এবং এলসালভাদরের পশ্চিমাংশে। মায়া ক্যালেন্ডার 'হাব' অনুযায়ী ২০ দিনে মাস এবং ১৮ মাসে বছর গণনা করা হতো। ১৫১৯-২১ সালে হারনান্দো কর্তেজ নামক একজন কনকুইস্তাদোর (স্পেনীয় ভাষায় Conquistadores মানে অভিযানকারী) ৬০০ লোক, ৭টি কামান এবং ১৩টি ঘোড়া নিয়ে আজটেক সাম্রাজ্য মেক্সিকো আক্রমণ করে। আজটেকরা কামান বা ঘোড়া ইতিপূর্বে দেখে নি। তারা ভয় পেয়ে যায়। এক মিলিয়ন আজটেক খুব সহজে পরাজিত হয় এবং কর্তেজ তাদের জমানো সমস্ত সম্পদ লুণ্ঠন করে নিয়ে যায়। ইনকা সম্রাটগণ পেরুতে তাদের বাসস্থান হিসাবে মাচু-পিচু নগরী গড়ে তুলেছিল। ১৫৩৩ খ্রিষ্টাব্দে আরেক কনকুইসটাডোর ফ্রান্সিসকো পিজারো ১৮০ আশি জন যোদ্ধা দিয়ে ইনকাদের সাম্রাজ্য আক্রমণ করে পেরু অধিকার করে নেয়। ইনকা সভ্যতার ব্যাপ্তিকাল ছিল ১৪৩৮-১৫৩৩ খ্রি.।

### MCQ Solution

১. **মায়া সভ্যতাটি আবিষ্কৃত হয়–** [৪৩তম বিসিএস]
ক উত্তর আমেরিকায় খ দক্ষিণ আমেরিকায়
গ মধ্য আফ্রিকায় ঘ মধ্য আমেরিকায় **উত্তর: ঘ**

২. **মায়া সভ্যতা বিশ্বের কোন অঞ্চলে বিরাজমান ছিল?** [৩৯তম বিসিএস (বিশেষ)]
ক মধ্য আমেরিকা খ মধ্য প্রাচ্য
গ পূর্ব আফ্রিকা ঘ পূর্ব এশিয়া **উত্তর: ক**

৩. **মায়া সভ্যতার নিদর্শন পাওয়া যায় কোথায়?** [জাবি (বাংলা বিভাগ) : ০৯-১০]
ক জাপান খ মেক্সিকো
গ জার্মানি ঘ ইতালি **উত্তর: খ**

৪. **মায়া সভ্যতার ক্যালেন্ডার 'হাব'- এর বছর গণনার ধরন কেমন ছিল?** [জবি (সি২ ইউনিট): ১৫-১৬]
ক ১৫ দিনে মাস, ২২ মাসে বছর
খ ২০ দিনে মাস, ১৮ মাসে বছর
গ ২৫ দিনে মাস, ১৪ মাসে বছর
ঘ ২৮ দিনে মাস, ১৩ মাসে বছর **উত্তর: খ**

৫. **মেক্সিকোকে কেন্দ্র করে গড়ে ওঠা একটি প্রাচীন সভ্যতার নাম -** [জবি (ক ইউনিট) : ১৬-১৭]
ক আকসুম খ আজটেক
গ ভাইকিং ঘ মেসোপোটেমীয় **উত্তর: খ**

৬. **ইনকা সভ্যতা কোন অঞ্চলে বিরাজমান ছিল?** [৪১তম বিসিএস]
ক দক্ষিণ আমেরিকা খ আফ্রিকা
গ মধ্যপ্রাচ্য ঘ ইউরোপ **উত্তর: ক**

৭. **'ইনকা' সভ্যতার বিকাশ ঘটে কোন অঞ্চলে?** [মাউশি ক্যাশিয়ার: ২১]
ক জেরুজালেম খ পেরু
গ রোম ঘ মিশর **উত্তর: খ**

৮. **ইনকা সভ্যতার ধ্বংসাবশেষ পাওয়া গেছে–** [জবি (খ ইউনিট) : ১৭-১৮]
ক ব্রাজিলে খ ভেনিজুয়েলায়
গ পেরুতে ঘ বলিভিয়ায় **উত্তর: গ**

৯. **নতুন সপ্তাশ্চর্য 'মাচুপিচু' কোন সভ্যতার নিদর্শন?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এর সহকারী পরিচালক: ২০]
ক ইনকা খ আজটেক
গ মায়া ঘ ব্যাবিলন **উত্তর: ক**

১০. **বিশ্ব ঐতিহ্য মাচুপিচু কোথায় অবস্থিত?** [জাবি (সি১ ইউনিট):১৫-১৬]
ক বতসোয়ানা খ মঙ্গোলিয়া
গ কম্পুচিয়া ঘ পেরু **উত্তর: ঘ**

১১. **ইনকা সভ্যতার ব্যাপ্তিকাল ছিল–** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ক ১৪৩৫ থেকে ১৫৩৫ খ্রিষ্টাব্দ
খ ১৫৪৬ থেকে ১৫৩৯ খ্রিষ্টাব্দ
গ ১৪৩৮ থেকে ১৫৩৩ খ্রিষ্টাব্দ
ঘ ১৪৩০ থেকে ১৫৩০ খ্রিষ্টাব্দ **উত্তর: গ**

## লাতিন ভাষা

লাতিন ভাষা ভ্যাটিকান সিটির সরকারি ভাষা। লাতিন ভাষা থেকে উদ্ভূত রোমানস ভাষাভাষী উত্তর ও দক্ষিণ আমেরিকা মহাদেশের দেশসমূহ সম্মিলিতভাবে লাতিন আমেরিকা নামে পরিচিত। রোমানস ভাষাসমূহ বলতে মূলত স্প্যানিস, পর্তুগিজ ও ফ্রেঞ্চ ভাষাকে বোঝায়। লাতিন আমেরিকার দেশ ২০টি। যথা-

| লাতিন ভাষা | লাতিন আমেরিকার দেশ |
|---|---|
| স্প্যানিস | আর্জেন্টিনা, মেক্সিকো, ইকুয়েডর, চিলি, বলিভিয়া, প্যারাগুয়ে, কিউবা, কলম্বিয়া, উরুগুয়ে, নিকারাগুয়া, এল সালভেদর, ডোমিনিকান প্রজাতন্ত্র, পেরু, হন্ডুরাস, গুয়েতেমালা, কোস্টারিকা, ভেনিজুয়েলা এবং পানামা। |
| পর্তুগিজ | ব্রাজিল |
| ফ্রেঞ্চ | হাইতি |

- ১৮২২ সালে ব্রাজিল পর্তুগালের নিকট থেকে স্বাধীনতা লাভ করে।
- মোনাকো, লুক্সেমবার্গ, কানাডার কুইবেক প্রভৃতি অঞ্চলের ভাষা ফ্রেঞ্চ।
- ইংরেজি ভাষা ল্যাটিন ভাষা থেকে সবচেয়ে বেশি শব্দ গ্রহণ করেছে।

### MCQ Solution

১. **ভ্যাটিকান সিটির ভাষা কোনটি?** [রাবি (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান): ০৭-০৮]
ক ল্যাটিন খ স্প্যানিশ
গ ফারসি ঘ গ্রিক **উত্তর: ক**

২. **কোনটি লাতিন আমেরিকার দেশ?** [BRTC কন্ডাক্টর -ডি: ২৪]
ক কানাডা খ কলম্বিয়া
গ কাতার ঘ জাপান **উত্তর: খ**

৩. **কোন দেশটি ল্যাটিন আমেরিকার অন্তর্ভুক্ত নয়?** [২৫তম বিসিএস]
ক ব্রাজিল খ আর্জেন্টিনা
গ পেরু ঘ পানামা **উত্তর:**

**ব্যাখ্যা:** চারটি দেশই ল্যাটিন আমেরিকার অন্তর্ভুক্ত।

Scanned with CamScanner

৪. কিউবার প্রধান ভাষা - [রবি (বি ইউনিট): ১৮-১৯]
ক) ইংরেজি খ) ম্যান্ডারিন
গ) ফারসি ঘ) স্প্যানিশ
উত্তর: ঘ

৫. ব্রাজিলের রাষ্ট্রীয় (অফিসিয়াল) ভাষা কী? [NPORT কর্মকর্তা: ২০]
ক) পর্তুগিজ খ) গ্রিক
গ) ডাচ ঘ) ইংরেজি
উত্তর: ক

৬. ব্রাজিল পূর্বে কোন দেশের উপনিবেশ ছিল? [রবি (খ ইউনিট): ১৬-১৭]
ক) স্পেন খ) ফ্রান্স
গ) পর্তুগাল ঘ) গ্রেট ব্রিটেন
উত্তর: গ

৭. The state language of Monaco is- [Bangladesh Krishi Bank Senior Officer: 12]
a) English b) French
c) Italian d) Spanish
Ans. b

৮. কানাডার ফরাসিভাষী জনগোষ্ঠী কোন অঙ্গ রাজ্যে সর্বাধিক বাস করে? [৩০তম বিসিএস]
ক) অন্টারিও খ) কুইবেক
গ) ম্যানিটোবা ঘ) নোভাস্কোশিয়া
উত্তর: খ

৯. English as a language borrows the highest percentage of words from which one of the following language? [UCBL MTO: 13]
a) Latin b) Greek
c) French d) German
Ans. a

## বৈজ্ঞানিক আবিষ্কার ও প্রযুক্তির উন্নতি

পঞ্চদশ শতকে ইউরোপে যে নব জাগরণের সূত্রপাত হয় তখন থেকে নতুন করে শুরু হয় বিজ্ঞান চর্চা। বলা যেতে পারে এই সময় থেকে শুরু হয় আধুনিক বিজ্ঞান অনুশীলন, অধ্যয়ন এবং গবেষণা। যে কাঁজন বিজ্ঞানী এই যুগের বিজ্ঞান চর্চার গোড়াপত্তন করেন, তাদের বিবরণ নিম্নে প্রদত্ত হলো -

**জোহানেস গুটেনবার্গ** (১৪০০ - ১৪৬৮ খ্রি.): জার্মানির গুটেনবার্গ আধুনিক টাইপ আবিষ্কার করেন। এই আবিষ্কার মুদ্রণ শিল্পের জগতে এক ব্যাপক পরিবর্তন আনয়ন করে। গুটেনবার্গের মুদ্রণ যন্ত্র দ্বারা ১৪৫৪-৫৫ সালে প্রথম বাইবেল মুদ্রিত হয়। গুটেনবার্গের আবিষ্কারের ফলে বাইবেল সাধারণ মানুষের কাছে পৌঁছে যায়। ১৪৭৬ সালে গুটেনবার্গের আবিষ্কারটি ইংল্যান্ডে নিয়ে এসেছিলেন উইলিয়াম ক্যাক্সটন নামে একজন ইংরেজ। তিনি ছিলেন ইংল্যান্ডে মুদ্রণযন্ত্র প্রবর্তনকারী প্রথম ব্যক্তি।

**নিকোলাস কপারনিকাস** (১৪৭৩-১৫৪৩ খ্রি.) কে আধুনিক জ্যোতির্বিজ্ঞানের স্থপতি (founder of modern astronomy) বলা হয়। মধ্যযুগের ইউরোপে এই মতই প্রচলিত ছিল যে, পৃথিবী কে কেন্দ্র করে সূর্য ও অন্যান্য গ্রহ নক্ষত্র আবর্তিত হচ্ছে। কপারনিকাস ইউরোপবাসীর এই ধারণা ভুল প্রমাণ করেন। তিনি আবিষ্কার করেন যে, পৃথিবী সূর্যকে প্রতিনিয়ত প্রদক্ষিণ করে চলছে। প্রাচীন গ্রিক বিজ্ঞানীদেরও এই ধারণা হয়েছিল। খ্রিষ্টপূর্ব তৃতীয় অব্দে গ্রিক জ্যোতির্বিদ আরিস্টার্কাস প্রথম প্রচার করেন, পৃথিবী সূর্যের চারদিকে পরিভ্রমণ করিতেছে কিন্তু আরিস্টার্কাস এর কথাও মানুষ বিশ্বাস করেনি। কোপার্নিকাস তাঁর মতবাদটি প্রমাণ করে যেতে পারেন নি।

**গ্যালিলিও** (১৫৬৪ - ১৬৪২ খ্রি.) ছিলেন একজন ইতালীয় পদার্থবিদ, জ্যোতির্বিদ এবং গণিতবিদ। তাঁকে আধুনিক বিজ্ঞানের জনক বলা হয়। দূরবীক্ষণ যন্ত্রের উন্নয়নের মাধ্যমে তিনি জ্যোতির্বিজ্ঞানের উন্নতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখেন। তিনি কোপার্নিকাসের মতবাদটি সঠিক বলে প্রমাণ করেন। সূর্যকেন্দ্রিক সৌরজগতের সমর্থক হওয়ার কারণে গ্যালিলিও চার্চের কোপানলে পড়েছিলেন এবং শেষ জীবনে তাঁকে গৃহবন্দী হয়ে কাটাতে হয়।

## MCQ Solution

১. ছাপাযন্ত্র আবিষ্কার করেন কে? [জবি (গ ইউনিট): ১২-১৩]
ক) লুইস মরিস মররাত খ) জোহানেস গুটেনবার্গ
গ) লিং ডাইনেস্টি ঘ) দ্য ইংলিশম্যান
উত্তর: খ

২. আধুনিক মুদ্রণ পদ্ধতির জনক এর নাম কী? [জবি (D-1 ইউনিট): ২৩-২৪]
ক) জোহানেস গুটেনবার্গ খ) আগাস্টাস হিকি
গ) চার্লস ব্যাবেজ ঘ) উইলিয়াম কেরি
উত্তর: ক

৩. The first attempt in printing was made in England by - [Rupali Bank Ltd. Senior Officer: 19]
a) James Watt b) James Arkwright
c) Isaac Newton d) William Caxton
Ans. d

৪. সূর্য সৌরজগতের কেন্দ্রে অবস্থিত এবং পৃথিবী সূর্যের চতুর্দিকে পরিভ্রমণ করিতেছে- এই তত্ত্ব দিয়েছিলেন কে? [রাবি (বি-ইউনিট) : ২৪-২৫ /জাতীয় সংসদ সচিবালয়ের অধীন সহকারী সচিব: ১৬]
ক) গ্যালিলিও খ) কেপলার
গ) কোপার্নিকাস ঘ) টাইকো ব্রাহে
উত্তর: গ

৫. গ্যালিলিও কোন দেশে জন্মগ্রহণ করেন? [NPORT'র কর্মকর্তা : ২৩]
উত্তর: ইতালি।

৬. পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে -এ মতবাদ প্রথম প্রমাণ করেন - [বাখরাবাদ গ্যাস সিস্টেম লিমিটেডের সহকারী কর্মকর্তা: ০৬]
ক) গ্যালিলিও খ) হ্যানিম্যান
গ) কোপার্নিকাস ঘ) লুইপাস্তুর
উত্তর: ক

৭. ইতালীয় জ্যোতির্বিদ গ্যালিলিও - [রাবি (বিং অনুষদ): ১৫-১৬]
ক) টেলিস্কোপের উন্নয়ন সাধন করেন
খ) বৃহস্পতি গ্রহের চারটি উপগ্রহ আবিষ্কার করেন
গ) দোলকের দোলনের সাথে সময় পরিমাপের সম্পৃক্ততা আবিষ্কার করেন
ঘ) উপরের সবকটি
উত্তর: ঘ

## কৃষি বিপ্লব (Agricutural Revolution)

অষ্টাদশ শতাব্দীতে উন্নত চাষাবাদের যন্ত্রপাতি ও চাষাবাদ কৌশল আবিষ্কারের মাধ্যমে ব্রিটিশরা খাদ্য উৎপাদনে উৎকর্ষ অর্জন করে। এটি 'ব্রিটিশ কৃষি বিপ্লব' নামে পরিচিত। ব্রিটেনে কৃষি বিপ্লবের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত ছিল শিল্প বিপ্লব।

Scanned with CamScanner

## শিল্প বিপ্লব (Industrial Revolution)

আঠারো শতকের শেষার্ধে শিল্পোৎপাদন ক্ষেত্রে ইংল্যান্ডে যে বৈপ্লবিক পরিবর্তন সূচিত হয় সাধারণভাবে তাই শিল্প বিপ্লব নামে পরিচিত। 'শিল্প বিপ্লব' কথাটি প্রথম ব্যবহার করেন ফরাসি সমাজতান্ত্রিক লেখক জেরোমি ব্লাংকি। অধিকাংশ ঐতিহাসিকের মতে শিল্প বিপ্লব শুরু হয় ১৭৬০ এবং চূড়ান্ত পরিণতি লাভ করে ১৮৪০ সালে। ১৭৬৯ সালে স্কটিশ প্রকৌশলী জেমস ওয়াট বাষ্পীয় ইঞ্জিন (Steam engine) আবিষ্কার করেন। বাষ্প চালিত যন্ত্রের ব্যবহারের ফলে বড় বড় ফ্যাক্টরি গড়ে উঠে এবং শিল্পোৎপাদনের হার বৃদ্ধি পায়। শিল্প বিপ্লবের পূর্বে ব্রিটেনের সমাজ ছিল সামন্তবাদী। শিল্প বিপ্লব এর ফলে ইংল্যান্ড বিশ্বের প্রথম শিল্পোন্নত রাষ্ট্রে পরিণত হয়। ইংল্যান্ডের শিল্পপণ্য পৃথিবীর সব দেশে রপ্তানি হতো এবং এজন্য ইংল্যান্ডকে বলা হতো "পৃথিবীর কারখানা (Workshop of the world)"। মূলত টেক্সটাইল খাতের বিকাশের মাধ্যমে এ বিপ্লবের সূচনা হয়। উনবিংশ শতাব্দীতে শিল্প বিপ্লব সমগ্র ইউরোপে ছড়িয়ে পড়ে। শিল্প বিপ্লবের ফলে ভারতীয় উপমহাদেশের কুটির শিল্প ধ্বংস হয়।

| শিল্প বিপ্লব | | সূচনাকাল | বৈশিষ্ট্য |
|---|---|---|---|
| প্রথম | | ১৭৮৪ | বাষ্পশক্তি, যান্ত্রিকীকরণ |
| দ্বিতীয় | | ১৮৭০ | শক্তির নতুন উৎস উদ্ভাবন (বিদ্যুৎ শক্তি, তেল, গ্যাস), ইস্পাত উৎপাদন, রেলপথ, মোটরগাড়ি. উড়োজাহাজ, টেলিগ্রাফ, টেলিফোন |
| তৃতীয় | | ১৯৬৯ | পারমাণবিক শক্তির ব্যবহার, কম্পিউটার, ইন্টারনেট, অটোমেশন, ইলেকট্রনিক্স |
| চতুর্থ | | একবিংশ শতাব্দীর শুরুতে | সাইবার ফিজিক্যাল সিস্টেম, ইন্টারনেট অব থিঙ্কস (IoT), কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবোটিক্স, থ্রিডি প্রিন্টিং, জেনেটিক ইঞ্জিনিয়ারিং, ব্লক চেইন |

## MCQ Solution

১. **ব্রিটিশ কৃষি বিপ্লব কখন সংঘটিত হয়েছিল?** [৪২তম বিসিএস (বিশেষ)]
ⓚ উনবিংশ শতাব্দীতে ⓛ অষ্টাদশ শতাব্দীতে
ⓖ ষোড়শ শতাব্দীতে ⓓ চতুর্দশ শতাব্দীতে **উত্তর: খ**

২. **ইউরোপে শিল্প বিপ্লব সংঘটিত হয় কোন শতাব্দীতে?** [বেবিচক এর এরোড্রাম ফায়ার লীডার: ২১]
ⓚ বিংশ ⓛ উনবিংশ
ⓖ অষ্টাদশ ⓓ সপ্তদশ **উত্তর: গ**

৩. **শিল্প বিপ্লব কখন হয়েছিল?** [ববি (খ ইউনিট): ১৬-১৭]
ⓚ ১৯০০ - ১৯৫০ খ্রি. ⓛ ১৭৬০ - ১৮৩০ খ্রি.
ⓖ ১৮৫০ - ১৯২০ খ্রি. ⓓ ১৫৬০ - ১৭২৯ খ্রি.
**উত্তর: খ**

৪. **শিল্প বিপ্লব সংঘটিত হয় কত শতাব্দীতে?** [BREB এর সহকারী জেনারেল ম্যানেজার (হিসাব/রাজস্ব) : ২৪]
ⓚ ষষ্ঠদশ ⓛ সপ্তদশ
ⓖ অষ্টাদশ ⓓ উনবিংশ **উত্তর: গ**

৫. **শিল্প বিপ্লব (Industrial Revolution) কোন দেশে প্রথম শুরু হয়?** [চবি (ডি) উপ-ইউনিট) : ২৪-২৫]
ⓚ ইংল্যান্ড ⓛ জার্মানি
ⓖ যুক্তরাষ্ট্র ⓓ ফ্রান্স **উত্তর: ক**

৬. **বাষ্পীয় ইঞ্জিনের আবিষ্কারক কে?** [১০তম নিবন্ধন ও প্রত্যয়ন (স্কুল-২) : ১৪]
ⓚ নিউটন ⓛ জেমস ওয়াট
ⓖ কেপলার ⓓ হাইগেন **উত্তর: খ**

৭. **'Workshop of the World' বলা হতো** - [জবি (সি ইউনিট): ১৫-১৬]
ⓚ ব্রিটেনকে ⓛ ফ্রান্সকে
ⓖ জার্মানিকে ⓓ রাশিয়াকে **উত্তর: ক**

৮. **'শিল্প বিপ্লব' শব্দটি প্রথম ব্যবহার করেন**- [রাবি (এ ইউনিট): ১৭-১৮]
ⓚ ফরাসি কূটনীতিক ⓛ জার্মান দার্শনিক
ⓖ ইংরেজি লেখক ⓓ রুশ রাজনীতিক **উত্তর: ক**

৯. **শিল্প বিপ্লবের পূর্বে ব্রিটেনের সমাজ ছিল**- [জাবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ⓚ রক্ষণশীল ⓛ সামন্তবাদী
ⓖ সাম্যবাদী ⓓ পুঁজিবাদী **উত্তর: খ**

১০. **ইংল্যান্ডের শিল্প বিপ্লবের ফলে উপমহাদেশের কোন শিল্পের ধ্বংস হয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ⓚ বস্ত্র শিল্প ⓛ কুটির শিল্প
ⓖ কাগজ শিল্প ⓓ পাট শিল্প **উত্তর: খ**

১১. **বিদ্যুৎ আবিষ্কারের সঙ্গে কোন বিপ্লবের সম্পর্ক আছে?** [রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড উপ-সহকারী প্রকৌশলী : ২৫]
ⓚ প্রথম ⓛ দ্বিতীয়
ⓖ তৃতীয় ⓓ চতুর্থ **উত্তর: খ**

১২. **ইন্টারনেট কোন শিল্প বিপ্লব যুগের আবিষ্কার?** [পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লি. এর টেকনিশিয়ান : ২৩]
ⓚ শিল্প বিপ্লব-০১ ⓛ শিল্প বিপ্লব-০২
ⓖ শিল্প বিপ্লব-০৩ ⓓ শিল্প বিপ্লব-০৪ **উত্তর: গ**

Scanned with CamScanner